স ইতি। বীব উৎসাহী, বীর্য্যবান্ দৈহিকবলশালী। সন্নিপাতেন যুদ্দমংঘর্ষে। কবে কবগ্রহণযোগ্যভাষাম, এনং কিম্পুক্ষদেশম্, স্তবেশ্যৎ স্থাপিতবান্ ॥১—২॥

তমিতি। গুহুকবক্ষিতং যক্ষপালিতম্। পাকশাসনিবিদ্রপুত্রা, অব্যগ্রাঃ অনাকুলঃ ॥।॥
তানিতি। সান্ধেন সামবাদেন। ঋষিকুল্যা ঋষিনির্মিতাঃ কুদ্রিসাঃ কুদ্রসবিতঃ ॥।॥
সব ইতি। হাটকান্ অভিতো হাটকদেশসন্নিহিতম্, প্রভুঃ প্রভাবশালী ॥৫॥

বৈশস্পায়ন বলিলেন —উৎসাহী ও দৈহিকবলশালী পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন কৈলাস-পর্বত অতিক্রমপূর্বক ক্ষত্রিয়নাশক গুকতব যুদ্ধ কবিয়া ক্রমপুত্রবক্ষিত কিন্নবদেশ জ্বয় কবিলেন এবং তথা হইতে কব গ্রহণ কবিলেন ॥১—২॥

ইন্দ্ৰনন্দন অৰ্জ্জ্ন কিন্নবদেশ জয় কবিষা সৈন্তগণেৰ সহিত স্থস্থভাবে যক্ষৰক্ষিত হাটকদেশে যাইয়া উপস্থিত হইলেন ॥৩॥

তিনি শাস্তবাক্যে সেই দেশীয় লোকগুলিকে বশীভূত কবিয়া উত্তম মানসদবোবৰ এবং ঋষিগণেৰ কৃত্ৰিম ক্ষুদ্ৰ কুল্ৰ নদীগুলি দৰ্শন কবিলেন ॥৪॥

তাহাব পব, অর্জুন মানদদবোবৰ অতিক্রম কবিয়া হাটকদেশেব নিক্টবর্ত্তী গন্ধর্বদেশ জয় কবিলেন ॥৫॥

⁽৩) • সহসৈন্তঃ সমাসদং। (৫) • বাজ্বৎ পাণ্ড্নন্দনঃ। (৬) মণ্ড্কাখ্যান্। কবমত্যৰ্থম্ ।

উত্তবে হবিবর্ষস্ক স সমাসাগ্য পাশুবঃ।
ইয়েষ জেকুং তং দেশং পাকশাসননদনঃ॥৭॥
তত এনং মহাবীর্য্যা মহাকায়া মহাবলাঃ।
দ্বাবপালাঃ সমাসাগ্য হাকা বচনমক্রবন্॥৮॥
পার্থ। নেদং ত্ববা শক্যং পুবং জেকুং কথঞ্চন।
উপাবর্ত্তম্ব কল্যাণ! পর্য্যাপ্তমিদমচ্যুত।॥৯॥
ইদং পুবং ষঃ প্রবিশেদ্ধ্রুবং ন স ভবেন্নবঃ।
প্রীযামহে ত্ব্যা বীব। পর্য্যাপ্তো বিজ্বযন্তব ॥১০॥
ন চাপি কিঞ্চিজ্জেতব্যমর্জ্জনাত্র প্রদৃশ্যতে।
উত্তবাঃ কুববো হোতে নাত্র যুদ্ধং প্রবর্ত্তে॥১১॥

ভাৰতকৌমূদী

তত্ত্বেতি। তিভিত্তিকঝাষান্ তিভিত্তিপক্ষিবর্ণান্ কর্ম্বর্ণাংশ্চ, মাণ্ড্কাকান্ ভেকতুল্য-ন্যনান্, হযোদ্তমান্ অখন্তেষ্ঠান্, কবং ক্যমণান্ লেভে ।৬॥

উত্তব ইতি। উত্তবে গ**দ্ধর্বদেশা**ছত্তবস্থাং দিশি স্থিতম্। সমাসাম্ভ প্রাপ্য ॥ ॥
তত ইতি। স্কুটাং, ন পুনর্বিছিষ্টাং, অর্জুনেন কিমপি কর্ছুমুশক্যথাদিতি ভাবং ॥ ॥
পার্থেতি। উপাবর্তম্ব ইত এব নিবর্তম। ইদম্ এতংপর্যন্তাগমনমেব, পর্যাপ্তং মথেষ্টাং
দাতম্। হে অচ্যুত ! স্বধর্মাদন্তই । ॥ »॥

ইদমিতি। ন ভবেৎ ন জীবিতস্কিষ্ঠেৎ। পর্ব্যাপ্তো যথেষ্ট জাতঃ ॥> ॥ নেতি। জেতব্যং ন দৃষ্ঠতে, তেজোমযম্বেনামূর্জ্যাদিত্যাশয়ঃ ॥>>॥

সেখানে থাকিয়া তখন তিনি গন্ধর্কবাজধানী হইতে ডিন্তিবিপক্ষিবর্ণ, কর্কবৃবর্ণ এবং ভেকসদৃশনয়ন উৎকৃষ্ট অশ্ব সকল কবন্ধপে লাভ করিলেন ॥৬॥

তাহাব পব, ইন্দ্রপূত্র অর্জুন গন্ধর্বদেশের উত্তববর্তী হরিবর্বে উপস্থিত হইযা সেই দেশ জয় কবিবাব ইচ্ছা করিলেন ॥৭॥

তাহাৰ পৰ, মহাবীৰ, বিশাল শরীৰ এবং অত্যন্ত বলবান্ কতকগুলি দ্বাৰপাল আসিয়া সম্ভুষ্টভাবে অৰ্চ্জুনকে বলিল—॥৮॥

"কল্যাণভাজন অর্জুন। তুমি কোন প্রকাবেই এই নগব জয় করিতে সমর্থ হইবে না, অতএব নিবৃত্ত হও, এই পর্যান্তই তোমাব পক্ষে যথেষ্ট হইযাছে॥:॥

যে মানুষ এই নগবে প্রবেশ কবে, সে জীবিত থাকে না। বীর! তোমা ছাবা আমবা সম্ভষ্ট হইযাছি, তোমাব জয়লাভ যথেষ্ট হইযাছে ॥১•॥

⁽১০) দাবং স লভতে ন চ- ।

প্রবিষ্টোহপি হি কোন্তেষ। নেহ দ্রক্ষ্যসি কিঞ্চন।
নহি মানুষদেহেন শক্যমত্রাভিবীক্ষিতুম্ ॥১২॥
অথেহ পুরুষব্যান্ত্র! কিঞ্চিদন্তচিচকীর্ষসি।
তমে ক্রহি কবিষ্যামো বচনাত্তব ভাবত।॥১৩॥
ততন্তানত্রবীদ্রাজন্। অর্জ্জুনঃ প্রহসন্নিব।
পার্থিবন্ধং চিকীর্ষামি ধর্মারাজন্ত ধীমতঃ॥১৪॥
ন প্রবেক্ষ্যামি বো দেশং বিরুদ্ধং যদি মানুষেঃ।
যুধিষ্ঠিবায় যৎ কিঞ্চিৎ কবপণ্যং প্রদীয়তাম্॥১৫॥
ততো দিব্যানি বন্ত্রাণি দিব্যান্তাভবণানি চ।
ক্রোমাজিনানি দিব্যানি তন্ত তে প্রদন্তঃ কবম্॥১৬॥

ভাবতকোমুদী

প্রবিষ্ট ইতি। দেবদেহেন তু অভিবীক্ষিত্ব পক্যমেবেত্যভিপ্রায়: ॥১২॥
অথেতি। অন্তদ্মুদ্ধাদিতবৎ, চিকীর্বসি কর্জু মিচ্ছিসি। বচনাদাদেশাৎ ॥১৬॥
তত ইতি। পার্থিবন্ধ সম্রাট্ন্বম্। ধর্ম্মবাজন্ত মুখিষ্টিবন্ত ॥১৪॥
নেতি। বো মুমাকম্। কবরূপং পণ্যং বিনিম্যন্তব্যং ক্বপণ্যম্ ॥১৫॥
তত ইতি। দিব্যানি উৎক্টানি। ক্ষোমাণি পট্টব্সনানি অজিনানি চর্মাণি চ ॥১৬॥
ভাবতভাবদীপঃ

ন ইতি ॥১—৯। ন স ভবেৎ দ্রিয়েতেত্যর্থ: ॥১০—১৫॥ ক্ষ্মা অতসীবিশেষ:। "ক্ষাতসী-নীলিকরো"বিতি মেদিনী। তত্তম্বনিশ্বিতানি কৌমাণ্যজিনানি চ ॥১৬—২১॥

ইতি শ্রীমহাভাবতে সভাপর্কণি নৈলকন্ধীয়ে ভাবতভাবদীপে সপ্তবিংশো৯ধ্যায়: ॥২ १॥

অর্জুন! এই নগবে ভোমাব জেতব্য কিছুই দেখিতেছি না, এটা উত্তবকুকদেশ, এখানে যুদ্ধ হয় না॥১১॥

কুন্তীনন্দন। তুমি এখানে প্রবেশ কবিয়াও কিছুই দেখিতে পাইবে না। কাবণ, কেহই মানুষশবীবে এখানে দেখিতে পাষ না ॥১২॥

পুৰুষশ্ৰেষ্ঠ ! তুমি যদি যুদ্ধ ভিন্ন অন্য কিছু কবিতে ইচ্ছা কব, তবে আমাকে বল, আমরা ভোমাব আদেশে তাহা কবিব" ॥১৩॥

বাজা! তাহাব পব, অর্জুন সহাস্ত বদনে তাহাদিগকে বলিলেন—"আনি এই পৃথিবীতে ধীমান্ যুধিষ্টিবেব সাম্রাক্য স্থাপন কবিতে ইচ্ছা কবি ॥১৪॥

নান্থৰেব পক্ষে যদি বিৰুদ্ধ হয়, তবে আমি আপনাদেব দেশেব ভিতৰে প্ৰবেশ কৰিব না ; আপনাবা যুধিষ্টিবকে যাহা কিছু কব দান ককন" ॥১৫॥

⁽১৩) - তং প্রকৃষ্টি করিয়াম: • । (১৬) - - মুক্রাজিনানি দিব্যানি • ।

এবং স প্রথ্যান্ত্রো বিজিগ্যে দিশমূত্তবাম্।
সংগ্রামান্ স্থবহুন্ কৃত্বা ক্ষত্রিবৈর্দস্যভিঃ সহ ॥১৭॥
স বিনিজ্জিত্য বাজ্ঞন্তান্ কবে চ বিনিবেশ্য তু।
ধনাস্যাদায সর্বেভ্যো বত্নানি বিবিধানি চ ॥১৮॥
হযাংস্তিভিবিকল্যাধান্ শুকপত্রনিভানপি।
ময়্বসদৃশানস্থান্ সর্বাননিলবংহসঃ ॥১৯॥
বৃতঃ স মহতা বাজন্। বলেন চতুবঙ্গিণা।
আজগাম পুনর্বীবঃ শক্রপ্রস্থং পুবোক্তমম্ ॥২০॥ (বিশেষকম্)
ধর্মবাজ্ঞায় তৎ পার্থো ধনং সর্ববং স্বাহ্নম্।
ন্থাবেদযদমুক্তাতক্তেন বাজ্ঞা গৃহান্ ধর্মো॥২১॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং সভাপর্বাণ দিখিজযে অর্জ্জনোত্তবদিখিজযো নাম সপ্তবিংশোহধ্যায়ঃ॥।॥ #

ভাবতকো মূদী

এবমিতি। এবমিখম, স পুক্ষব্যান্তোহজুনঃ। ক্ষত্রিয়ৈদ স্থাভিশ্চ সহ ॥> १॥

স ইতি। কবে করগ্রহণযোগ্যতাযাম্। তিত্তিবিকলাবান্ তিত্তিরিপক্ষিবর্ণান্ কর্মুর-বর্ণাংশ্চ, শুকপত্রনিভান্ শুকপক্ষিপক্ষমদৃশবর্ণান্, অক্সান মধ্যসদৃশান্ মধ্বভূল্যবর্ণান্, দর্কানেব অনিলবংহসো বাষুবেগান্। শক্রপ্রস্থান্তপ্রস্থা১৮—২০।

ধর্মেতি। তেন বাজ্ঞা ধর্মবাজেনৈব, অফুজ্ঞাতো গৃহান্ যাতুমহুমতঃ ॥২১॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসনিদ্ধাস্কবাগীশভট্টাচার্য্যবিবচিতাবাং মহাভারতটীবানং ভারতকৌমূদীসমাখ্যাযাং সভাপর্বনি দিগ্নিজ্ঞবে সপ্তবিংশোহ্ধ্যায়ঃ ॥•॥

ভাহাৰ পৰ সেই দারপালেবা দিব্য বস্ত্র, দিব্য অলঙ্কাৰ, দিব্য পট্টবন্ত্র এবং দিব্য চর্দ্ম সকল কবস্বব্যপে অর্জ্জুনেব হস্তে সমর্পণ কবিল ॥১৬॥

এইভাবে পুৰুষশ্ৰেষ্ঠ অৰ্জুন ক্ষত্ৰিয়গণ ও দম্যুগণেৰ সহিত বহুতব যুদ্ধ কৰিয়া উত্তৰদিকু জয় কৰিয়াছিলেন ॥১৭॥

মর্জুন সেই সকল দেশের বাজগণকে জয় কবিয়া এবং কবদানে সম্মত কবাইয়া, তাঁহাদেব নিকট হইতে নানাবিধ ধন, বন্ধ এবং তিত্তিবিপক্ষীৰ তুল্যবর্ণ, কর্ববৃৰ্বর্ণ, শুকপক্ষীর পক্ষেব তুল্যবর্ণ, অপরগুলি মযুব্বর্ণ, আব সকলগুলিই বানুৰ জ্ঞায় বেপগামী অশ্বসমূহ লইয়া, বিশাল চতুবঙ্গ সৈজ্ঞে পবিবেষ্টিত হইয়া পুনবায় পুর্ত্রের্চ ইন্দ্রপ্রস্থেষ্ট আগমন কবিলেন ॥১৮—২০॥

অর্জুন ইন্দ্রপ্রস্থে আসিষা বাহনেব সহিত সেই সমস্ত ধনই যুর্ধিছবের নির্দ্র নিবেদন কবিলেন এবং তাঁহার অনুমতিক্রমে গৃহে গমন কবিলেন ॥২১॥

^{(&}gt;१) -- कृष्टिरेवर्मस्याज्यस्य । * '--- षष्टोदिःस्यानः', '--- धर्दानिदःस्यारः'।

অষ্টাবিংশোহধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

এতস্মিমেব কালে তু ভীমদেনাহপি বীর্য্যবান্। ধর্মবাজমনুজ্ঞাপ্য যথো প্রাচীং দিশং প্রতি ॥১॥ মহতা বলচক্রেণ পববাষ্ট্রাবমর্দ্দিনা। হস্ত্যশ্ববথপূর্ণেন দংশিতেন প্রতাপবান্। রতো ভবতশার্দ্দিলো দিয়চেছাকবিবর্দ্দিনঃ ॥২॥ (যুগ্মকম্) স গত্বা নবশার্দ্দিলঃ পাঞ্চালানাং পুবং মহৎ। পাঞ্চালান্ বিবিধোপাথেঃ সান্ত্র্যামাস পাগুবঃ ॥৩॥ ততঃ স গগুকীয়াংশ্চ বিদেহাংশ্চ নবর্ষভ।। বিজিত্যাঙ্কেন কালেন দশার্ণানজ্বৎ প্রভুঃ ॥৪॥ তত্র দাশার্ণকো বাজা অ্বর্দ্মা লোমহর্ষণম্। রতবান্ কর্ম ভীমেন সহ যুদ্ধে দৃঢ়াযুধঃ ॥৫॥

ভাবতকৌমুদী

এতিশ্বিরিতি। এতিশ্বিন্ কাল এব অর্জুনস্মোত্তবিদিখিজ্বায় গমনাবস্তকাল এব, জন্মথা "যোগপঞ্জেন পার্থৈহি নির্জ্জিতেকং বহুদ্ধবা" ইতি প্রাপ্তক্রবিবোধাপত্তিঃ। বলচক্রেণ সৈস্তসমূহেন। দংশিতেন যুদ্ধায় সজ্জিতেন। দ্বিতীয়া শ্লোকঃ বটুপাদঃ॥১ — ২॥

স ইতি। সাম্বধামাস সাম্ববাদেন বশীক্ষত্য তেত্য: কবং জগ্রাহেত্যর্থ: ॥৩॥ তত ইতি। গগুকীযবিদেহদশার্ণা দেশা:। প্রভু: প্রভাববান্ ॥৪॥

বৈশস্পায়ন বলিলেন—অর্জুন যখন উত্তবদিকে যাত্রা কবেন, সেই সময়েই হস্তী, অশ্ব ও বথে পবিপূর্ণ, পববাজ্যবিজ্ঞয়ী, সুসজ্জিত ও বিশাল সৈক্তসমূহে পবি-বেষ্টিত হইয়া ভবতশ্রেষ্ঠ, শত্রুগণেব শোকবর্দ্ধক, প্রতাপশালী ও বলবান্ ভীমসেনও যুখিষ্ঠিবেব অনুমতি লইয়া পূর্ববিদকে গমন কবিলেন ॥১—২॥

নবশ্ৰেষ্ঠ ভীমসেন বিশাল পাঞ্চালবাজ্ঞধানীতে যাইয়া নানাবিং উপায়ে পাঞ্চাল-গণকে বশীভূত কবিয়া কব গ্ৰহণ কবিলেন ॥এ॥

তাহাব পব তিনি অল্প কালেব মধ্যেই গগুকীয়দেশ এবং বিদেহদেশ জয় কবিয়া দশার্ণদেশ জয় কবিলেন ॥৪॥

সেই দশাৰ্ণদেশ জয় কবিবাব সমযে দৃঢ়শস্ত্ৰধাবী দশাৰ্ণদেশেব বাজা স্থধৰ্মা ভীমেব সহিত যুদ্ধে লোমহৰ্ষণ কাৰ্য্য কবিযাছিলেন ॥৫॥

⁽৪) ততঃ স গণ্ডকান্ শ্ব:···। (१) - ক্বতবান্ ভীমসেনেন মহদ্যুদ্ধ নিরাযুধ্য । ৩২ (৫)

ভীমসেনস্ত তদ্দৃষ্ঠ্য তন্ত কর্ম মহাত্মনঃ।

অধিসেনাপতিং চক্রে প্রধর্মাণং মহাবলম্ ॥৬॥

ততঃ প্রাচীং দিশং ভীমো যয়ে ভীমপবাক্রমঃ।
সৈন্ডেন মহতা বাজন্। কম্পর্যন্নিব মেদিনীম্ ॥৭॥
সোহশ্বমেধেশ্ববং বাজন্। বোচমানং সহামুগম্।
জিগায় সমবে বীবো বলেন বলিনাং ববঃ ॥৮॥

স তং নিজ্জিত্য কোন্ডেযো নাতিতীত্রেণ কর্ম্মণা।
পূর্বদেশং মহাবীর্য্যো বিজিগ্যে কুরুনন্দনঃ ॥৯॥

ততো দক্ষিণমাগম্য পুলিন্দনগবং মহৎ।

প্রক্রমাবং বশে চক্রে শ্রমিত্রঞ্চ নবাধিপম্ ॥>০॥

ততন্ত প্রশ্ববাজন্ত শাসনান্তবতর্ষভঃ।

শিশুপালং মহাবীর্য্যমভ্যগাজ্জনমেজয়। ॥>>॥

ভাবতকৌমুদী

তত্তেতি। দার্শার্ণকো দশার্ণাধিপতিং, স্থার্মা নাম বাজা ॥৫॥
ভীমেতি। অধি আত্মনং সেনাধিকাবে সেনাপতিং চক্রে ॥৬॥
তত ইতি। আদে প্রাচীয়ানমুদ্দেশেন, ইদানীন্দ্র কার্য্যেণেতি ন পোনকক্যম্ ॥৭॥
স ইতি। অধ্যমেধো নাম দেশস্বস্থেম্বরম্, রোচ্যানং নাম ॥৮॥
স ইতি। নাতিতীত্রেণ কর্মণা সাধারণযুদ্ধেনেতার্থং ॥२॥
তত ইতি। উত্তরং প্রিন্দনগ্রমর্জ্নেন জিতমিতি দক্ষিণপ্রিন্দনগরোজিং ॥২০॥
ভাবতভাবদীপঃ

এত স্মিরিতি ॥১॥ বলচক্রেণ সেনাসমূহেন, দংশিতেন সরদ্ধেন ॥২—৪॥ দশার্ণান্ দেশান্, নিবাযুধং বাছযুদ্ধম্ ॥৫॥ অধিচক্রে ইতি সম্বন্ধ:। জিম্বা তম্ম বলং জ্ঞাছা সৈনাপতাং তম্ম ভীম মহাম্মা সুধর্মাব সেই বর্ণনৈপুণ্য দেখিয়া তাঁহাকে নিজেব সেনাপতি

কবিলেন ॥৬॥
তাহাৰ পৰ, ভয়ঙ্কৰ পৰাক্ৰমশালী ভীমসেন বিশাল সৈন্ত দ্বাবা পৃথিবীকে
কম্পিত কবিতে থাকিয়াই যেন পূৰ্ব্বদিকে যাইতে লাগিলেন ॥৭॥

তংপবে বলিশ্রেষ্ঠ বীব ভীমসেন যুদ্ধে অনুচববর্গেব সহিত অশ্বমেধদেশেব বাজা বোচমানকে জয় কবিলেন ॥৮॥

মহাবীব ভীমসেন সামাশ্য যুদ্ধেই বোচমানকে জয় কবিয়া ক্রমশঃ পূর্বদেশ জয় কবিতে লাগিলেন ॥১॥

তাহাব পব ভীম বিশাল দক্ষিণপুলিন্দনগবে যাইয়া স্থকুমান ও স্থমিত্রনাজাকে বনীভূত কবিলেন ॥১॥ চেদিরাজোহপি তচ্ছু ত্বা পাগুবস্থ চিকীর্ষিতম্।
উপনিজ্রম্য নগরাৎ প্রত্যগৃহ্বাৎ পবন্তপঃ ॥১২॥
তৌ সমেত্য মহারাজ। কুরুচেদির্মো তদা।
উভযোবাত্মকুলযোঃ কোশল্যং পর্য্যপূচ্ছতাম্ ॥১৩॥
ততা নিবেগ্য তদ্রাজ্যং চেদিরাজো বিশাংপতে।।
উবাচ ভীমং প্রহ্মন্ কিমিদং কুরুষেহনদ।॥১৪॥
তস্থ ভীমস্তদাচখ্যো ধর্মবাজচিকীর্ষিতম্।
স চ তৎ প্রতিগৃহৈব তথা চক্রে নবাধিপঃ ॥১৫॥
ততো ভীমস্তত্র বাজন্। উরিত্বা ত্রিদশ ক্ষপাঃ।
সৎকৃতঃ শিশুপালেন যথো সবলবাহনঃ ॥১৬॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈধাসিক্যাং সভাপর্বণি দিখিজ্ঞায়ে ভীমদিখিজ্ঞায়ে অফ্টাবিংশোহধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকোমূদী

তত ইতি। শাসনাদ্গৃহীতপূর্বাদাদেশাৎ। ভবতর্বভো ভীমসেন: ॥১১॥ চেদীতি। চেদিবাজ: শিশুপালোহপি। প্রত্যগৃত্বাৎ সাম্বভাবেন ভীমমিতি শেব: ॥১২॥

তাবিতি। সমেত্য মিলিতা। কুকচেত্যোর্বো শ্রেষ্ঠো ভীমশিশুপালো। কোশল্যং শুভুম্॥১৩।

তত ইতি। নিবেল্প নিবেদনাযোদ্যুক্তা। ইদং যুদ্ধাযোগ্যমনম্ ॥১৪॥

তত্মেতি। তদা ভীমং তত্ম চেদিবাদ্বসান্তিকে, ধর্মবাদ্দেন বৃধিষ্টিবেণ চিকীর্বিতং কর্জুমিষ্টং বাঙ্গুযম্, ছাচখ্যো উক্তবান্। স নবাধিপঃ শিশুপালন্চ, তৎ ভীমবচনম্, প্রতিগৃহ্ছিব শ্রুবৈ, তথা রাঙ্গুযমাহায্যরূপং কবদানং চক্রে, মাতৃষপ্রেষত্বাৎ ॥১৫॥

তৎপবে তিনি পূর্ববগৃহীত যুধিষ্ঠিবেব আদেশ অনুসাবে মহাবীব শিশুপালকে লক্ষ্য কবিয়া চেদিদেশে গমন কবিলেন ॥১১॥

শিশুপালও ভীমেব অভীষ্ট বিষয় শুনিয়া বাজধানী হইতে নির্গত হইযা ভীমকে আদবেব সহিত গ্রহণ কবিলেন ॥১২॥

মহাবাজ। তখন কুকশ্রেষ্ঠ ভীমসেন এবং চেদিশ্রেষ্ঠ শিশুপাল—উভয়ে সন্মিলিত হইয়া উভয বংশেব মঙ্গল জিজ্ঞাসা কবিলেন ॥১৩॥

নবনাথ! তাহাব পৰ শিশুপাল নিজেব চেদিদেশ নিবেদন কবিবাৰ উদ্ভম কবিয়া হাসিতে হাসিতে ভীমকে বসিলেন—"হে অনঘ! এ কি কবিতেছ ?" ॥১৪॥

তখন ভীম শিশুপালেব নিকটে যুধিষ্ঠিবেব অভীষ্ট বিষয় বলিলেন ; শিশুপাল তাহা শুনিয়াই করদান কবিলেন ॥১৫॥

^{* &#}x27;--- धरकानबिररगारशांवः', '--- बिररगारशांवः'।

উনত্রিংশোহধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

ততঃ কুমাববিষয়ে শ্রেণিমন্তমথাজ্বং।
কোশলাধিপতিঞ্চৈব বৃহদ্বলমবিন্দমঃ ॥১॥
অযোধ্যাযান্ত ধর্মজ্ঞং দীর্ঘপ্রজ্ঞং মহাবলম্।
অজ্বং পাগুবশ্রেষ্ঠো নাতিতীব্রেণ কর্মণা ॥২॥
ততো গোপালকচ্চঞ্চ সোত্তবানপি সোমকান্।
মল্লানামধিপঞ্চৈব পার্থিবঞ্চাজ্বং প্রভুঃ॥৩॥

ভাবতকৌমুদী

তত ইতি। তিশ্রণ্ট দশ চেডি ত্রিদশ অবোদশ, ক্ষপা বাত্রী: ॥১৩॥ ইতি মহামহোপাধ্যাৰ-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকাষাং ভাবতকৌমুদীসমাখ্যাষাং সভাপর্কণি দিয়িঙ্গবে অষ্টাবিংশোহধ্যায়ঃ ॥০॥

তত ইতি। কুমাববিববে কুমাবাখ্যদেশে, শ্রেণিমন্তং নাম বাজানম্ । ১॥
অযোধ্যাযামিতি। দীর্ঘপ্রক্রং নাম। নাতিতীব্রেণ কর্মণা সামান্তবুদ্ধেনেতার্থঃ ॥২॥
তত ইতি। স উত্তরানিতি বিদর্গলোপেহপি সন্ধিবার্থঃ। প্রভৃঃ প্রভাববান্ ভীমঃ॥ ।
ভাবতভাবদীপঃ

দত্তবানিত্যর্থ:। । অধিসেনাপতিং সেনাপতিষধিকং মৃধ্যং চক্রে ইতি বার্থ: ॥৬—১২॥ বুরো শ্রেষ্ঠো ॥১৩—১৫॥ ত্রিদশা: ত্রাধিকা দশ ত্রযোদশ ॥ ৬॥

ইতি শ্রীমহাভারতে সভাপর্কণি নৈলক্ষীষে ভাবতভাবদীপে অষ্টাবিংশোহধ্যায়ঃ ॥২৮॥

____<u>*</u>___

বাজা। তাহাব পব, ভীম সেখানে তেব দিন থাকিয়া, শিশুপালেব আদব পাইযা বল ও বাহনেব সহিত চলিয়া গেলেন ॥১৬॥

---:4:---

বৈশস্পায়ন বলিলেন—তাহাব পব, শক্রদমনকাবী ভীমসেন কুমাবদেশের বাজা শ্রেণিমান্কে এবং কোশলানগবীব বাজা বৃহদ্বলকে জয় কবিলেন ॥১॥

ভৎপবে ভীম সামাশু যুদ্ধ কবিয়াই অযোধ্যাব বাজা ধর্মজ্ঞ ও মহাবল দীর্ঘ-প্রজ্ঞকে জয় কবিলেন ॥২॥

তদনস্তব প্রভাবশালী ভীমসেন গোপালকচ্চ, উত্তরসোনক এবং মল্লদেশের বাজাকে জয় কবিলেন ॥৩॥

⁽২)…দীর্ঘন্তং মহাবলন্ । (৩) ততো গোপালকদক সোত্তরানপি কোশবান্…।

ততো হিমবতঃ পার্গং দমভ্যেত্য জলোদ্ভবম্।
দর্বমন্নেন কালেন দেশং চক্রে বশং বলী।
এবং বহুবিধান্ দেশান্ বিজিগ্যে ভবতর্ষভঃ ॥৪॥
ভল্লাটমভিতো জিগ্যে শুক্তিমন্তঞ্চ পর্বতম্।
পাগুবঃ স্থমহাবীর্য্যো বলেন বলিনাং ববঃ ॥৫॥
দ কাশিবাজ্ঞং দমরে স্থবাহ্থমনিবর্ত্তিনম্।
বশে চক্রে মহাবাহুর্ভীমো ভীমপবাক্রমঃ ॥৬॥
ততঃ স্থপার্গমভিতস্তথা বাজপতিং ক্রথম্।
যুধ্যমানং বলাৎ সংখ্যে বিজিগ্যে পুরুষর্বভঃ ॥৭॥
ততো মৎস্থান্ মহাতেজা দবদাংশ্চ মহাবলান্।
আনবত্যান্ হয়াংশৈচব পশুভূমিঞ্চ সর্ববশঃ ॥৮॥

ভারতকোমুদী

তত ইতি। জলোদ্ভবং নাম সর্কাং দেশম্। ষট্পাদোহয়ঃ শ্লোকঃ ॥৪॥
ভল্লাটমিতি। ভল্লাটং নাম দেশম্, অভিতত্তৎসন্নিহিতম্। ভল্লাটমিতি ''তসোভ্যাভিপ্ৰিসবৈঃ'' ইতি বিতীয়া। গুজিমন্তং গুজিম্বাখ্যম্॥৫॥

স ইতি। অনিবর্ত্তিনং চিবাদেবাপবাধ্যুখন্, স্থবাজ্য নাম ॥ ।।
তত ইতি। স্থপার্থ্য দেশন্ অভিভন্তংসন্নিহিতন্। পূর্ব্ববিদ্ধতীয়া। সংখ্যে বুদ্ধে ॥ ১॥
তত ইতি। সংস্থাদবদা দেশবিশেষাঃ। অনবস্থান্ অনিন্দনীয়ান্, হ্যান্ত অখান্,

তাহাব পব বলবান্ ভীমসেন হিমালয়েব পার্শ্বে যাইয়া অল্পকালেব মধ্যেই জলোম্ভবনামক সমস্ত দেশটাকে বশীভূত কবিলেন। এইভাবে তিনি অনেক দেশ জয় কবিলেন ॥৪॥

ক্রমে, বলিশ্রেষ্ঠ মহাবীব ভীমসেন ভল্লাটদেশেব নিকটবর্ত্তী শুক্তিমান্ পর্ব্বত জয় কবিলেন ॥१॥

তাহাব পব, মহাবাহু ও ভয়ঙ্কৰ-পবাক্রমশালী ভীমদেন যুদ্ধে অপরাধ্যুখ কাশিবান্ধ সুবাহুকে বশীভূত কবিলেন ॥৬॥

তৎপবে পুক্ষশ্রেষ্ঠ ভীমসেন স্থপার্শ্বদেশেব নিকটবর্ত্তী রাজ্ঞপ্রেষ্ঠ ক্রথকে যুখ্যমান অবস্থায় বলপূর্ববক জয় কবিলেন ॥৭॥

তদনস্তব মহাবাছ ভীমদেন মহাবল সংস্থাদেশীয় ও দবদদেশীয় বাবগণকে জয় কবিয়া উৎকৃষ্ট অশ্ব ও সমস্ত পশুভূমি লইলেন, তাহাব পব ফিবিয়া

⁽৮) ততো মংস্থান্ মহাতেজা মলদাংক মহাবলান্। অন্দানভ্যাংকৈব পত্তভূমিঞ্চ সর্প্রশঃ । নির্তা চ মহাবাহ্মদধাবং মহীধবম্। সোমধেযাংক নিজ্জিতা প্রত্যাদত্রাম্থঃ ।

বিরত্য চ মহাবাহুর্মহাবীবং মহীধবম্।
সোপদেশং বিনিজ্জিত্য প্রয়যাবৃত্তবামূখঃ ॥৯॥ (য়ুয়কয়্)
বৎসভূমিঞ্চ কোন্ডেয়ো বিজিগ্যে বলবান্ বলাৎ।
ভর্গাণামধিপকৈব নিষাদাধিপতিং তথা।
বিজিগ্যে ভূমিপালাংশ্চ মণিমৎ প্রমুখান্ বহুন্॥>०॥
ততো দক্ষিণমল্লাংশ্চ ভোগবন্তঞ্চ পর্বতম্।
তবসৈবাজয়দ্ভীমো নাতিতীত্রেণ কর্মণা ॥>>॥
শর্মকান্ বর্মকাংশৈচব ব্যজ্জয়ৎ সাল্পপূর্বকম্।
বৈদেহক্ষৈব রাজানং জনকং জগতীপতিম্।
বিজিগ্যে পুক্ষব্যাত্রো নাতিতীত্রেণ কর্মণা ॥>২॥
বিজেগ্য পুক্ষব্যাত্রো নাতিতীত্রেণ কর্মণা ॥>২॥
বিজেগ্য পুক্ষব্যাত্রো নাতিতীত্রেণ কর্মণা ॥>২॥
বিজেগ্য পুক্ষব্যাত্রো নাতিতীত্রেণ কর্মণা ॥>২॥
কিবাতানামধিপতীনজ্লযৎ সপ্তা পাগুবঃ ॥:৩॥

ভারতকৌমুদী

জযতের্দ্বিকর্মকত্বাৎ কর্মন্তম্। বিবৃত্য পরিবৃত্য। উপদেশেন সহেতি সোপদেশম্ উপ-দেশবাবৈবেতার্থঃ, বিনির্জ্জিত্য বশীক্ষত্য ॥৮ — ३॥

বংসেতি। ভর্গাণাং তদাখ্যানাং দেশানাম্। ষট্পাদোহকং শ্লোকঃ ॥১০॥
তত ইতি। তবসা বেগেন শীদ্রমেবেত্যর্থঃ। নাজিতীব্রেণ কর্মণা সামাগ্রমুক্ষেনৈব ॥১১॥
শর্মকানিতি। সান্তপূর্বকং সাম্ববাদেনেত্যর্থঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥
বিদেহস্থ ইতি। অন্তিকাৎ অন্তিকমান্ত্রিত্য স্থিতমিতি ল্যান্লোপে পঞ্চমী ॥১৩॥

আসিয়া উপদেশ দ্বাবাই মহাবীৰ মহীধৰবাজাকে বদীভূত কৰিয়া উত্তৰমূখে প্ৰস্থান ক্ৰিলেন ॥স—১॥

ভংপবে বলবান, ভীম বলপূর্বক বংসভূমি জ্ব কবিলেন, তাহাব পব ভর্গদেশেব রাজাকে, নিষাদগণেব রাজাকে এবং মনিমংপ্রভৃতি বহুতব বাজাকে পরাভূত কবিলেন ॥১০॥

তদনন্তব তিনি সামান্ত যুদ্ধ কবিয়াই দক্ষিণমল্লদেশ ও ভোগবান্ পর্বত জয কবিলেন ॥১১॥

তংপবে পুকষশ্রেষ্ঠ ভীমসেন সাম্ববাক্য দ্বাবাই শর্ম্মক ও বর্ম্মকগণকে জ্য কবিয়া সামাস্য যুদ্ধ দ্বাবাই বিদেহবাজ জনককে বশীভূত কবিলেন ॥১২॥

তাহাব পৰ ভীম বিদেহবাজ্যে থাকিয়াই নিকটবৰ্ত্তী ইন্দ্ৰপৰ্ব্বত এবং সাত ডন কিবাতবাজকে জয় কবিলেন ॥১৩॥

⁽১২) স্নোকাৎ পর্ম 'শকাংশ্চ বর্ধবাংশৈচৰ অজয়চ্ছদুপূর্ধকম্' ইতি পাঠঃ বচিৎ।

ততঃ স্থন্ধান্ প্রস্থনাংশ্চ সপক্ষানপি বীর্য্যবান্।
বিজিগ্যে যুধি কোন্তেয়ো মাগধানভ্যযাদ্বলী ॥>৪॥
দশুঞ্চ দশুধাবঞ্চ বিজিত্য পৃথিবীপতিম্।
তৈবেব সহিতঃ দর্ব্বৈগিবিত্রজমুপাদ্রবৎ ॥>৫॥
জাবাসন্ধিং সাস্ত্র্যিত্বা কবে চ বিনিবেশ্য হ।
তৈবেব সহিতঃ দর্ববিঃ কর্নমভ্যদ্রবদ্বলী ॥>৬॥
স কম্পয়নিব মহীং বলেন চতুবঙ্গিণা।
যুরুধে পাশুবশ্রেষ্ঠঃ কর্নেনামিত্রঘাতিনা ॥>৭॥
স কর্নং যুধি নির্দ্ধিত্য বশে কৃত্বা চ ভাবত!।
ততে। বিজিগ্যে বলবান্ রাজ্যঃ পর্ববত্বাসিনঃ ॥>৮॥

ভাৰতকোমূদী

তত ইতি। সপক্ষানপি সসহাযানপি। সাগধান্ মগধদেশীযান্ ॥১৪॥

দশুমিতি। দশুং দশুধাবঞ্চ নাম। গিবিব্ৰজং তদাখ্যাং জবাসন্ধবাজধানীম্ ॥১৫॥

জাবেতি। জাবাসন্ধিং জবাসন্ধপুত্রং সহদেবম। কবে কবদানে ॥১৬॥

স ইতি। স পাগুবশ্রেচো ভীমসেন:। অমিত্রঘাতিনা শত্রুহন্ত্রা ॥১ ৭॥

স ইতি। স ভীমসেনঃ, কর্ণম্ অঙ্গবাজম্ ॥১৮॥

ভাৰতভাৰদীপঃ

তত ইতি ॥১—১৩॥ স্থনা: বাঢা:। মাগধানভাধাৰণী কবং প্ৰযক্ততেত্যুক্তবান্, পূৰ্বমেব পৰাক্ৰান্তবাৎ ॥১৪—২৮॥

ইতি শ্রীমহাভাবতে সভাপর্কণি নৈলক্ষীষে ভাবতভাবদীপে উনক্রিশোহধ্যায়: ॥২৯॥

তৎপবে উৎসাহী ও বলবান ভীম্সেন সহাযসম্পন্ন সুন্দাগণ ও প্রস্কুদাগণকে জয কবিয়া মগধবাজ্যেব দিকে ধাবিত হইলেন ॥১৪॥

সেখানে যাইয়া দণ্ড ও দণ্ডধাববাজাকে জয় কবিয়া তাঁহাদেব সহিত মিলিত ইইযাই গিবিব্ৰঙ্গবাজধানীর দিকে ধাবিত হইলেন ॥১৫॥

তথায উপস্থিত হইযা সাম্ববাক্যে জ্বাসন্ধেব পুত্র সহদেবকে বনীভূত কবিয়া, তাঁহাব নিকট হইতে কবগ্রহণপূর্বক তাঁহাদেব সহিত মিলিত হইয়া অঙ্গদেশাধিপতি কর্ণেব প্রতি ধাবিত হইলেন ॥১৬॥

তাহাব পব পাণ্ডবশ্রেষ্ঠ ভীমদেন স্বকীয় চতুবঙ্গ দৈন্ত দ্বাবা পৃথিবীকে কম্পিত কবিতে থাকিয়াই যেন শক্রহন্তা কর্ণেব সহিত যুদ্ধ কবিলেন ॥১৭॥

হে ভবতনন্দন। ভৎপবে ভীমসেন যুদ্ধে কর্ণকে পরাভূত ও বশীভূত কবিযা পর্বেতবাসী বান্ধগণকেও জয় কবিলেন ॥১৮॥

⁽১৫)…তৈবেব সহিতৈঃ সর্বৈঃ। (১৬) · ভৈরেব সহিতৈঃ সর্বৈঃ · ।

অথ মোদাগিবে চিব বাজানং বলবন্তবম্।
পাশুবো বাহুবীর্য্যেণ নিজ্বান মহামুধে ॥>৯॥
ততঃ পুঞাধিপং বীবং বাস্তদেবং মহাবলম্।
কৌশিকীকচ্ছনিলয়ং বাজানঞ্চ মহোজদম্॥২০॥
উভৌ বলভূতো বাবাবুভো তাত্রপবাক্রমো।
নির্ভিজত্যাজো মহাবাজ। বঙ্গবাজমুপাদ্রবং ॥২>॥ (যুগ্মকম্)
সমুদ্রেসেনং নির্ভিজত্য চন্দ্রসেনঞ্চ পার্থিবম্।
তাত্রলিপ্তঞ্চ বাজানং কর্বটাধিপতিং তথা ॥২২॥
ফ্রন্মানামধিপক্তির যে চ সাগববাসিনঃ।
পূর্ববান্ মেচ্ছগণাংকৈচব বিজ্ঞিগ্যে ভবতর্ষভঃ ॥২০॥ (যুগ্মকম্)
এবং বছবিধান্ দেশান্ বিজ্ঞিত্য পবনাত্মজঃ।
বস্থ তেভ্য উপাদায় লোহিত্যমগমন্বলী ॥২৪॥
স সর্ববান্ মেন্ডন্পতীন্ সাগবান্পবাসিনঃ।
কবমাহাব্যামাস বত্নানি বিবিধানি চ ॥২৫॥

ভাবতকোমুদী

.অথেতি। পাণ্ডবো ভীমদেনঃ। মহামুধে মহাযুদ্ধে ॥১>॥

তত ইতি। কৌশিক্যা নতাঃ কচ্ছো জনপ্রায্দেশো নিল্যো যন্ত তং কৌশিকীনদীতীং-বাদিনমিতার্থঃ। আর্জো যুদ্ধে। উপাস্তবং অভ্যধাবং, ভীম ইতি শেষঃ ঃ২০—২১॥

সমূক্তেতি। তাশ্রলিপ্তক্তায়ং তাশ্রলিপ্তক্তম্। সাগববাসিনঃ সাগরতীবস্থাঃ ॥২২—২৩॥ এবমিতি। প্রনাত্মক্ষো ভীমঃ। বস্তু ক্বরূপং ধনম্। লোহিত্যং ব্রহ্মপুত্রনদ্ম ॥২৪॥

তাহাব পব তিনি নিজেব বাহুবলেই মহাযুদ্ধে মোদাগিবিব বলবান্ বাজাকে বধ কবিলেন ॥১৯॥

মহাবাজ। তাহাৰ পৰ ভীম, পুগুদেশেৰ বাজা মহাবীৰ বাস্থদেবকে এবং কৌশিকীনদীৰ তীৰবাসী মহাতেজা বাজাকে ভয় করিয়া, বঙ্গদেশেৰ দিকে ধাৰিত হইলেন। ঐ তুই জন বাজাই সৈতাসামন্তশালী, উৎসাহী ও মহাপৰাক্রমযুক্ত ছিলেন॥২০ ২১॥

ভবতশ্রেষ্ঠ ভীমসেন, সমুজসেন ও চন্দ্রসেনবাজাকে, তাম্রলিপ্তেব বাজাকে, কর্বাটেব বাজাকে এবং সুন্দোব বাজাকে জয় কবিয়া, যে সকল মেচ্ছ পূর্ব্বসমৃত্তেব তীবে বাস কবিত, তাহাদিগকেও জয় কবিলেন ॥২২—২৩॥

বলবান্ ভীম এইভাবে বহু দেশ স্কৃষ কবিষা তাহা হুইতে ক্রগ্রহণপূর্পক ব্রহ্মপুত্রনদসন্নিহিত দেশে গমন কবিলেন ॥২৪॥ চন্দিনাগুকবন্ত্ৰাণি মণিমোক্তিককম্বলম্ ।
কাঞ্চনং বজতঞ্চৈব বিক্ৰমঞ্চ মহাধনম্ ॥২৬॥ (যুগ্মকম্)
তে কোটিশতসংখ্যেন কোন্তেখং মহতা তদা ।
অভ্যবৰ্ষন্ মহাত্মানং ধনবৰ্ষেণ পাগুৰম্ ॥২৭॥
ইন্দ্ৰপ্ৰস্থমূপাগম্য ভীমো ভীমপরাক্ৰমঃ ।
নিবেদযামাস তদা ধৰ্মারাজায় তদ্ধনম্ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্বনি দিগ্রিজয়ে ভীমপূর্ব্বদিগ্রিজয়ো নাম ঊনত্রিংশোহধ্যায়ঃ ॥০॥ #

ভাবতকোমুদী

স ইতি। সাগবান্প্ৰাসিন: সাগবস্ত জলপ্ৰাযদেশবাসিন:, "জলপ্ৰাযমন্পং আৎ পুংসি কচ্ছ:" ইত্যমব:। বিক্ৰমং প্ৰবালম্। আহাব্যামাস প্ৰদাপ্যামাস ॥২৫— ২৬॥

ভ ইতি। ধনবর্ষেণ অভ্যবর্ষন্ কবগ্রাহিন্দপেণ সম্বন্ধীক্বতবস্ত ইত্যর্থঃ ॥২ १॥

ইন্দ্রেতি। ধর্মবাজায় রুধিষ্ট্রবায়, তদ্ধনং নিবেদবামাস দদাবিত্যর্থ: ॥২৮॥
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকাষাং ভাবতবেশমূদীসমাধ্যাষাং সভাপর্কণি দিখিল্পয়ে উনত্তিংশোহধ্যায়ঃ ॥•॥

-:#:-

তাহাব পব তিনি সমুদ্রতীববাসী সমস্ত শ্লেচ্ছবাজগণেব নিকট হইতে নানাবিধ বন্ধ, চন্দন, অগুৰু, বস্তু, মণি, মুক্তা, কম্বল, স্বর্ণ, বৌপ্য, প্রবাল এবং প্রচুব ধন কবনপে গ্রহণ করিলেন ॥২৫—২৬॥

তাহাব পবেও তাহাবা শতকোটি ধন মহাত্মা ভীমসেনকে কবৰূপে দান কবিল ॥২ ৭॥

তাহাব পর, ভয়ঙ্কব পরাক্রমশালী ভীমসেন ইন্দ্রপ্রস্থে যাইযা সেই সমস্ত ধনই যুথিষ্ঠিবকে নিবেদন কবিলেন ॥২৮॥

--:*:--

⁽২৬) কাঞ্চনকৈব বত্বঞ্চ । * '…ব্রিংশোহধ্যায়', ' · একব্রিংশোহধ্যায়'। ৩৬ (৫)

ত্রিংশোহধ্যায়ঃ।

--:#:---

বৈশম্পাধন উবাচ।
তথৈব সহদেবোহপি ধর্মবাজেন পূজিতঃ।
মহত্যা সেনযা সার্দ্ধং প্রযয়ে দক্ষিণাং দিশম্॥>॥
স শূবসেনান্ কার্থ স্থ্রেন পূর্ববেষবাজয়ৎ প্রভঃ।
মংস্থবাজঞ্চ কোবব্যো বশে চক্রে বলাঘলী॥২॥
যুধি বাজাধিপকৈব দন্তবক্রং মহাবলম্।
জিগায় কবদক্ষৈব কৃষা বাজ্যে স্তবেশয়ৎ॥৩॥
স্থকুমারং বশে চক্রে স্থমিত্রঞ্চ নবাধিপম্।
তথৈবাপবমৎস্থাংশ্চ ব্যজেই স পটচ্চবান্॥৪॥
নিহাদভূমিং গোশৃঙ্গং পর্ববতপ্রবং তথা।
তবসৈবাজয়দ্ধীমান্ শ্রেণিমন্তঞ্চ পার্থিবম্॥৫॥

ভারতকৌমূদী

ভবেতি। পৃঞ্জিত: ত্রুবদিষ্কিষ্কবকবণোজমাৎ পূল্যমাল্যার্পণাদিনা সম্মানিত: ॥১॥
দ ইতি। কাং জ্যেন সাকল্যেন। প্রভু: প্রভাবশালী ॥২॥
ঘূর্বীতি। বাজাধিপং বাজন্রের্ছম, দম্ভবক্তং নাম। ক্যবেশ্যৎ পুনবন্থাপ্যৎ ॥২॥
স্কুমাব্যবিতি। স সহদেব:, পটচ্চবান্ তদাখাং দেশন্ ॥৪॥
নিবাদেতি। গোশৃক্তং নাম পর্ববতপ্রববম্। তববৈর বলেনেব ॥৫॥

বৈশস্পায়ন বলিলেন—যুধিষ্ঠিব ভীম ও অর্জুনেব স্থায় সহদেবকেও সম্মানিত করিলে, তিনি বিশাল সৈন্মেব সহিত দক্ষিণদিকে যাত্রা কবিলেন ॥১॥

প্রভাবশালী ও বলবান্ সহদেব প্রথমেই সমস্ত শ্বসেনদেশ জ্ব কবিলেন এবং বলপূর্বক মংস্থবাজকে বশীভূত কবিলেন ॥২॥

ভাহাব পব, বাজশ্রেষ্ঠ ও মহাবল দম্ভবক্রকে যুদ্ধে জয় কবিলেন এবং কবদাতা কবিয়া পুনবায় বাজ্যে স্থাপন কবিলেন ॥ গা

তংপবে সহদেব সুকুমাৰ ও সুমিত্রবাঞ্চাকে বশীভূত কবিলেন এবং অপব মংস্থাদেশ ও পটচচবদেশ জয় কবিলেন ॥॥

তাহাব পর বলপূর্বক নিষাদদেশ, পর্বতভ্রেষ্ঠ গোশৃন্দ এবং ভোণিমান্ বাভাকে জয় কবিলেন ॥৫॥

⁽১) प्रह्णा (भनमा वाङ्ग्। । (७) व्यक्षित्राहामिभटेक्यरः । (८) सहस्य १। भटेक्टवीन्।

নববা ষ্ট্রঞ্চ নির্চ্চিত্রতা কুন্তিভোজমুপাদ্রবং।
প্রীতিপূর্ববঞ্চ তম্ভাসো প্রতিজ্ঞাহ শাসনম্॥৬॥
ততশ্চর্মাণতীতীবে জন্তকম্ভাত্মজং নৃপম্।
দদর্শ বাহ্মদেবেন শেষিতং পূর্বববৈরিণা ॥৭॥
চক্রে তেন স সংগ্রামং সহদেবেন ভাবত।।
স তমাজৌ বিনির্জ্জিত্য দক্ষিণাভিমুখো যযৌ ॥৮॥
সেকানপবসেকাংশ্চ ব্যজয়ৎ স মহাবলঃ।
কবং তেভ্য উপাদায় রক্লানি বিবিধানি চ।
তততৈরেবে সহিতো নর্মদামভিতো যযৌ ॥৯॥
বিন্দানুবিন্দাবাবস্ত্যো সৈত্যেন মহতা রতো।
জিগায় সমবে বীরাবাশ্বিনেয়ঃ প্রতাপবান্॥১০॥

ভাবতকৌমুদী

নবেতি। অসোঁ কুন্তিভোজক, তহু সহদেবস্ত, শাসনমাদেশম্, প্রীতিপূর্বং প্রতিজ্ঞাহ, নিজ-ভগিন্তা: কুন্ত্যা: সপত্মীপুক্তে সহদেবস্ত ভাগিনেমন্থানপাতিত্বাদিতি ভাব: ।৬।

তত ইতি। পূর্ববৈবিণা বাস্থদেবেন ক্লফেন, শেষিতম্ অবশিষ্টভাবেন বক্ষিতম্ ॥৭॥ চক্র ইতি। স জস্ককাত্মক্রঃ। স সহদেবঃ, তং জস্ককাত্মক্রম্, আর্জো মুন্ধে ॥৮॥ সেকানিতি। সেকা অপবসেকাশ্চ তত্ত্তদাখ্যো দেশো। ষট্পাদোহযং ক্লোকঃ ॥৯॥ বিদ্যোতি। আবস্তাো অবস্তিদেশীযো। আস্থিনেযঃ অসিনীকুমাবপুত্রঃ সহদেবঃ ॥১০॥

তদনন্তব সহদেব নরবাষ্ট্র জ্বয় কবিয়া কুন্তিভোজবাজাব দিকে ধাবিত হইলেন , তৎপবে কুন্তিভোজবাজা প্রীতিনিবন্ধনই সহদেবেব আদেশ স্বীকাব কবিলেন ॥৬॥

তাহাব পব, সহদেব চর্মন্বতীনদীব তীরে যাইয়া বাজা জম্ভকেব পুত্রকে দেখিতে পাইলেন ; পূর্বেশক্র কৃষ্ণ তাহাকে অবশিষ্ট বাখিয়াছিলেন ॥৭॥

হে ভবতনদন। জন্তকেব পুত্র সহদেবের সহিত যুদ্ধে কবিলেন; তৎপবে সহদেব তাঁহাকে যুদ্ধে জয় কবিয়া দক্ষিণাভিমুখে যাইতে লাগিলেন ॥৮॥

ক্রমে মহাবল সহদেব সেক ও অপবসেকদেশীয় রাজগণকে জয় কবিলেন; তাহাব পর তাহাদেব নিকট হইতে নানাবিধ বত্ন কব লইয়া তাঁহাদেবই সহিত নর্ম্মদানদীব দিকে চলিয়া গেলেন ॥>॥

সে দিকে যাইয়া প্রতাপশালী সহদেব, বিশাল সৈত্যে পবিবেষ্টিত অবস্তিদেশীয বীব বিন্দ ও অমুবিন্দকে যুদ্ধে জয় কবিলেন ॥১০॥

⁽৮) শ্সহ ভোজেন ভারত।। (১) ততস্তেনৈব সহিতঃ ।

ততো বত্বান্যুপাদায পূবং ভোজকটং যথে।

তত্র যুদ্ধমভূদ্রাজন্। দিবসম্বয়মচ্যুত। ॥>>॥

স বিজিত্য তুবাধর্যং ভীপ্সকং মাদ্রিনন্দনঃ।
কোশলাম্বিপতিকৈব তথা বেগ্নাতটাম্বিপম্ ॥>২॥
কান্তাবকাংশ্চ সমবে তথা প্রাকোটকান্ নূপান্।
নাটকেযাংশ্চ সমবে তথা হেরম্বকান্ যুধি ॥>৩॥
মাক্থঞ্ঞ বিনির্ছ্জিত্য বম্যগ্রামমথো বলাৎ।
নাচীনানর্কাংশ্চৈব বাজ্ঞশ্চেব মহাবলঃ।
তাংস্তানাটবিকান্ সর্বানজ্ঞয়ৎ পাণ্ডুনন্দনঃ॥>৪॥ (বিশেষকম্)
বাতাম্বিপঞ্চ নূপতিং বশে চক্রে মহাবলঃ।
পুলিন্দাংশ্চ বণে জিন্থা যথো দক্ষিণতঃ পুনঃ॥>৫॥
যুর্ধে পাণ্ড্যবাজেন দিবসং নকুলানুজঃ।
তং জিন্থা স মহাবাহঃ প্রয়মৌ দক্ষিণাপথম্॥>৬॥
ভাবতকৌমুদী

তত ইতি। ততন্তাভ্যাং বিন্দাহ্ববিন্দাভ্যাং সকাশাং। হে অচ্যুত। ধর্মাদ্রষ্ট। জনমেজয়। ॥১১॥

স ইতি। মন্ত্রজাপতাং জ্বী মান্তি: "ইতণ্চ জিবৰ্চ্চিতাদা" ইতি বৈকল্পিকথানেপ্রত্যবং, তত্মা নন্দনং সহদেবং। বেধা নাম নদী তত্মান্তটাধিপম্। কান্তাবকাদরো দেশাং। আটবিকান্ বনাধি-পতীন্। চতুর্দ্দশং শ্লোকং বট্পাদং ॥১২—১৪॥

বাতেতি। বাতাধিপং বাতনামকদেশাধিপতিম্। মহাবলঃ সহদেবঃ ॥১৫॥

যুষ্ধ ইতি। পাণ্ডাবাজেন পাণ্ডাদেশাধিপতিনা। নকুলাহজঃ সহদেবঃ ॥১৬॥

তাহাদেব নিকট হইতে নানাবিধ বত্ন কব লইয়া ভোজকটপুবে গমন কবিলেন; হে ধার্ম্মিক মহারাজ। সেখানে ছই দিন যাবং যুদ্ধ হইল ॥১১॥

তাহাব পব, সহদেব ত্র্দ্ধর্য ভীম্মকবাজ্ঞাকে জ্বয় কবিষা, কোশলাব রাজ্ঞাকে এবং বেগ্নাতীবেব বাজ্ঞাকে জ্বয় কবিলেন , তৎপবে কাস্তাবক, প্রাকোটক, নাটকেষ, হেবম্বক ও মাকধদেশীয় বাজ্ঞগণকে যুদ্ধে জ্বয় কবিষা, বম্যগ্রাম, নাচীন ও অব্ ক-প্রভৃতি সমস্ত বন্ত নবপতিগণকে জ্বয় কবিলেন ॥১২—১৪॥

মহাবল সহদেব বাতদেশেব বাজাকে বশীভূত কবিলেন এবং পুলিন্দগণকে যুদ্ধে জ্ব কবিয়া পুনবায় দক্ষিণদিকে যাইতে লাগিলেন ॥১৫॥

তাহাব পব, পাণ্ডাবাজেব সহিত একদিন যুদ্ধ কবিলেন, পবে তাঁহাকে ভয কবিয়া ক্রমে দক্ষিণদিকে গমন কবিতে থাকিলেন ॥১৬॥

⁽১২) - তথা বেণাতটাবিপম্।

গুহামাসাদ্যামাস কিন্ধিন্ধ্যাং লোকবিশ্রুতাম্।
তত্ত্র বানররাজাভ্যাং মৈন্দেন দিবিদেন চ।
যুর্ধে দিবসান্ সপ্ত ন চ তৌ বিকৃতিং গতৌ ॥>৭॥
তত্ত্তকৌ মহাত্মানো সহদেবায় বানবৌ।
উচতুশৈচব সংছকৌ প্রীতিপূর্ব্বমিদং বচঃ ॥>৮॥
গচ্ছ পাণ্ডবশার্দ্দূল। বত্নান্তাদায় সর্ববশঃ।
অবিদ্বমস্ত কার্য্যায় ধর্ম্মবাজায় ধীমতে ॥>৯॥
তত্তো বত্নান্ত্যপাদায় পুরীং মাহিম্মতাং যযৌ।
তত্র নীলেন রাজ্ঞা স চক্রে যুদ্ধং নবর্ষভঃ ॥২০॥
পাণ্ডবঃ পববীবদ্ধঃ সহদেবঃ প্রতাপবান্।
তত্তোহস্ত স্থমহদ্যুদ্ধমাসীদ্ভীক্রভয়ঙ্করম্ ॥২১॥
সৈত্যক্ষয়করকৈব প্রাণানাং সংশ্যাবহম্।
চক্রে তস্ত্য হি সাহায্যং ভগবান্ হব্যবাহনঃ ॥২২॥ (বিশেষক্ষ্)

ভাবতকৌমুদী

শুহামিতি। বিকৃতিং ক্লান্তিকপং বিকাবন্। বটুপাদোহৰং শ্লোক: ॥১৭॥
তত ইতি। তত্ৰ পূৰ্ব্বপৰাৰ্দ্ধযোৰ্বাক্যম্যমিতি তুঠো সংস্কৃষ্টাবিতি ন পোনকজ্যন্॥১৮॥
গচ্ছেতি। বিশ্বস্তাভাব: অবিশ্বন্, অভাবার্দ্বেহব্যবীভাব:। কার্য্যায রাজস্থায ॥১৯॥
তত ইতি। নীলেন তদাখ্যেন। ভীকণাং ভ্যমীলানামেব ভ্যম্ববৃষ্। তস্তা নীলস্ত বাজ্ঞ:।
হব্যবাহন: অগ্নিদেব: ॥২০—২২॥

তাহাব পবে জগদ্বিখ্যাত কিন্ধিন্ন্যাগুহায উপস্থিত হইলেন; সেখানে সহদেব বানববান্ধ মৈন্দ ও দ্বিবিদেব সহিত সপ্তাহ যাবং যুদ্ধ কবিলেন, কিন্তু তাহাতেও তাঁহারা ক্লান্ত হইলেন না ॥১৭॥

তদনস্তব মহাত্মা মৈন্দ ও দ্বিবিদ সহদেবেব প্রতি সম্ভষ্ট হইলেন এবং সম্ভষ্ট অবস্থাতেই প্রীতিপূর্ববক এই কথা বলিলেন—॥১৮॥

"হে পাণ্ডবশ্রেষ্ঠ! আপনি সর্বব্যকাব বন্ধ লইয়া চলিয়া যান। বৃদ্ধিমান্ যুধিষ্ঠিবেব বা ভাহাব রাজস্থযজ্ঞেব যেন কোন বিশ্ব না হয়" ॥১৯॥

তাহাব পব, পববীবহস্তা প্রতাপশালী নবশ্রেষ্ঠ সহদেব নানাবিধ বত্ন কর লইয়া মাহিম্মতীপুবীতে গমন কবিলেন এবং সেখানে নীলবাজাব সহিত যুদ্ধ কবিতে লাগিলেন। সেই গুকতর যুদ্ধ ভীকজনেব ভয়, সৈত্যগণের ক্ষয়, এমন কি সহদেবেব প্রাণসংশয় পর্যাস্ত জন্মাইল। কাবণ, ভগবান্ অগ্নিদেব স্বয়ং নীলবাজাব সাহায্য কবিতেছিলেন॥২০—২২॥

ততো বথা হয়া নাগাঃ পুরুষাঃ কবচানি চ।
প্রদীপ্তানি ব্যদৃশুন্ত সহদেববলে তদা ॥২৩॥
ততঃ স্থসম্ভ্রান্তমনা বভূব কুরুনন্দনঃ।
নোত্তবং প্রতিবক্ত্বক শক্তোহভূচ্জনমেজয়। ॥২৪॥
জনমেজয় উবাচ।

কিমর্থং ভগবান্ বহ্নিঃ প্রত্যমিত্রোহভবদ্যুধি। সহদেবস্থ যজ্ঞার্থং ঘটমানস্থ বৈ দ্বিজ্ঞ। ॥২৫॥ বৈশস্পায়ন উবাচ।

তত্র মাহিশ্বতীবাসী ভগবান্ হব্যবাহনঃ। শ্রুষতে হি গৃহীতোহসো পুবস্তাৎ পাবদাবিকঃ॥২৬॥ নীলস্থ বাজ্ঞো ত্রহিতা কপেণাপ্রতিমা ভূবি। অগ্নিহোত্রমুপাতিঠদোধনায পিভুঃ সদা॥২৭॥

ভাবতকৌমুদী

তত ইতি। হ্যা অশ্বাঃ, নাগা হস্তিনঃ, পুৰুষাঃ সৈনিকাঃ। প্ৰদীপ্তানি প্ৰজ্ঞলিতানি ॥২৩॥ তত ইতি। স্থসন্ত্ৰান্তমনা অতীবব্যস্তচিত্তঃ। উত্তৰং প্ৰকৰ্ত্তব্যম্ ॥২৪॥

কিমর্থমিতি। হে দিল। ভগবান্ বহিং, যুধি, মজার্থং বহুং প্রীতিক্বমের বাজস্থ্যজ্ঞং সম্পাদ্যিতুম্, ঘটমানক্ত প্রবর্তমানক্ত সহদেবক্ত, কিমর্থং প্রত্যমিত্তঃ শক্তবভবং ॥২৫॥

তত্ত্রেতি। তত্র তদানীম্। পুবস্তাৎ পূর্বমৃ, পাবদাবিক:, গৃহীতো লোকৈববগতঃ ॥২৬॥
নীলক্ষেতি। বোধনায় অগ্নিপ্রজনায়, অগ্নিহোত্তং তৎস্থানম্, উপাতিষ্ঠত্পস্থিতা ॥২১॥
ভাবতভাবদীপঃ

তবৈবেতি॥>—৩॥ পটচ্চরান্ চোবদেশান্॥৪—২৪॥ প্রত্যমিত্র: শক্র:॥২৫॥ পার-

তাহাতে তথন সহদেবেব সৈম্মসমূহেব মধ্যে হস্তী, অশ্ব, বথ, সৈনিক এবং তাহাদেব কবচ—এইগুলি জ্বলিতে দেখা যাইতে লাগিল ॥২৩॥

মহাবাজ ! তাহাতে সহদেব এতদূব ব্যস্ত হইযা পডিলেন যে, পবে কি কবিবেন তাহা বলিতে পর্যান্ত সমর্থ হইলেন না ॥২৪॥

জনমেজ্য জিজ্ঞাসা কবিলেন—"মহর্ষি ! সহদেব অগ্নিব প্রীতিজনক যজ সম্পাদন কবিবাব জন্মই প্রবৃত্ত হইয়াছিলেন, ভথাপি ভগবান অগ্নিদেব যুদ্ধে তাঁহার শক্র হইযাছিলেন কেন ?" ॥২৫॥

বৈশস্পায়ন বলিলেন—শুনা যায় যে, ঐ ঘটনাব পূর্বে হইতেই মাহিন্মতানগবেৰ সকলেই ভগবান্ অগ্নিদেবকে পাবদাবিক বলিয়া জানিত ॥২৬॥

⁽২৭) নীল্ম রাজো ছহিতা বভুবাতীব শোভনা…।

বীজ্যমানোহপি স তদা নৈব প্রদ্ধলতি শ্ব হ।

যাবচ্চারুপুটোষ্ঠেন বাযুনা ন সমীরিতঃ ॥২৮॥

ততঃ স ভগবান্ বিহ্নিন্চকমে তাং স্থদর্শনায়।
নীলস্থ বাজঃ সর্বেবাযুপনীতশ্চ সোহভবং ॥২৯॥

ততো ব্রাহ্মণরূপেণ বমমাণং যদৃচ্ছযা।

তং তু রাজা যথাশান্ত্রমশাসদ্ধাশ্মিকস্তদা ॥৩০॥

প্রজ্জ্বাল ততঃ কোপাদ্ভগবান্ হব্যবাহনঃ।

তং দৃষ্ট্যা বিশ্বিতো বাজা জগাম শিবসাহবনিম্॥৩১॥

ভাবতকোমুদী

বীজ্যমান ইতি। নীলরাজত্বিত্রা ব্যঙ্গনৈবীজ্যমানোহিপি স বহিং, তদা তাবং নৈব প্রজ্বনতি শ্ব, যাবং, চারু পুটং যযোস্তো তাদৃশো যো ওঠো ভষোবষং তেন বায়্না, ন সমীবিতঃ ন সন্ধ্ক্ষিতঃ, তংক্ত্যাযান্দ্রখনপ্রকাবপ্রাপ্তাভিলাযাদিতি ভাবঃ ॥২৮॥

তত ইতি। সর্বেবাং জনানাঞ্চ, উপনীতো বাজকল্পাকামিন্তেন জ্ঞাতঃ, স বহিং ॥২০॥
তত ইতি। যদৃচ্ছধা স্বেচ্ছধা, ঘণাশাস্ত্রং বতিশাস্ত্রাস্থ্যাবেণ, বমমাণং তং বহিন্ ॥৩০॥
প্রেতি। প্রজ্ঞাল বাজতবনাদাবিতি শেষঃ। কোপাৎ রমণনিবাবণজনিতাৎ ॥৩১॥
ভাবতভাবদীপঃ

দাবিকঃ স্বেনান্ঢায়া অণি প্রকীষত্বাৎ প্রদাবাসক্রো গৃহীতঃ বিবশঃ ॥২৬—২৮॥ চক্ষে মাহধন্বরূপেণ শব্দতঃ কামধামাদ। এবং সর্বেধাম্পি গৃহে ইত্যুক্তং সর্বেধামিতি। তয়া চ সঃ

জগতে অতুলনীয় সুন্দবী নীলবান্ধাব একটা বস্তা ছিল, সে সর্ববদাই পিতাব অগ্নিহোত্রেব অগ্নি প্রজ্ঞালিত কবিয়া দিবাব জন্ম অগ্নিহোত্রস্থানে উপস্থিত থাকিত ॥২৭॥

সেই কন্যাটী যে পর্যান্ত মনোহব ওষ্ঠপুট দ্বাবা ফুৎকাব না কবিত, সে পর্যান্ত শত ব্যক্তন করিলেও অগ্নি প্রজ্ঞালিত হইতেন না ॥২৮॥

তৎপবে ক্রমশঃ ভগবান্ অগ্নিদেব সেই স্বন্দবী কন্যাটীতে আসক্ত হইযা পড়িলেন , সেই ঘটনা স্বয়ং নীলবাজা এবং অন্যান্ত সকলে জানিয়া ফেলিল ॥২৯॥

তাহাব পব একদিন অগ্নিদেব ব্রাহ্মণকপে আসিয়া বতিশাস্ত্র ও ইচ্ছানুসাবে ব্যাপ কবিতেছিলেন, এমন সময়ে ধার্ম্মিক বাজা আসিয়া তাঁহাকে শাসন কবিলেন ॥৩০॥

তাহাতে কুদ্ধ হইয়া ভগবান্ অগ্নিদেব বাজভবনে ছলিয়া উঠিলেন: তাঙ্গা দেখিয়া বাজা বিশ্বিত হইয়া অগ্নিদেবকৈ প্রণান কবিলেন ॥৩১॥

⁽২৮) বাজনৈধ্বিমানোহণি তাবং প্রজনতে ন সং। যাবজারপুটোটেন বানুনা ন বিধ্যাত।

⁽৩০) - মহশাক্ষাত্রিকস্থা।

ততঃ কালেন তাং কন্যাং তথৈব হি তদা নৃপঃ।
প্রদদৌ বিপ্ররূপায় বহুষে শিবসা নতঃ ॥৩২॥
প্রতিগৃহ্য চ তাং কন্যাং নীলবাজ্ঞ ঃস্থতাং তদা।
চক্রে প্রসাদং ভগবাংস্কস্ম বাজ্ঞো বিভাবস্থঃ ॥৩৩॥
ববেণ চহুন্দয়ামাস তাং নৃপং স্বিষ্টকুত্তমঃ।
অভয়ঞ্চ স জ্ব্রাহ স্বসৈন্যে বৈ মহীপতিঃ ॥৩৪॥
ততঃ প্রভৃতি যে কেচিদজ্ঞানাত্তাং পুবীং নৃপাঃ।
জিগীষন্তি বলাদ্রাজন্। তে দহুন্তে স্ম বহ্নিনা ॥৩৫॥
তত্থাং পুর্যাং তদা চৈব মাহিম্মত্যাং কুরুদ্বহ।।
বভুরুর্ন প্রতিগ্রাহ্যাঃ স্বৈবিণ্যো যোষিতঃ কিল ॥৩৬॥

ভাবতকৌমূদী

তত ইতি। কালেন শুভসমযেন। তথৈব শাস্তাচারাম্ন্সারেণৈব ॥০২॥
প্রতীতি। নীলবাজ্ঞ ইতি অদভাব আর্যঃ। প্রসাদমম্প্রাহম্। বিভাবস্থবিয়ঃ ॥০০॥
ববেণেতি। স্বিষ্টং শুভাভীষ্টং কুর্বস্তীতি স্বিষ্টকুতন্তের প্রক্তেই ইতি স্বিষ্টকুতনো বহিং, ববেণ
ববপ্রহণাম্বোধেন, তং নুপম্, হন্দ্যামান সম্ভোব্যামান। ন মহীপতিশ্চ, স্বেন আত্মনা যুক্তং
সৈম্মমিতি স্বনৈক্তং তন্মিন্, অভযং বরং জ্গ্রাহ ॥০৪॥

তত ইতি। জিগীবস্থি জেতুমিচ্ছস্তি। তে নৃপা বহ্নিনা দক্ষ্ণে শা ॥৩৫॥
- ভাৰতভাৰদীপঃ

উপনীত: স্বীকৃত:, নীলশু বাজ্ঞাহবিদিত ইতি শেষ: ॥২৯—৩৩॥ শোভনং হৃতরাং বা ইটকুৎ প্রিয়ক্ত্বৎ অতিশয়েন স্বিটকৃত্তম:, ছন্দরামাস প্রীণিতবান্ ॥০৪—৩৫॥ ছন্দত ইচ্ছাত:, অনতিগ্রাহা: অত্যন্তং স্বগ্রহা: ন বভূব্:, সর্বাসাম্ অমিনা পবিগৃহীতত্বাৎ ॥৩৬॥ অপ্রতি-

তাহাৰ পৰ, বাজা অবনত হইযা শুভদিনে শাস্ত্ৰামুসাবে ব্ৰাহ্মণৰূপী অগ্নিকে সেই কন্যাটী দান কবিলেন ॥৩২॥

তখন ভগবান্ অগ্নিদেব নীলবাজাব সেই ক্যাটীকে গ্রহণ কবিযা সেই বাজাব প্রতি অনুগ্রহ কবিবার ইচ্ছা কবিলেন ॥৩৩॥

তৎপবে অভীষ্টকাবিশ্রেষ্ঠ অগ্নিদেব বব গ্রহণ করিবাব জন্ম অন্নবোধ কবিয়া সেই বাজাকে সন্তুষ্ঠ কবিলেন, বাজাও নিজের এবং নিজসৈন্তগণেব অভ্যবৰ গ্রহণ কবিলেন ॥৩৪॥

নহাবাজ। তদবধি যে কোন বাজা উক্ত ঘটনা না জানিয়া ব্যাপ্র্পক মাহিদ্মতীপুৰী জয় কবিতে ইচ্ছা কবেন, তিনিই অগ্নিকর্তৃক দগ্ম হইয়া থাকেন ॥৩৫॥

⁽৩৫) - দফ্তে তেন বহ্নি। (৩৬)- বছুবুরনতিগ্রাহা বোষিতস্থনতঃ বিশ।

এবমগ্নির্বরং প্রাদাৎ দ্রীণামপ্রতিবাবণে।
বৈধিণ্যস্তত্র নার্য্যো হি যথেক্টং বিচবস্ত্যুত ॥৩৭॥
বর্জ্জ্মন্তি চ রাজানস্তৎ পুরং ভরতর্বভ।।
ভয়াদগ্রের্মহাবাজ ! তদাপ্রস্থৃতি সর্ববদা ॥৩৮॥
সহদেবস্ত ধর্মাত্মা সৈত্যং দৃষ্ট্বা ভয়াদ্দিতম্।
পবীতমগ্নিনা রাজন্! নাকম্পত যথা গিবিঃ।
উপস্পৃষ্য শুচিভূ ত্বা সোহত্রবীৎ পাবকং ততঃ ॥৩৯॥
সহদেব উবাচ।

ত্বদর্থোহয়ং সমারম্ভঃ কুষ্ণবর্ত্মন্ ! নমোহস্ত তে।
মুখং ত্বমসি দেবানাং যজ্ঞস্বমসি পাবক ! ॥৪০॥

ভাবতকোমূদী

জ্ঞামিতি। স্বৈবিণ্য: স্বেচ্ছাচাবিণ্যো যোবিত:, প্রতিগ্রাহ্ম: পতিভি: পরপুরুষ-সংসর্গানিবার্য্যা:, ন বভূবু:। কিলেত্যৈতিহে ॥৩৬॥

কিং তত্ত্র কাবণমিত্যাহ — এবমিতি। এবং ববং 'যুখং দ্বৈবিণ্যো ভবত' ইত্যেবম্ ॥৩ ।॥
বর্জ্জযন্তীতি। বাজানো বিজিগীধব ইত্যর্থঃ। তৎপুবং মাহিম্মতীনগবীম্ ॥৩৮॥
সহেতি। পবীতং ব্যাপ্তম্। উপস্পৃষ্ঠ আচম্য। ষ্ট্পাদোহমং শ্লোকঃ ॥৩৯॥

ভাবতভাবদীপঃ

বাবণে প্রাতিকূল্যেন স্বীণাং বাবণং কর্ড্যুং ন শক্তঃ কশ্চিম্ভবিক্সতীতি বরঃ, তদেবাহ—বৈবিণ্য ইতি। ভর্জুবক্সক্ষ বা শবীবে প্রবিশ্বায়িবেবান্মাকং ভোগং কবোতীতি নিশ্চযাদিত্যর্থঃ

হে কুম্বকুলশ্রেষ্ঠ ! তৎকালে মাহিম্মতীনগবীতে বমণীরা স্বেচ্ছাচাবিণী হইযাছিল , কিন্তু পুরুষেবা তাহাদিগকে বাবণ কবিয়া বাখিতে পারিত না ॥১৬॥

বমণীগণেৰ অনিবাৰ্য্যতাবিষয়ে অগ্নিই এইৰূপ বৰ দিয়াছিলেন। তাই তখন বমণীবা স্বেচ্ছাচাবিণী হুইয়া ইচ্ছানুসাৰে বিচরণ করিত ॥৩৭॥

হে ভবতশ্রেষ্ঠ মহাবাজ! তদবধি সর্ববদাই জিগীয়ু বাজাবাও অগ্নিব ভযেই সেই মাহিম্মতীনগৰী বর্জন করিয়া আসিতেছেন ॥৩৮॥

বাজা! ধর্মাত্মা সহদেব কিন্তু আপন সৈন্তগণকে অগ্নিব্যাপ্ত ও ভযার্ত্ত দেখিয়াও পর্বৈতেব স্থায় অচল বহিলেন এবং আচমন কবিয়া পবিত্র হইয়া অগ্নিকে বলিতে লাগিলেন ॥৩৯॥

সহদেব বলিলেন—"হে অগ্নিদেব। আপনার জন্মই এই যুদ্ধ; মাপনাকে নমস্কাব কবি। আপনি দেবগণেব মুখ এবং আপনিই যজ্ঞ ॥৪ •॥

⁽৩৭)--- হৈবিশ্যো যত্র নার্যো হি যথেষ্টা প্রচহস্কাত।

⁽৩৮) বর্জনম্ভি চ তম্রাল্যং রাজানঃ পুরুষোত্তম ! • ।

vs (e)

পাবনাৎ পাবকশ্চাসি বহনাদ্বব্যবাহনঃ।
বেদাস্থদর্থং জ্বাতা বৈ জাতবেদান্ততো হুসি ॥৪১॥
চিত্রভানুঃ স্থবেশশ্চ অনলস্ত্যং বিভাবসো!।
স্বর্গদ্বারস্পৃশশ্চাসি হুতাশো জ্বলনঃ শিখী ॥৪২॥
বৈশ্বানবস্ত্যং পিরেশঃ প্রবঙ্গো ভূবিতেজসঃ।
কুমারসূস্ত্যং ভগবান্ রুদ্রগর্ভো হিবণ্যকুং ॥৪৩॥
অগ্রির্দদাতু যে তেজো বায়ুঃ প্রাণং দদাতু যে।
পৃথিবী চ বলং দ্যাচ্ছিবঞ্চাপো দিশস্ত যে ॥৪৪॥
অপাং গর্ভ! মহাতেজঃ! জাতবেদঃ! স্থবেশ্বৰ।।
দেবানাং মুখময়ে। স্থং সত্যেন বিপুনীহি মাম্ ॥৪৫॥
ভাবতকৌমুদী

খদর্থ ইতি। খদর্থো রাজস্মযক্তার্থকাৎ। সমাবস্কো মৃক্ষন্, কুক্তবর্ত্মন্। আরে। ॥৪•॥ পাবনাদিতি। পাবনাৎ পবিত্তীকরণাৎ। বহনাৎ হবির্ধাবণাৎ ॥৪১॥

চিত্রেতি। বর্গদাবস্পুশং, প্রচুরতবত্বতগ্রহণেন অতীবোদ্ধদেশপাদিতি ভাবং ॥৪২॥

বৈখেতি। বিশেষ নরেষ জঠবায়িরপেন তিষ্ঠতীতি বৈশানরং, পিঙ্গানাং পিঙ্গলবর্ণানাং প্রধানাম কলঃ শ্রেষ্ঠা, বনাদো বানরাদিবং প্লবেন গছতীতি প্লবঙ্গঃ, ভূবিতেজন ইতি আর্বভাদং বছবচনং বা, কুমাবং কার্ত্তিকেষং প্রত ইতি কুমারখঃ, কলো কন্তশক্তির্গর্ভে যন্ত নং, নংহারক্তাৎ, হিবণ্যক্রং স্বর্ণাৎপাদকল্য ॥৪৩॥

অগ্নিবিতি। তেন্ন উৎসাহম্, প্রাণং মানসিকবলম্, বলং দৈহিকশক্তিম্, শিবং মন্সলঞ্চ, আপো জলম্, দিশস্ক দদ্তু। ভূততবাগ্নেঃ সংদর্গাদেব বাম্বাদিবপি প্রার্থনা ॥৪৪॥

অপামিতি। অপাং গর্ভ। জ্বপুত্র। "অদ্ভান্তেজাংদি" ইতি শ্রুতে:। জং দেবানাং নৃথম্, জবৈষ তৈর্জোজনাদিতি ভাবঃ। সভ্যেন স্বদীয়েন সত্যজ্যোতিয়া ৪৪৫।

আপনি পবিত্র কবেন বলিয়া পাবক এবং হবি বহন কবেন বলিয়া হব্যবাহন, জাব বেদ সকল আপনাব জন্ম জন্মিয়াছিল বলিয়া আপনি জাঠবেদা ॥৪১॥

হে অগ্নিদেব ! আপনি চিত্রভান্ন, স্থবেশ, অনল, স্বর্গদাবস্পর্ণী, হুতাশন, জ্বলন ও শিখী ॥৪২॥

দেব! আপনি বৈশ্বানব, পিঙ্গেশ, প্লবন্ধ, ভূরিভেজা, কার্ত্তিকেযেব জনক, মাহাত্মশালী, ক্তমজ্ফিসম্পন্ন এবং স্ম্বর্ণোৎপাদক (টীকা ব্রষ্টব্য) গ্রহুথা

অগ্নি আমাৰ তেন্ত্ৰ, বাযু আমাৰ মানসিক বল, পৃথিবী সামাৰ দৈহিক বল এবং জলু আমাৰ মঙ্গল দান ককন ॥৪৪॥

অগ্নিদেব। আপনি জলসমুভ, মহাভেজা, জাতবেদা, দেবগণেব ঈশ্বব এবং দেবগণেব সুখ , আপনি সভ্য জ্যোভিদ্বাবা আনাকে পবিত্র করুন ॥৪৭॥ ঋষিভিত্র ক্লিণৈ দৈব দৈবতৈবস্থ রৈবপি।
নিত্যং স্থলত। যজেষু সত্যেন বিপুনীহি মাম্॥৪৬॥
ধূমকেছুঃ শিখী চ ছং পাপহাহনিলসম্ভবঃ।
সর্বপ্রাণিষু নিত্যস্থঃ সত্যেন বিপুনীহি মাম্॥৪৭॥
এবং স্ততোহসি ভগবন্! প্রীতেন শুচিনা ময়া।
তুষ্টিং পুষ্টিং শ্রুতিঞ্চায়ে! প্রীতিঞ্চৈব প্রয়ছ মে॥৪৮॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যেবং মন্ত্রমাগ্নেবং পঠন্ যো জুহুযাদ্বিভূম্। শুদ্ধিমান্ সততং দান্তঃ সর্ব্বপাপেঃ প্রমূচ্যতে ॥৪৯॥

সহদেব উবাচ।

যজ্ঞবিদ্বমিমং কর্ত্ত্ব্ধুং নার্হস্তং হব্যবাহন। ।
এবমূক্ত্ব্বা তু মাদ্রেয়ঃ কুশৈবান্তীর্য্য মেদিনীম্ ॥৫০॥
বিধিবৎ পুরুষব্যান্ত্রঃ পাবকং প্রত্যুপাবিশৎ।
প্রমুখে সর্ববৈদন্তস্ত ভীতোদ্বিগ্রস্ত ভাবত। ॥৫১॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

খবিভিরিতি। যজেষ্ স্থত। হবিংপ্রক্ষেপাম্পদীরত। ॥৪৬॥

থ্মেতি। অনিলাৎ সম্ভবতি বাছল্যেনোৎপত্তত ইতি সং। নিত্যম্বো জাঠবাগ্নিরপেণ ॥৪ ৭॥

এবমিতি। শ্রুতিং জ্ঞানম্। প্রীতিং নীলবাজাৎ কবগ্রহণানন্দম্ ॥৪৮॥

ইতীতি। বিভূং ব্যাপিনমগ্নিম্। দান্ত ইন্সিবদমনশীলং ॥৪৯॥

যজেতি। নার্হো ন যোগ্যঃ, যজ্জন্ম বৃদ্দেশ্যক্বাদিতি ভাবং। আন্তীর্য আবৃত্য।
পাবকমগ্নিং প্রতি লক্ষ্যীকৃত্য। প্রমুখে ॥৫০ —৫১॥

ঋষিগণ, ব্রাহ্মণগণ, দেবগণ এবং অস্থবগণ সর্ববদাই যজ্ঞে আপনাতে হোম কবিয়া থাকেন; আপনি সভ্য জ্যোতি দ্বাবা আমাকে পবিত্র কব্দন ॥৪৬॥

দেব! আপনি ধ্মকেতু, শিখী, পাপনাশক, বাযুদম্ভব এবং সর্ব্বদা সর্ব্ব প্রাণীতে অবস্থিত , আপনি সত্য জ্যোতি দ্বাবা আমাকে পবিত্র ককন ॥৪৭॥

ভগবন্ অগ্নিদেব ! আমি প্রীত ও পবিত্র হইয়া এইরূপ আপনাব স্তব কবিলাম , আপনি আমাকে তুষ্টি, পুষ্টি, জ্ঞান ও প্রীতি দান কবন" ॥৪৮॥

বৈশম্পায়ন বলিলেন—যে ব্যক্তি শুদ্ধ ও ইন্দ্রিয়সংযত হইয়া এইরূপ আগ্নেয় মন্ত্র পাঠ কবতঃ হোম কবিবেন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইবেন ॥৪৯॥

সহদেব বলিলেন—"হব্যবাহন! আপনি এই যজেব বিদ্ন কবিতে পারেন না।" এই কথা বলিয়া পুকষত্রেষ্ঠ সহদেব ভীত ও উদ্বিয় সমস্ত সৈন্সেব ন চৈনমত্যগাদ্বহ্নির্বেলামিব মহোদধিঃ।
তমভ্যেত্য শনৈর্বহ্নিরুব্বিমিদং বচঃ।
সহদেবং নৃণাং দেবং সান্ত্বপূর্বিমিদং বচঃ।
উত্তিচোত্তির্চ কৌবব্য। জিজ্ঞাসেযং মথা কুতা ॥৫০॥ (যুগাকম্)
বেদ্মি সর্ব্বমভিপ্রাযং তব ধর্মান্তত্য চ।
মথা তু বক্ষিতব্যেযং পুরী ভবতসত্তম।॥৫৪॥
যাবদ্রোজ্ঞো হি নীলম্ম কুলে বংশধরা ইতি।
ঈপ্সিতং তু কবিষ্যামি মনসন্তব পাগুব।॥৫৫॥
তত উত্থায় হান্টাত্মা প্রাঞ্জলিঃ শিরসা নতঃ।
পূজ্যামাস মাদ্রেয়ঃ পাবকং পুরুষর্ষভঃ॥৫৬॥

ভাৰতকৌমুদী

নেতি। ন অত্যগাৎ অতিক্রমা তৎসৈত্মের্ ন লগ্নবান্। দেবং তবৎ প্রভাববন্তম। জিঞ্চাসা তব ধৈর্যাপবীক্ষার্থমেবৈতৎ কৃত্মিতার্থ: ॥৫২—৫৩॥

বেন্দীতি। ধর্মাস্বতক্ত মুখিষ্টিবক্ত চ। তর্হি পুবীমিমাং ডাকেত্যাহ—মযেতি sess অথ কিযক্তং কালং যাবদ্রক্তিতব্যেত্যাহ—যাবদিতি। মনস ঈন্সিতমিতি সম্বন্ধ: seess তত ইতি। মাজেযো মাজীপুত্র: সহদেব:, পাবকমন্নিম্ ॥ ৫৬॥

ভাৰতভাৰদীপঃ

॥৩৭ —৪৭॥ তৃষ্টিম্ অলংবৃদ্ধিম্। প্রীতিং কৃষ্যাৎ ॥৪৮॥ আরেয়ং মন্ত্রং শ্লোকরপং মন্ত্রাইকং জ্হয়াৎ পায়সাদিনা স্বাহাস্তৈমট্রেহে মিং কৃষ্যাৎ ॥৪৯ — ৫১॥ অত্যগাৎ এনম্ অতিক্রম্য সৈয়ং ন দদাহেতার্থ: ॥৫২—৭৬॥

ইতি শ্রীমহাভাবতে সভাপর্কনি নৈলক্ষীবে ভারতভাবদীপে জিংশোহধায়ঃ ॥৩০॥
সম্মুখে ভূতলে কুশ আস্তীর্ণ কবিষা অগ্নিব প্রতি দৃষ্টিপাত কবিতে থাকিযা, যথাবিধানে উপবেশন কবিলেন ॥৫০—৫১॥

সমুদ্র যেমন তীর অতিক্রম কবে না, সেইবাপ অগ্নি সহদেবকে অতিক্রম কবিলেন না; পবস্তু তিনি মমুদ্রক্রেষ্ঠ সহদেবেব নিকটে ঘাইয়া শাস্তভাবে ধীবে ধীবে এই কথা বলিলেন—"হে কুকনন্দন। উঠুন উঠুন, আমি এটা আপনাব ধৈর্যাপবীক্ষা কবিয়াছি ॥৫২—৫৩॥

আমি আপনাব ও যুখিছিবেব সমস্ত অভিপ্রাযই জানি; কি হে ভবতপ্রেষ্ঠ! এই পুরীটী আমাব বক্ষা কবিতেই হইবে ॥৫৪॥

নীলবাজার বংশে যে পর্যান্ত বংশধৰ থাকিবে, সে পর্যান্ত বক্ষা কবিৰ , আবার আপনাব মনের অভীষ্ট সম্পাদনও কবিব" ॥৫৫॥

⁽১৪) - মন। পুরশিতবোদ্রং দদা ভরতসভ্য।, মনা তু ত্রণিতবা। পৃরিচং ভরতসভ্য।।

পাবকে বিনির্ত্তে তু নীলো রাজাহভ্যযান্তদা।
পাবকস্থাজ্ঞয়া চৈনমর্চবামাদ পার্থিবঃ।
দৎকাবেণ নবব্যান্ত্রং সহদেবং মুধাং পতিম্ ॥৫৭॥
দ প্রগৃহ্ছ চ তাং পূজাং কবে চ বিনিবেশ্য তম্।
মাদ্রীহৃতক্ততঃ প্রাযাদ্বিজ্বনী দক্ষিণাং দিশম্॥৫৮॥
ত্রৈপুবং দ বশে কৃত্বা বাজানমমিতোজসম্।
নিজগ্রাহ মহাবাহুস্তবদা পৌববেশ্ববম্॥৫৯॥
আকৃতিং কৌশিকাচার্য্যং যত্নেন মহতা ততঃ।
বশে চক্রে মহাবাহুঃ হ্ববাষ্ট্রাধিপতিং তথা॥৬০॥
স্থবাষ্ট্রবিষয়ত্বশ্চ প্রেযবামাদ ক্রক্সিণে।
বাজে ভোজকটন্থায় মহামাত্রায় ধীমতে।
ভীত্মকায় দ ধর্মাত্মা দাক্ষাদিন্দ্রদথায় বৈ॥৬১॥

ভাবতকৌমুদী

পাবক ইতি। অভ্যযাদ্যুক্তহানমাগাং। যুধাং যোধানাম্। বট্পদমিদং পদ্মম্ ॥ ৫ ৭॥
স ইতি। কবে কবগ্রহণাধিকাবে, তং নীলবাজম, বিনিবেশ্য সংস্থাপ্য ॥ ৫৮॥
ত্তৈপুবমিতি। তৈপুবং ত্তিপুহাধীখবম্। নিজগ্রাহ বিজিগ্যে। তবসা বলেন ॥ ৫ ॥
আক্বতিমিতি। আক্বতিং নাম, কৌশিকানামাচার্য্যমন্ত্রক্তম্ ॥ ৬ ০॥

স্থরাট্রেভি। স্থবাষ্ট্রবিষয়ণ্ড স্থবাষ্ট্রদেশস্থিত এব প্রেষযামাস দ্তমিতি শেষ:। ক্রিরণে তদাখ্যায়। ভৌজকটন্থায় ভৌজকটনগবগতায়, মহামাত্রায় মহাপবিমাণায় বিশালবাজ্যেশ্বায়েত্যর্থ:। ভীশ্মকায় তদাখ্যায় ক্রিপিত্রে চ। ইদম্পি ষট্পদং পদ্মম্ ৪৬১৪

তাহার পব, পুক্ষঞ্জেষ্ঠ সহদেব গাত্রোখান কবিষা হাষ্টচিত্তে কৃতাঞ্চলি ও অবনতমস্তক হইয়া অগ্নিদেবেব পূজা কবিলেন ॥৫৬॥

অগ্নিদেব ফিবিয়া গেলে, তখনই নীলবাজা যুদ্ধস্থানে উপস্থিত হইলেন এবং তিনি অগ্নিব আদেশক্রমে নবশ্রেষ্ঠ ও সেনাপতি সহদেবেব পূজা কবিলেন ॥৫ ৭॥

সহদেব সেই পূজা গ্রহণ কবিয়া এবং নীলরাজাব নিকট হইতে কব লইযা ক্রমশঃ দক্ষিণদিকে যাইতে লাগিলেন ॥৫৮॥

তাহার পব তিনি অসাধাবণ তেজস্বী ত্রিপুববাজকে বশীভূত কবিয়া, বলপূর্বক পৌবববাজকেও জয় কবিলেন ॥৫৯॥

তৎপবে মহাবাছ সহদেব কৌশিকাচার্য্য আকৃতিকে এবং স্থ্বাষ্ট্রদেশেব বাজাকে বশীভূত কবিলেন ॥৬০॥ স চাস্থ প্রতিজ্ঞাহ সমূতঃ শাসনং তদা।
প্রীতিপূর্ববং মহাবাজ। বামুদেবমবেক্ষ্য চ ॥৬২॥
ততঃ স বত্নান্থাদায় পুনঃ প্রাযাদ্যুধাং পতিঃ।
ততঃ শূর্পাবককৈব তালীকটমথাপি চ ॥৬৩॥
বশে চক্রে মহাতেজা দশুকাংশ্চ মহাবলঃ।
সাগবদ্বীপবাসাংশ্চ নৃপতীন্ মেচ্ছযোনিজান্ ॥৬৪॥ (যুগ্মকম্)
নিষাদান্ পুক্ষাদাংশ্চ কর্ণপ্রাববণানপি।
যে চ কালমুখা নাম নববাক্ষসযোনয়ঃ ॥৬৫॥
কুংসাং কোলগিবিশ্চব স্থবভীপট্টনং তথা।
দ্বীপং তাআহ্বযক্ষৈব পর্বতং বামকং তথা ॥৬৬॥

ভাবতকৌমুদী

স ইতি। শাসনমাদেশম্। বাস্থদেবং ক্লফ্ম্, অবেক্ষ্য পর্য্যালোচ্য। ক্লক্মিণীপতিঃ ক্লফো ভীম্মকশু জামাতা কল্মিণক ভগিনীপতিঃ, স চ যুধিষ্ঠিবস্ত পক্ষগত ইতি সহদেবেন সহ বিবোধো ন কর্ত্তব্য ইত্যালোচ্যেতি ভাবঃ ॥৬২॥

তত ইতি। ততো ভীমকাৎ, রত্বানি করকাণাণি। শূর্পাবকং তালীকটঞ্চ নগবম্। দণ্ডকান্ তদাখাং দেশম্। সাগবদ্বীপে বাসো যেবাং তান্ ॥৬৩—৬৪॥

নিষাদানিতি। পুক্ষাদান্ নকভোজিনো বাক্ষ্যানিতি যাবং, কর্ণপ্রাবরণান্ চর্মণৈব প্রাবৃতকর্ণান্ নববিশেষান্। যে চ কালম্খা নাম নববাক্ষ্যযোগনযো নববাক্ষ্যোত্যসংযোগ-

তদনস্থব ধর্মাত্মা সহদেব স্থবাষ্ট্রদেশে থাকিয়াই কন্মীব নিকট এবং বিশাল বাজ্যেব অধিপতি, বৃদ্ধিমান্ ও সাক্ষাৎ ইক্সেব সখা ভোজকটনগবস্থিত বাজা ভীত্মকেব নিকট দৃত প্রেবণ কবিলেন ॥৬১॥

মহাবাজ। তখন ভীদ্মকবাজাব পুত্র কল্পীব সহিত মিলিত হইযা, কৃঞ্বে সহিত যুধিষ্ঠিবেৰ সম্বন্ধ পর্য্যালোচনা কবিয়া, প্রীতিপূর্বক সহদেবেৰ আদেশ গ্রহণ কবিলেন ॥৬২॥

তাহাব পব সেনাপতি সহদেব ভীষ্মকবাজাৰ নিকট হইতে নানাবিধ বৰু কব লইয়া পুনবায গমন কবিতে লাগিলেন, তৎপৰে শূৰ্পাবক ও তালাকট-নগবেব বাজাকে, দণ্ডকদেশেব বাজাকে এবং সাগবদ্বীপবাসী ফ্রেচ্ছবাজগণকে বশীভূত কবিলেন ॥৬৩—৬৪॥

মহামতি সহদেব নিবাদগণ, বাক্ষসগণ, কর্ণপ্রাব্বণগণ, নর্নাক্ষসোভ্যজাত কালমুখগণ, সমগ্র কোলগিবি, স্থ্রভীপট্টন, তাত্রদ্বীপ, বামপর্বত এবং তিমিছিল

⁽७८) - नवा ब्राक्तमरयोनगः। (७७) कुर्यः स्त्रांनिविदेशवमुददीभटनः ७५।।

তিমিঙ্গিলঞ্চ স নৃপং বশে কৃত্বা মহামতিঃ।
একপাদাংশ্চ পুরুষান্ কেবলান্ বনবাসিনঃ॥৬৭॥
নগবীং সঞ্জযন্তীঞ্চ পাষণ্ডং কবহাটকম্।
দূতৈবেব বশে চক্রে করকোনদাপয়ৎ॥৬৮॥ (কলাপকম্)
পাণ্ড্যাংশ্চ দ্রেবিড়াংলৈচব সহিতাংশ্চোড়কেবলৈঃ।
আটবীঞ্চ পুবাং বম্যাং যবনানাং পুরং তথা।
দূতেবেব বশে চক্রে করকোনদাপয়ৎ॥৭০॥ (যুগ্মকম্)
ততঃ কচ্ছগতো বীমান্ দূতান্ মাদ্রবতীহ্বতঃ।
প্রেষয়ামাস বাজেন্দ্র। পোলস্ত্যায় মহাত্মনে।
বিভীষণায় ধর্মাত্মা প্রীতিপূর্ব্বমবিন্দমঃ॥৭১॥
স চাস্থ প্রতিজ্ঞাহ শাসনং প্রীতিপূর্ব্বকম্।
তচ্চ কালকৃতং ধীমানভ্যমন্থত স প্রভুঃ॥৭২॥

ভাবতকোমূদী

জাতাস্তানপি। ক্রংক্ষং সর্কম্। তিমিঙ্গিলং নাম। কেরলান্ বনবাসিন ইতি সামানাধিকবণ্যম্, প্রত্তাপি কেবলাভিধানাৎ। পাবগুং কবহাটঞ্চ তদাখ্যম্ ॥৬৫—৬৮॥

পাগ্যানিতি। উদ্ধকেবলাখ্যো দেশো। আটবীং বনস্থায় ॥৬৯ — १०॥

তত ইতি। কচ্ছগতঃ সমূল্র জনপ্রাধনেশস্থিতঃ, "জনপ্রাধমনৃপং স্থাৎ পুংসি কচ্ছঃ" ইত্যমবঃ। প্রীতিপূর্বাং ন পুনর্বীবন্ধগর্বেণোদ্বতাপূর্বাং পরাজধানাধাতি ভাবঃ। বিভীষণক্ত চিরজীবিছাত্তদানীমপি ছিতিনাঞ্চপপনা। তথা চোজেম্ —''অশ্বত্থামা বলিব্যাসো হন্মাংশ্চ বিভীষণঃ। কুপঃ
পরস্তবাসন্দ সঠিতেতে চিরজীবিনঃ।" বটুপাদোহ্যং ক্লোকঃ। ১১।

রাজ্ঞাকে বশীভূত কবিয়া, কেবল দৃত পাঠাইয়াই একপাদ পুক্ষদিগকে, বনবাসী কেবলগণকে, সঞ্জয়ন্তীনগবী, পাষণ্ডগণ একং কবহাটকগণকে বশীভূত কবিলেন এবং তাহাদের নিকট হইতে কব আদায় কবিলেন ॥৬৫—৬৮॥

সেইনপ কেবল দৃত পাঠাইযাই তিনি পাণ্ডাদেশ, দ্ববিড়দেশ, উদ্রদেশ, কেবলদেশ, অব্রদেশ, তালবনদেশ, কলিঙ্গদেশ, উট্রকর্নিকদেশ, মনোহব আটবীপুরী এবং যবনপুরী বশীভূত কবিলেন এবং তাহাদেব নিকট হইতে কর গ্রহণ কবিলেন ॥৬৯—৭০॥

তাহাব পব, বৃদ্ধিমান্ ও ধর্মাত্মা সহদেব সমুদ্রেব তীবে থাকিয়াই প্রীতিপূর্ব্বক মহাত্মা বিভীষণেব নিকট কতকগুলি দূত পাঠাইয়া দিলেন ॥৭১॥

⁽৬৮)---পীণ্যাকং করহাটকম্---। (१•) দ্বিতীশৃদ্ধি হচিন্নান্তি।

ততঃ স প্রেষযামাস বজানি বিবিধানি চ।
চন্দনাগুরুকান্ঠানি দিব্যাস্থাভবণানি চ॥৭৩॥
বাসাংসি চ মহার্হাণি মণীংশ্চৈব মহাধনান্।
ন্থাবৰ্ত্তত ততো ধীমান্ সহদেবো মহামনাঃ॥৭৪॥ (যুগ্মকম্)
এবং নির্ভিত্তত তবসা সান্তেন বিজ্ঞবেন চ।
করদান্ পার্থিবান্ কৃত্বা প্রত্যাগচছদবিন্দমঃ॥৭৫॥
ধর্মবাজায তৎ সর্ববং নিবেগ্য ভবতর্বভ।।
কৃতকর্ম্বা স্থাং বাজন্মুবাস জনমেজয়।॥৭৬॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং সভাপর্ববি দ্বিথিজযে সহদেবদক্ষিণদিথিজযো নাম ত্রিংশোহধ্যাযঃ ॥০॥ #

ভাবতকোমুদী

স ইতি। স বিভীৰণ:। শাসনমাদেশম্। তচ্চ মাপ্তৰশাসনম্, কালক্কতং যুগধর্মেণৈব কৃতম্, ত্রেতাবাং মহাপ্রভাবশালিন আত্মনো ঘাপবাস্তে নিতবাং স্থবিবত্যা শক্তিক্ষযাৎ। অতএব চ তৎ শাসনং প্রতিজ্ঞাহেতি ভাবঃ ॥ ৭২॥

তত ইতি। স বিভীবণ:। মহাহ'াণি মহামূল্যানি। মহাধনান্ মহামূল্যান্॥৭০—१৪॥ এবমিতি। তবসা বলেন, সাম্বেন সামপ্রযোগেণ, বিজ্ঞবেন কৃটকোশলক্বতজ্বনে চ। প্রত্যোগচ্ছৎ ইন্ত্রপ্রস্থমিতি শেষঃ, অবিন্দমঃ সহদেবঃ ॥৭৫॥

বিভাষণ ৫ প্রীতিপূর্বকই সহদেবেব আদেশ গ্রহণ কবিলেন। কাবণ, বৃদ্ধিশান্ বিভাষণ সেই মানুষেব আদেশ কালেই কবিয়াছে বলিয়া মনে কবিয়াছিলেন ॥৭২॥

তৎপৰে বিভীষণ নানাবিধ বত্ন, চন্দন ও অগুৰুকান্ঠ, দিব্য অলঙ্কাব, মহামূল্য বস্ত্ৰ এবং মহামূল্য মণি—এই সকল জব্য কৰম্বৰূপে পাঠাইযা দিলেন , বৃদ্ধিমান্ ও মহামনা সহদেব সেই সমস্ত লইযা সেখান হইতেই ফিরিলেন ॥৭৩ – ৭৪॥

এইভাবে শক্রহন্তা সহদেব বল, সামব্যবহাব ও কৃটকৌশলপ্রযোগে সমস্ত রাজাকেই বশে আন্যনপূর্বক কবদ কবিয়া ইন্দ্রপ্রস্থে ফিরিযা আসিলেন ॥৭৫॥

হে ভবতশ্রেষ্ঠ রাজা জনমেজয়। সহদেব কৃতকার্য্য হইয়া ফিবিয়া

⁽१७) हन्त्रनाख्यम्थानि पिवानि गयनानि ह। (१८) --- मर्एत्यः खडापवान्।

^{* &#}x27; ... এক दिः रगोर्थां गोर्थः', ' -- बो दिः रगोर्थः' । इंटः शृदः वृदः विकाशित्र शृद्धाः । विधिको मृत्यार्थः ।

একব্রিংশোহ্ধ্যায়ঃ।

--%:

বৈশম্পায়ন উবাচ।

নকুলস্থা তু বক্ষ্যামি কর্মাণি বিজ্ঞয়ং তথা।
বাস্তদেবজিতামাশাং যথাহসাবজ্ঞয়ৎ প্রভুঃ ॥>॥
নির্যায় থাগুবপ্রস্থাৎ প্রতীচীমভিত্যো দিশম্।
উদ্দিশ্য মতিমান্ প্রাযান্মহত্যা সেনয়া যুতঃ ॥২॥
সিংহনাদেন মহতা যোধানাং গর্ভ্জিতেন চ।
বথনেমিনিনাদৈশ্চ কম্পয়ন্ বস্থধামিমাম্ ॥৩॥ (বুগাকম্)
ততো বহুবিধং বম্যং গবাশ্বধনধান্যবং।
কার্ত্তিকেয়স্থা দয়িতং বোহীতকম্পাদ্রবং।
তত্র যুদ্ধং মহচ্চাদীচ্ছ বৈর্মন্তমব্বকৈঃ ॥৪॥

ভাৰতকৌমূদী

ধর্মেতি। তৎ সর্বাং দক্ষিণদিয়িজ্যলব্ধ ধনম্। উবাস সহদেব ইতি শেষঃ ১৭৬: ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিস্কৃতিতামাং মহাভা তেই নাম ভারতবেশিন্দীসমাধ্যামাং সভাপর্বাণি দিয়িজ্যে বিংশোধ্ধ্যামঃ ১০১

-:+:--

নকুলক্ষেতি। বাস্থদেবজিতামিতানেন তদিলবদোকধাং সংশোধন ৩২ কানক পঠি এন ১১ নির্বাদেতি। প্রতীচীং দিশন্ অভিতঃ প্রতি। উদ্দিশ্ত বিল্লমনিতি শেকা। যে,ধানাং ভানিন্দ্র ব্যানাং যা নেক্ষণক্রপ্রান্তান্তাধানাং নিনাদৈশ্য ।২—এঃ

আসিয়া সেই সমস্ত ধনই যুধিছিবকে নিবেদন কৰিয়া দিয়া স্থান বাস কৰিছে। লাগিলেন ॥৭৬॥

বৈশপায়ন বলিলেন—প্রভাবশালী নবুল মেডারে ব্যক্তর বিত্র পশ্চিমদিব্ জয় কবিয়াছিলেন, সেই ঘটনা এবং ডাঙার মানুষ্ঠির গটনা বি বলিব ৷খে

বুলিমান্ নকুল বিশাল সৈয়ের সহিত ইঞ্জস্থ ইইছে নির্ভিট্ট নান সিংহনার, যোদ্ধারিকোর গ্রাম এবং কার্যের শাসে এই পুনিনারে কলিকে বর্কার মান্ত্রাকার বিশ্ব পরিস্থানিক যাত্রাক বিশ্বের ১—৩.

মকভূমিং দ কাৎ স্থান তথৈব বহুধান্তকম্।
শৈবীষকং মহোত্মঞ্চ বশে চক্রে মহাক্রতিঃ ॥৫॥
আক্রোধঞ্চৈব বাজ্মিং তেন যুদ্ধমভূনাহৎ।
তান্ দশার্ণান্ দ জিত্বাথ প্রতস্থে পাণ্ডুনন্দনঃ ॥৬॥ (যুগাকম্)
শিবীংস্ত্রিগর্ত্তানস্বষ্ঠান্ মালবান্ পঞ্চ কর্মচান্।
তথা মাধ্যমিকাংশ্চৈব বাটধানান্ দ্বিজ্ঞানথ ॥৭॥
পুনশ্চ পরিব্রত্যাথ পুন্ধবাবণ্যবাসিনঃ।
গণান্তুৎসবসক্ষেতানজ্মৎ পুক্ষর্ষভঃ ॥৮॥ (যুগাকম্)
সিন্ধুকূলাজ্মিতা যে চ গ্রামণীয়া মহাবলাঃ।
শ্দ্রোভীবগণাশ্চেব যে চাজ্রিত্য সবস্বতীম্।
বর্ত্তবন্ধি চ যে মৎক্রৈর্থে চ পর্বতবাসিনঃ ॥৯॥

ভাবতকোসুদী

তত ইতি। বোহীতকং পর্বতম্। মন্তমবৃবকৈন্তদাথৈয়া। ষট্পাদোহনং শ্লোক: ॥৪॥
মর্ব্বিতি। শৈবীষকং মহোত্মঞ্চ দেশম্। আক্রোধং নাম বান্ধবিঞ্চ বশে চক্রে ইতি সম্বন্ধঃ।
দশার্থান্ তদাখ্যং দেশম্। প্রতন্থে প্রতীচীমেব ॥৫—৬॥

শিবীনিতি। শিবিপ্রভৃতযো দেশাঃ। দিলান্ ক্ষত্রিধান্। উৎসবে বমণামোদে সম্ভেতঃ স্ত্রীযু হস্তাদিসংক্ষা যেবাং তান্। এতে তু দিগস্তবেহপি স্থিতাঃ পূর্বং জ্ঞাতাঃ ॥৭—৮॥

দিন্ধিত । গ্রামণীয়া গ্রামাধিপবংশোদ্ভবা:, "গ্রামণীর্নাপিতে পুংদি শ্রেষ্ঠে গ্রামাধিপে তির্" ইত্যমর:। আভীবা গোপা:। দবস্বতীং নদীম্। বর্ত্তবন্ধি জীবিকাং নির্ব্বাহয়ন্তি ধীববা ইত্যর্থ:। এতান্ দর্ববিদ্যান্ত্রমদিতি পূর্ব্বেণ দস্ক:। ষট্পাদোহনং শ্লোক: ॥>॥

তাহাব পব তিনি বোহীতকপর্বতে উপস্থিত হইলেন, সে পর্বতিটীব আকাব-প্রকাব বড়ই স্থন্দর ছিল এবং সেখানে গব্দ, ঘোডা, ধন ও ধান্য প্রচুব ছিল, ভাহাতেই সে পর্ববিতী কার্দ্ধিকেব প্রিয় ছিল। সেখানে মন্তমযূবনামক বীবগণেব সহিত নকুলেব গুক্তব যুদ্ধ হইল॥৪॥

তংপবে অসাধাবণ তেজম্বী নকুল সমস্ত মকভূমি, প্রচুব ধাত্যপূর্ণ শৈবীবকদেশ ও মহোত্মদেশ এবং সেই দেশীয় বাজা আক্রোধকে বশীভূত কবিলেন; কিন্তু তাঁহান সহিত নকুলেব গুৰুতব যুদ্ধ হইথাছিল। তাহাব পব নকুল দশার্গদেশ জ্য কবিয়া আবাব পশ্চিমদিকে যাইতে লাগিলেন ॥৫——৬॥

শিবি, ত্রিগর্ভ, অম্বর্ছ, মালব, পঞ্চ কর্বেট, মাধ্যমিক ও বাটধানদেশীয় ক্ষত্রিযগণবে জয় কবিয়া, আবাব তথা হইতে ফিবিয়া আসিয়া পুদ্দাবণ্যবাসী উৎসবসম্ভেনামত বীবগণকে জয় কবিলেন ॥৭—৮॥

⁽१)... श्रक दर्भ जैन एका नश्चायत्वाः महः ।

কৃৎস্নং পঞ্চনদক্ষৈব তথা চামবকণ্টকম্।
উত্তবজ্যোতিষক্ষৈব তথা দিব্যকটং পুবম্।
দাবপালঞ্চ তবসা বশে চক্রে মহাত্যুতিঃ॥>০॥
বামঠান্ হাব-হুণাংশ্চ প্রতীচ্যাক্ষৈব যে নৃপাঃ।
তান্ সর্ববান্ স বশে চক্রে শাসনাদেব পাগুবঃ॥>>॥
তত্রস্থঃ প্রেষধামাস বাস্তদেবায় ভাবত!।
স চাপি যাদবৈঃ সার্দ্ধং প্রতিজ্ঞাহ শাসনম্॥>২॥
ততঃ শাকলমভ্যেত্য মন্দ্রাণাং পুটভেদনম্।
মাতুলং প্রীতিপূর্বেবণ শল্যং চক্রে বশে বলী॥ ৩॥
স তেন সৎকৃতো রাজ্ঞা সৎকাবার্হো বিশাংপতে।।
বত্বান্যাদায় ভূবীণি সম্প্রতম্থে যুধাং পতিঃ॥>৪॥

ভাবতকৌমুদী

কুৎস্বমিতি। দ্বাবপালং তদাখ্যং পূ্বম্। তবসা বলেন। অ্যমণি ষ্ট্পাদঃ শ্লোকঃ ॥১০॥
বামঠানিতি। শাসনাদেব দ্তদাবা আদেশাদেব। পাণ্ডবো নকুলঃ ॥১১॥
তত্ত্বস্থ ইতি। প্রেবধামাস দ্তমিতি শেষঃ। শাসনং নকুলক্ত কবদানাদেশম্ ॥১২॥
তত্ত ইতি। শাক্লং নাম, পুটভেদনং পুবম্ "পৃঃ স্ত্রী পুরীনগর্ষ্যে বা পত্তনং পুটভেদনম"
ইত্যমবঃ। প্রীতিপূর্ব্বেণ দ্তদ্বাবকাদেশেন। বলী নকুলঃ ॥১৩॥

স ইতি। সংকৃতঃ কবরপবত্মাদিদানেন সমানিতঃ। মুধাং পতির্নকুলঃ ॥১৪॥

যে সকল গ্রামাধ্যক্ষবংশীয় মহাবীব সমুদ্রতীবে বাস কবিত, যে সকল শৃদ্র ও গোপ সরস্বতীনদীব তীবে থাকিত, যাহাবা মংস্থ দ্বারা জীবিকানির্ব্বাহ কবিত এবং যাহাবা পর্বতবাসী ছিল, নকুল তাহাদিগকেও জয় কবিলেন ॥১॥

তৎপবে মহাতেজ্ঞা নকুল সমস্ত পঞ্চনদদেশ, অমবকণ্টকদেশ, উত্তৰজ্যোতিষদেশ, দিব্যকটপুর ও দারপালপুব বলপূর্ববক বশীভূত কবিলেন ॥১০॥

তাহার পব, নকুল দৃত দ্বাবা আদেশ পাঠাইষাই রামঠ, হাব, হুণ এবং পশ্চিম দিকেব রাজগণকে আয়ত্ত কবিলেন ॥১১॥

হে ভবতনন্দন! তদনস্তর নকুল সেখানে থাকিয়াই কৃষ্ণেব নিকট দূত পাঠাইলেন; কৃষ্ণেও যাদবগণেব সহিত মিলিত হইযা নকুলেব আদেশ গ্রহণ কবিলেন॥১২॥

্তাহাব পৰ, বলবান্ নকুল মজদেশীযগণেব বাজধানী শাকলে যাইয়া প্রীতিপূর্ববিক দুত পাঠাইয়া মাতুল শল্যকে বশীভূত কবিলেন॥ ৩॥

⁽১•) ... তথৈবামবপর্ববতম্। (১৪) স তস্মিন্ সংক্রতো বাজ্ঞা...।

ততঃ সাগবকৃষ্ণিস্থান্ শ্লেচ্ছান্ প্ৰমদারুণান্।
পক্ষবান্ বৰ্ববাং শৈচব তান্ সৰ্ববাননযন্ত্ৰশম্ ॥১৫॥
ততো বত্নাম্যুপাদায় বশে কৃত্বা চ পাৰ্থিবান্।
বৈশস্পায়ন বলিলেন—স্বর্ণময় প্রাণী হইতে পাবে না, ইহা বাম জানিতেন; তথাপি তিনি স্বর্ণময় হবিণেব জন্ম লোভ কবিয়াছিলেন; স্থতবাং বলিতে হইবে যে, বিপদ্ নিকটবর্তী হইলে, প্রায় লোকেব বৃদ্ধিই বিপরীত হইযা থাকে॥৫॥

এই কথা বলিতে বলিতেই যুধিষ্ঠিব ভ্রাতাদেব সহিত ফিবিলেন এবং শকুনিব শঠতা জানিযাও পুনবায় দ্যুতক্রীড়া কবিবাব জন্ম আগমন কবিলেন ॥৬॥

তাঁহাবা আসিয়া আবাবও সেই সভায প্রবেশ করিলেন এবং বন্ধুগণের চিত্তে তঃখ জন্মাইলেন ॥৭॥

শকুনি বলিলেন—"হে ভবতশ্রেষ্ঠ। বৃদ্ধ ধৃতবাষ্ট্র যে ভোমাদেব ধন ফিবাইযা দিয়াছেন, আমরা ভাহার প্রশংসাই কবিয়াছি। এখন একটা মহামূল্য পণেব বিষয় আমার নিকট শ্রবণ কব ॥৮॥

⁽৭) শ্লোকাৎ প্ৰময়ম্বিক: শ্লোক: ৰুচিৎ। যথা—"যথোপজোষমাসীনা: পুন্দ্ৰ্যতপ্ৰবৃত্তয়ে। স্কলোকবিনাশায দৈবেনোপনিপীভিতাং" ।

ত্রবোদশঞ্চ স্বজনৈবজ্ঞাতাঃ পবিবৎসবম্।
জ্ঞাতাশ্চ পুনবক্যানি বনে বর্ষাণি দ্বাদশ ॥>০॥
অস্মাভির্নিজিতা যুয়ং বনে দ্বাদশ বৎসবান্।
বসধ্বং ক্রফ্ডবা সার্দ্ধমজিনেঃ প্রতিবাসিতাঃ ॥>>॥
ত্রবোদশঞ্চ স্বজনবজ্ঞাতাঃ পবিবৎসবম্।
জ্ঞাতাশ্চ পুনবক্যানি বনে বর্ষাণি দ্বাদশ ॥>২॥
ত্রবোদশে নির্ত্তে তু পুনবেব যথোচিতম্।
স্ববাজ্যং প্রতিপত্তব্যমিতবৈরবথবেতবৈঃ ॥>০॥
অনেন ব্যবসাযেন সহাম্মাভির্যুধিষ্ঠির।।
অক্ষানুপ্রাুণ পুনদ্যতমেহি দীব্যস্ব ভাবত।॥>৪॥

ভাবতকৌমুদী

ত্রযোদশমিতি। অজ্ঞাতা যত্র কুত্রাপি বংস্থাম ইতি শেব:। বনে বংস্থাম:॥১•॥

অন্মাভিবিতি। কৃঞ্মা দ্রৌপম্বা। প্রতিবাদিতা আবৃতাঙ্গা: ॥১১॥

ত্রযোদশমিতি। পূর্ব্বসমানার্থমিদম্ ॥১২॥

ত্রযোদশ ইতি । ত্রযোদশে বর্ষে, নিবৃত্তে অতীতে তু, যুদ্দিতবৈবস্মাভিঃ, অথবা অস্মদি-তবৈযুদ্মাভিঃ, পুনবেব ঘণোচিতং স্ববাজ্যম্, প্রতিপত্তব্যং লক্ষব্যম্ ॥১৩॥

অনেনেতি। হে ভাবত মুখিষ্টির। অনেন ব্যবসায়েন পণনিষমেন, অক্ষান্ শুটিকাঃ, উপ্তরা নিক্ষিপ্য, পুন্দ্র্যতং কর্তুমেহি, অস্মাতিঃ সহ, দীবান্ধ ক্রীড ॥১৪॥

দ্যুতক্রীড়ায় তোমবা আমাদিগকে জ্বয় কবিতে পাবিলে আমবা মুগচর্ম্ম পবিধান কবিয়া মহাবনে প্রবেশপূর্বক বাব বংসব বাস করিব ॥১॥

আব আত্মীয়স্বজনের মজ্ঞাতভাবে এক বংসব যে কোন স্থানে বাস কবিব;তখন যদি আত্মীয়স্বজনেবা আমাদেব সংবাদ জানিতে পাবে, তবে আবার অপব
বার বংসর বনে বাস কবিব ॥১ ॥

আবার আমবা তোমাদিগকে জয় করিতে পাবিলে, তোমবাও মুর্গচর্দ্ম পবিধান কবিয়া জৌপদীব সহিত বনে যাইয়া বাব বংসব বাস কবিবে ॥১১॥

এবং আত্মীয়ম্বজনেব অজ্ঞাতভাবে এক বংসব যে কোন স্থানে বাস কবিবে; তথন যদি আত্মীযম্বজনেবা তোমাদেব সংবাদ জানিতে পাবে, তবে আবাব অপব বাব বংসর বনে বাস কবিবে ॥১২॥

তা'ব পব, ত্রযোদশ বংসব অতীত হইলে, আমবা বা তোমবা পুনবায উপযুক্তভাবে আপন রাজ্য লাভ কবিব ও করিবে ॥১৫॥

^{(&}gt;॰) ত্রয়োদশঞ্চ সম্প্রনে অক্সাতা: । (>২) ত্রযোদশঞ্চ-সম্প্রনে অক্সাতা: । ।

অথ সভ্যাঃ সভামধ্যে সমুচিছ্ তকরাস্তদা।
উচুরুদ্বিগ্রমনসঃ সংবেগাৎ সর্বব এব হি ॥>৫॥
সভ্যা উচুঃ।
অহো ধিগ্ বান্ধবা নৈবং বোধয়ন্তি মহন্ত্যম্।
বন্ধাে বোধাং ন বধান্তে স্বয়ঞ্চ ভবতর্ষভাঃ॥>৬॥

বুদ্ধ্যা বোধ্যং ন বুধ্যন্তে স্বয়ঞ্চ ভবতর্ষভাঃ ॥>৬॥
বৈশম্পায়ন উবাচ।
জনপ্রবাদান্ স্থবহূন্ ইতি শৃথন্ নরাধিপাঃ।
হিয়া চ ধর্মভঙ্গাচ্চ পার্থো দ্যুত্মিয়াৎ পুনঃ ॥>৭॥

ভাবতকৌমুদী

অথেতি। সম্জ্রিতকবা নিবাবণায় উত্তোলিতহন্তা:। সংবেগাৎ সম্ভ্রমাৎ ॥১৫॥
অহো ইতি। মহন্তবস্, একভববনবাদেহপীতি ভাব:। আত্মনো বুদ্যৈব বোধ্যং ন তু
প্রেণ ॥১৬॥

জনেতি। ইতি ইখন্। দ্রিয়া ভষান্নিবৃত্ত ইতি লজ্জ্যা, ধর্মভঙ্গাৎ "আহুতো ন নিবর্জেয" ইতি প্রতিজ্ঞাভঙ্গভষাচেত্যর্থ:। পার্থো যুধিষ্ঠিবঃ, পুনদ্র্তিং কর্জুন্ ইয়াৎ গতবান্॥১৭॥

ভাবতভাবদীপঃ

যথান্থখন্ ॥১॥ পৃঞ্জিভমিষ্টম্ ॥৮—১৩॥ ব্যবসাযেন নিশ্চষেন ॥১৪॥ সংবেগাদ্তিশ্বাৎ ॥১৫॥ এনং দুর্যোধনম্। হে ভবতর্ষভা হে ধৃতবাষ্ট্র। ॥১৬॥ ছ্রিয়া কার্পণ্যদোষান্নিবৃত্ত ইতি

ভবতনন্দন যুধিষ্ঠিব ! আইস, এইরূপ পণনিয়মে গুটী নিক্ষেপ কবিয়া আমাদেব সহিত পুনবায দ্যুতক্রীড়া কর' ॥১৪॥

তাহাব পব, সভ্যেবা সকলেই অত্যন্ত উদ্ধিয়চিত্ত হইয়া সভার মধ্যে তখনই হস্ত উত্তোলন করিয়া আবেগে বলিয়া উঠিলেন ॥১৫॥

সভ্যেরা বলিলেন—"হায়! বন্ধুগণ এইবপ গুরুত্ব ভয়েব বিষয় বুঝাইয়া দিতেছেন না! এবং ভবতশ্রেষ্ঠেরা নিজেবাও আপন বুজিবোধ্য বিষয় বুঝিতেছেন না"॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—বাজা যুখিষ্ঠিব এইনপ্ বছতৰ লোকবাদ শুনিতে থাকিয়াও, লজ্জায় এবং প্রতিজ্ঞা ভঙ্গেব ভয়ে পুনরায় দ্যুতক্রীড়া কবিবাব জন্ম গমন কবিলেন ॥১৭॥

⁽১৬) অহো ধিগ্ৰান্ধবা নৈনম্ - ব্ৰুৱা ব্ধ্যের বা ব্ধ্যেদরং বৈ ভরতর্বভ।।

⁽১१)--- हिया ह धर्ममः रयात्राष्ट---।

জানমপি মহাবুদ্ধিঃ পুনদূর্যতমবর্ত্তরং। ব অপ্যরং নো বিনাশঃ স্থাৎ কুরূণামিতি চিন্তয়ন্॥১৮॥ যুধিষ্ঠির উবাচ।

কথং হি মদিধো বাজা স্বধর্মমনুপালয়ন্। আহুতো বিনিবর্ত্তেত দীব্যামি শকুনে। স্বয়া॥১৯॥ বৈশম্পায়ন উবাচ।

প্রতিজ্ঞাহ তং পার্থো গ্লহং জ্ঞাহ সৌবলঃ। জিতমিত্যেব শকুনিযুর্ধিষ্ঠিরমভাষত ॥২০॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈযাদিক্যাং দভাপর্বনি অনুদূতে পুন্যুধিষ্ঠিবপবাজ্বযে ত্রিদপ্ততিতমোহধ্যায়ঃ॥॰॥ *

ভাবতকৌমুদী

জানরিতি। নোহশাকং কুরণান, অধন এতদ্বেতুক এব বিনাশ: শুদিতি চিস্তররিণ ॥১৮॥ কথমিতি। হে শকুনে। তথা সার্দ্ধং দীবামি ত্ব্যক্তন পর্ণেনৈব ক্রীডামি ॥১৯॥ ভাবতভাবদীপঃ

লক্ষ্যা, ধর্মসংযোগাৎ তীর্থান্তটনজাৎ ॥> १--->>॥ (পাঠান্তবে) গজাশাদিকং বছধেনৃকং বছদোগ্ধীকং পণীক্ষতমিতি শেষঃ ॥>॥ সম্প্রত্যেক এব পণ ইত্যাহ—এব হীতি ॥২॥ সমূৎক্ষেপেণ একেনৈব বচনোপক্ষেপেণ সক্ষয়ান্ততমাত্রেণেতার্থঃ ॥>॥ প্রতিজ্ঞগ্রাহ তং গ্রহমঙ্গীচকাব। ততঃ সৌবলো গ্লহং জগ্রাহ পাশং পাতিতবান্ ॥২০॥

ইতি শ্রীমহাভাবতে সভাপর্কণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্ততিতমোহধ্যায়: ॥৭৩॥

অত্যন্ত বৃদ্ধিমান্ যুখিষ্ঠিব বিপদেব বিষয় জানিয়াও এবং 'এই কাবণেই আমাদেব কৌববদেব বিনাশ হইবে' এইবাপ চিন্তা কবিতে থাকিয়াও পুনরায় দ্যুতক্রীড়া আবম্ভ কবিলেন ॥১৮॥

যুধিষ্ঠির বলিলেন—"স্বধর্মবক্ষক আমাব মত বান্ধা দ্যুতক্রীডার আছুত হইয়া কি প্রকাবে নিবৃত্তি পাইতে পাবেন; অতএব শক্নি। আমি তোমাব সহিত উক্ত পণেই খেলা করিব" ॥১৯॥

⁽১৮) -- অপ্যাসন্ত্রো বিনাশ: স্থাৎ -- । (১৯) শ্লোকাৎ প্রমিদং সার্দ্ধশোকত্রথং কচিদধিকং
পূর্বোজৈবের গভার্থস্থাৎ । যথা — "শক্রিকবাচ ।
গবাখং বন্তধেন্কমপর্যন্তমন্তাবিকম্ । গন্ধাঃ কোষো হিবণ্যক দাসীদাসান্চ সর্ব্বশঃ ॥১॥

গ্রাম বছবেণ্কমপ্রাপ্তমজ্যাবকন্। গুলা বেলা । ব্যাম বালা বিজ্ঞিতা বসেম বনমান্তিতাঃ ॥২॥
একতো গ্লহ একো বৈ বনবাসায় পাগুৱাঃ ।। যুবং বরং বা বিজ্ঞিতা বসেম বনমান্তিতাঃ ॥২॥
এবোদশব্দ বৈ বর্ষমজ্ঞাতাঃ সজনে তথা। অনেন ব্যবসায়েন দীব্যাম পুরুষর্বতাঃ ।।।।
সম্থক্ষেপেণ চৈকেন বনবাসায় ভারত ।।।

* '…পঞ্চনপ্রতিত্যঃ…',

'…অইনবতিত্যঃ…'।

চতুঃসপ্ততিতমোহধ্যায়ঃ।

--:#:---

বৈশম্পায়ন উবাচ।

ততঃ পৰাজিতাঃ পাৰ্থা বনবাসায় দীক্ষিতাঃ।
অজিনান্যুত্তবীষাণি জগৃহুশ্চ যথাক্রমম্॥১॥
অজিনৈঃ সংবৃতান্ দৃষ্ট্বা হৃতবাজ্যানবিন্দমান্।
প্রস্থিতান্ বনবাসায় ততো ত্রঃশাসনোহত্তবীৎ ॥২॥
প্রস্থুতং ধার্ত্তবাষ্ট্রস্থ চক্রং বাজ্ঞো মহাত্মনঃ।
পৰাজিতাঃ পাশুবেষা বিপত্তিং পৰমাং গতাঃ॥৩॥

ভাৰতকৌসুদী

প্রতীতি। তং শকুষ্কাল্কং পণম্, পার্ষো যুধিষ্টিবং। গ্লহং গুটিকাম্ ॥२०॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং
ভাবতকৌমুদীসমাখ্যাযাং সভাপর্ববি অনুদাতে ত্রিসপ্ততিতমোহধ্যায়ঃ ॥০॥

তত ইতি। পার্থা: গাণ্ডবা:। দীক্ষিতা গ্বতত্রতা:। অন্ধিনানি মুগচর্মরপাণি ॥১॥ অন্ধিনৈরিতি। স্বতং বাজ্যং যেভ্যস্তান্, বনবাসত্রতগ্রহণেনৈব বাজ্যোপেক্ষণা-দিত্যাশব: ॥২॥

প্রবৃত্তমিতি। ধার্ত্তবাষ্ট্রস্ত দুর্য্যোধনস্ত, চক্রং সামাজ্যম্ ॥৩॥ ভাবতভাবদীপঃ

তত ইতি। দীক্ষা ব্ৰতগ্ৰহণম্, তৎ সঞ্চাতং যেবাং তে দীক্ষিতা: ॥১—২॥ পাণ্ডো: দ্বিষোঁ পাণ্ডো উঙত ইত্যুঙ্কাৎ স্ত্ৰীভ্যো ঢগিতি ঢকি তষোবপত্যানি পাণ্ডবেষা: ॥৩॥ সমৈ: সর্কৈ-

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব, যুধিষ্ঠিব সেই পণই ধবিলেন, শকুনিও গুটী লইলেন; পবে শকুনি জয় কবিয়া যুধিষ্ঠিবকে বলিলেন—"এই জ্বিভিয়াছি" ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন — তাহাব পৰ পাণ্ডবগণ পৰাজ্বিত হইয়া বনবাসেৰ জন্ম প্ৰস্তুত হইলেন এবং যথাক্ৰমে মৃগচৰ্মের উত্তবীয় ধাৰণ কবিলেন ॥১॥

ভদনন্তব শত্রুদমনকাবী পাণ্ডবগণকে মূগচর্মাবৃত, হৃতরাজ্য ও বনবাসেব জন্ম প্রস্থিত দেখিয়া তুঃশাসন বলিতে লাগিল—॥২॥

· ''আজ সহাত্মা হুর্য্যোধনবাঞ্জাব সাম্রাজ্য আবস্ক হইল, আব পাণ্ডবেবা পবাজিত হইযা মহাবিপদে পড়িল ॥৩॥ অন্ত দেবাঃ সম্প্রযাতাঃ সমৈর্বজু ভিবচ্ছলৈঃ।
তথাজ্যেষ্ঠান্তথা শ্রেষ্ঠা ভূযাংসো যদ্বযং পবৈঃ ॥৪॥
নবকং পাতিতাঃ পার্থা দীর্ঘকালমনন্তকম্।
ত্থাচ্চ হীনা বাজ্যাচ্চ বিনষ্টাঃ শাশ্বতীঃ সমাঃ ॥৫॥
ধনেন মতা যে তেহস্মান্ ধার্ত্তবাষ্ট্রানহাসিষুঃ।
তে নির্ছিল্লতা হতধনা বনমেদ্যন্তি পাগুবাঃ ॥৬॥
চিত্রান্ সন্নাহানবমুঞ্জু চৈষাং বাসাংসি দিব্যানি চ ভাতুমন্তি।
বিবাস্থন্তাং করুচর্মাণি সর্বের যথা গ্রহং সৌবলস্থাভ্যুপেতাঃ ॥৭॥

ভাৰতকৌমুদী

অত্যেতি। অন্ত দেবা:, অচ্ছলৈ: কাপট্যবহিতৈ:, অতএব সমৈ: সমানৈ: সবলৈরিত্যর্থ:, বর্দ্মাভি: রীতিভিবিতি তাৎপর্য্যম, সম্প্রধাতা অস্মান্ত প্রসাদং প্রাপ্তা:। যদ যশ্মাৎ, বযম, পবৈ: শক্রভি: পাণ্ডবৈ:, গুণজ্যেষ্ঠা:, শ্রেষ্ঠা:, ভূযাংসো মহিয়াতিবিক্তা:, ক্বতা ইতি শেব:, অস্মাভিবেব পরাজিতস্থাদিত্যাশ্য: ॥৪॥

নবক্মিতি। অন্ত পার্থা: পাণ্ডবা:, দীর্ঘকালং যাবৎ, অনস্তকং নবকং নরকত্ল্যং ছংখম, পাতিতা অস্মাভির্গমিতা:, স্থাচ্চ বাজ্যাচ্চ হীনা:, শাশ্বতী: সমা বহুন্ বৎসবান্ যাবৎ, বিনষ্টা অদর্শনং গতা ভবেষু: ॥৫॥

বন্ধ ভিমার্কিঃ। অন্থলৈঃ আগন্ত ভিবতিসন্ধীর্ণথাৎ স্থলহীনৈঃ। সম্প্রমাতা অন্মান্ প্রতীতি শেষঃ। সর্ব্বেহন্ত দেবা অমুকূলা ইত্যর্থঃ। গুণৈঃ শ্রীমন্বাদিভির্জ্যেষ্ঠান্তথা শ্রেষ্ঠা বযসা। অতএব শ্রেষাংসঃ প্রসম্ভাতরাঃ ॥৪—৫॥ প্রহাসিমুং সভাষাং ক্র্র্ব্যোধনং জলে পতিতং দৃষ্টা হাসং ক্লতবন্তঃ ॥৬॥ সন্নাহাম্ফীবকবচকটিবদ্ধাদীন্। ভান্নমন্তি স্বর্ণভদ্ভমযন্তাদীপ্তিমন্তি।

আজ দেবতাবা আমাদেব উপরে সবলপথে প্রদন্ধ হইলেন। বেহেতু পগুবেব। আমাদিগকে আজ গুণজ্যেষ্ঠ, শ্রেষ্ঠ এবং অধিক মহিমায়িত করিয়াছে ॥৪॥

আমরা আজ পাশুবগণকে দীর্ঘকালেব জন্য অনস্ত নবকে নিপাতিত কবিযাছি এবং আজ তাহাবা স্বখহীন ও বাজ্যপ্রষ্ট হইয়া দীর্ঘকালেব জন্য দৃষ্টিব অগোচবে যাইবে ॥৫॥

সেই যে ধনমত্ত পাশুবেবা আমাদিগকে উপহাস করিয়াছিল, তাহাবাই আজ পবাজিত ও ফুতসর্বস্ব হইয়া বনে যাইবে ॥৬॥

⁽⁸⁾ अज्ञक्षात्मान् मःयाजाः मर्दमर्काय् चित्रवर्रनः । (७) भार्वत्राद्वीन् क्षशिम् ।

ন সন্তি লোকেষু পুমাংস ঈদৃশা ইত্যেব যে ভাবিতবুদ্ধয়ঃ সদা। জ্ঞাস্মতি চাত্মানমিমেহত পাগুবা বিপর্য্যয়ে ষণ্ডতিল। ইবাফলাঃ ॥৮॥ ইদঞ্চ বাঁসো যদি বেদৃশানাং মনস্বিনাং বৌববমাহবেষু। তাদীক্ষিতানামজিনানি যদ্বদলীয়সাং পশ্যত পাগুবানাম্॥৯॥

ভাৰতকোমুদী

উত্তমানি, ভাষ্মন্তি স্বৰ্ণহীবকখচিতত্বাদীপ্তিমন্তি চ, বাসাংসি বস্ত্ৰানি চ, অবম্ঞন্ত ভৃত্যা উন্মৃচ্য গৃহত্ত। তথা করণাং কৃষ্ণমৃগাণাং চর্মানি, বিবাস্তত্তাং ভূতৈয়ং পরিধাপ্যস্তাম্। যথা যতঃ, সর্ব্ব এব পাণ্ডবাঃ, সৌবলক্ত শক্নোঃ, গ্লহং পণম্, অভ্যূপেতা অঙ্গীকৃতবস্তঃ ॥৭॥

নেতি। লোকের্ জগৎস্থ, ঈদৃশা জন্মাদৃশাঃ পুমাংসো ন সন্তি, ইত্যেবপ্রকাবেণ, যে পাণ্ডবাঃ, দদা ভাবিতবৃদ্ধয উৎপাদিত্যতম আদন্ , অভ ইমে তে পাণ্ডবাঃ, অফ্লাঃ, ষণ্ডতিলা নপুংসকতিলা অঙ্ক্বোৎপাদনশক্তিশৃন্তুতিশা ইব, বিপর্যায়ে ভাগ্যব্যত্যাদে, আত্মানং স্বস্থক্পম্, জ্ঞান্তন্তি ॥ ॥

ইদমিতি। হে সভ্যা:। আহবেষু যজ্ঞেষু, "আহবো মুদ্ধযক্ষযোঃ" ইতি মেদিনী, মনম্বিনামিব ঈদৃশানাং বলীযসাং পাণ্ডবানাম্, যদিদং বোবৰং ককচর্মমযম্, বাসো বল্পং বিশ্বতে, তৎ, অদীক্ষিতানাং দীক্ষামামযোগ্যানাং ক্যানাং কিবাতাদীনাম্, অজিনানি যত্তৎ, দুশুন্তে, তদ্বদেব পশ্বত, ইদানীমেষাং বক্সঘাদিত্যাশয়ঃ ॥>॥

ভাৰতভাৰদীপঃ

বিবাশুস্তাং পবিধাপ্যস্তাম। কক: ক্লফ্যুগ: ॥৭॥ ঈদৃশা অস্থ্যদূশা:, অফলা নির্বীর্যা:
॥৮॥ ইদং চেতি যৎ ইবেতি চ্ছেদ:। যদিদং বেবিবং বাস:। আহবেরু যজ্ঞেরু। "ঘাত্তেব
সংগ্রামনামানি তানি যজ্ঞনামানি" ইতি যান্ধ:। ঈদৃশানাং দীক্ষিতানামিব পাণ্ডবানাং দৃশ্যতে।
তচ্চ তত্বৎ পশ্যত। যহদদীক্ষিতানাং কৈবর্জাদীনামজিনানীতি যোজনা। অদীক্ষাযামপি

অতএব ইহাদেব বিচিত্র যুদ্ধসান্ধ এবং উত্তম উজ্জ্বল বস্ত্রগুলি খুলিয়া লও, আব কৃষ্ণমূগেব চর্মা পবিধান কবাইয়া দাও। যেহেতু উহাবা সকলেই শকুনিব পণ স্বীকাব কবিয়াছিল ॥৭॥

'জগতে আমাদেব মত পুরুষ নাই' এইবপেই সর্বদা যাহাবা ধাবণা কবিত, তাহাবা আজ ভাগ্যবিপর্যাযেব সময়ে অস্ক্বোৎপাদনশক্তিশৃষ্ম নিফল তিলেব তুল্য হইযা আপনাদেব স্বৰূপ বুঝিবে ॥৮॥

সভাগণ! যজ্ঞ কবিবাব সমযে ধার্দ্মিকগণেব স্থায বলিষ্ঠ পাণ্ডবগণেব এই যে মুগচর্দ্মময় বস্ত্র দেখা যাইভেছে, ইহা বক্সজাতিব চর্দ্মময় বস্ত্রের তুলাই মনে ককন ॥৯॥

⁽৮) ··· জ্ঞাশ্যন্তি তেল্মানম্ ··· । (>) ··· স্থা ক্ষিতানাম জিনানি ··· বিপৃষ্য্যং ষণ্ডতিলা ··· ।

মহাপ্রাজ্ঞঃ সৌমকির্যজ্ঞসেনঃ কন্সাং পাঞ্চালীং পাগুবেভ্যঃ প্রদায়।
অকার্যীদ্বৈ স্থক্বতং নেহ কিঞ্চিৎ ক্লীবাঃ পার্থাঃ পত্যো যাজ্ঞসেন্সাঃ॥ ০॥
সূক্ষ্মপ্রাবাবানজিনোত্তবীয়ান্ দৃষ্ট্যা ভর্ত্ত্বন্ নির্ধনানপ্রতিষ্ঠান্।
কাং ত্বং প্রীতিং লক্ষ্যদে যাজ্ঞসেনি। পতিং বৃণীষ্থেহ যমন্সমিচ্ছসি॥ ১১॥
এতে হি সর্বের কুববঃ সমেতাঃ ক্লান্তা দান্তাঃ স্থদ্রবিণোপপনাঃ।
এবাং বৃণীষ্থৈকতমং পতিত্বে ন ত্বাং নযেৎ কালবিপর্য্যযোহ্যম্॥ ১২॥

যথাহফলাঃ ষণ্ডতিলা যথা চর্দ্মময়া মুগাঃ। তথৈব পাগুবাঃ সর্বেব যথা কাক্যবা অপি ॥>৩॥

ভাবতকৌমুদী

মহেতি। মহাপ্রাক্ত:, সৌমকি: দোমকবংশোন্তব:, যজ্ঞসেনো জ্রুপদ:, পাঞ্চালীং কল্যাং পাণ্ডবেভ্য: প্রদায, ইহ জগত্যাম্, কিঞ্চিদিপি, স্কৃত্তং স্থবিবেচিত্তং কার্যাম্, নাকার্যীৎ। যেন হি যাজ্ঞদেল্যা ক্রোপদ্মা:, পত্য: পার্থা: পাণ্ডবা:, ক্লীবা:, তহদেব নির্বার্যাৎ ॥১০॥

স্ক্রেতি। হে যাজ্ঞদেনি। র্জোপদি। ত্বয়, স্ক্রপ্রাবাবান্ স্ক্রোত্তবীযান্ ভর্ত্বন্, ইদানীম্ অন্ধিনোত্তবীযান্ নির্ধনান্, অপ্রতিষ্ঠান্ নিবাশ্রযাংশ্চ দৃষ্টা, কাং প্রীতিং লক্ষ্যদে। অতএবেহ অক্তং যমিচ্ছসি, তমেব পতিং বুণীষ ॥১১॥

এত ইতি। ক্ষাস্তা: ক্মানীলাং, দান্তা: শক্রদমনকাবিণং, স্ক্রবিণোপপন্না অতীবধনসম্পন্নাদ্য, এতি সর্বে হি কুববঃ কুকবংশীযাং, সমেতা উপস্থিতাঃ। এবামন্তত্যং পতিত্বে বৃণীধ। আহং কালবিপর্য্যয়: স্থপসম্যব্যত্যাসঃ, ত্বাং ন নয়েৎ ন গৃহ্লীয়াৎ ॥১২॥

ভাবতভাবদীপঃ

দীক্ষিতবাসাংসি বসানা: কৈবর্ত্তকবং দৃশুদ্ধ ইতার্থ: ॥>॥ যজ্ঞদেনো জ্রুপদ: ॥>•॥ তৃক্ষ্ব-প্রাবাবাংক্তচ্ছপবিধানীয়বস্তান্। অপ্রতিষ্ঠান্ স্কুস্থানান্॥>>॥ কালবিপর্য্য: ক্লেকালম্বাং ন নম্বে ন কর্ষেৎ। ন স্বাং তপেদিতাপি পাঠ:॥>২॥ কাক্ষ্বা নিস্তভুলং তৃণধান্তম্

সোমকবংশসম্ভূত মহাপ্রাজ্ঞ ক্রপদ পাগুবগণেব হস্তে দ্রৌপদীকে দান কবিয়া জগতে কোন স্থবিবেচনাব কান্ধ কবেন নাই। যেহেতু দ্রৌপদীব পতিগুলি নপুংসক॥১০॥

জৌপদি। তোমাব যে পতিগুলি পূর্বে স্ক্র উত্তবীয়বসন ধারণ কবিত, তাহাবাই এখন চর্ম্মময় উত্তরীয় ধাবণ কবিয়াছে এবং সর্বম্বহীন ও নিরাশ্রয় ইইয়াছে, অতএব তুমি ইহাদিগকে দেখিয়া কি আনন্দলাভ কবিবে। স্কৃতবাং তুমি এখন যাহাকে ইচ্ছা কব, তাহাকে পতি ববণ কব ॥১১॥

জৌপদি! ক্ষমাশীল, শক্রদমনকাবী এবং অত্যন্ত ধনাচ্য এই কুকবংশীযেবা সকলেই এখানে উপস্থিত আছেন; তুমি ইহাদেব মধ্যে কোন একজনকে পতিছে ববণ কব; তোমাকে যেন এই কালবিপ্যায় আসিয়া আক্রমণ না কবে॥১২॥ কিং পাগুবাংস্থং পতিতানুপাস্সে মোঘঃ শ্রমঃ ষণ্ডতিলানুপাস্থ।
এবং নৃশংসঃ পক্ষাণি পার্থানশ্রোবষদ্গ্গতবাষ্ট্রস্থ পুত্রঃ ॥১৪॥
তবৈ শ্রুত্বা ভীমসেনোহত্যমর্ঘী নির্ভৎ স্থোচ্চেস্তং নিগৃছেব রোষাৎ।
উবাচ চৈনং সহসৈবোপগম্য সিংহো যথা হৈমবতঃ শৃগালম্ ॥১৫॥

ভীমদেন উবাচ।

ক্রে। পাপজনৈজ্ফীমবদ্ধার্থং প্রভাষসে। গান্ধাববিভাষা হি হং বাজমধ্যে বিকল্পদে ॥১৬॥

ভাবতকোমুদী

যথেতি। বগুতিলা নপুংসকতিশা অস্কুবোৎপাদনশক্তিহীনান্তিলা যথা, চর্মমযা মৃগা যথা, কাক্ষবান্তঞ্লশৃক্তযবা অপি চ যথা অফলাঃ, সর্ব্বে পাণ্ডবা অপি তথৈব ॥১৩॥

কিমিতি। অতএব হে জোপি। স্বম্, ছংখসাগবে পতিতান্ পাগুবান্ কিং কথম্, উপাস্সে সেবসে। ষণ্ডতিলান্ তজপান্ পাগুবারপাস্থ তব শ্রমঃ, মোবো ব্যর্থো জাযতে। নুশংসো নিষ্ঠ্বঃ, শ্বতবাষ্ট্রস্থ প্রো ছংশাসনঃ, এবমিখং পরুষাণি নিষ্ঠ্বাণি বচনানি, পার্থান্ পাগুবানশ্রোবখং ॥১॥

তদিতি। তৎ শ্রন্থা ভীমদেন:, অত্যমর্থী অতীবকুদ্ধ: সন্, রোধাৎ, তং ত্থশাসনম্, উচৈরত্যন্তং নির্ভৎ ভ, নিগৃহ্ব দম্যিত্বেব, সহসৈব উপগম্য, হৈমবতো হিমাল্যবাসী সিংহ:, শৃগালং যথা বক্তি, তথা এনং ত্থশাসনম্বাচ ।১৫।

কুবেতি। হে কুর। স্বম্, পাপদ্ধনৈ:, জুইং সেবিতম্, অবদ্ধার্থম্ অসম্বর্ধবিষ্য প্রভাষনে। গান্ধারত শকুনের্বিত্যযা হি নৈপুণ্যেনের, রাজমধ্যে, বিকখনে শ্লাঘনে ॥১৬॥

অঙ্ক্ৰজননশক্তিশৃত্য ডিল, চর্ম্মায় হবিণ ও তণ্ড্লহীন যব যেমন নিক্ষল, তেমনই পাশুবেরা সকলে এখন নিক্ষল ॥১৬॥

অতএব জৌপদি! তুমি এখন ত্বংখসাগবমগ্ন পাগুবগণেব সেবা কবিবে কেন ? অঙ্ক্বজননশক্তিহীন তিলেবই তুল্য পাগুবগণেব সেবা কবায তোমাৰ পরিশ্রম ব্যর্থই হইবে"!। নিষ্ঠুৰ ত্বংশাসন পাগুবগণকে এইন্দপ অনেক কটুবাক্য গুনাইল ॥১৪॥

তখন ভীমদেন তাহা শুনিয়া অত্যম্ভ ক্রুদ্ধ হইয়া, অতিশর্ষ তিবস্কাব করিয়া এবং ক্রোধবশতঃ দমন কবিয়াই যেন ছঃশাসনেব নিকটে ঘাইযা, হিমালযবাসী সিংহ যেমন শৃগালকে বলে, সেইরূপ ছঃশাসনকে বলিতে লাগিলেন ॥১৫॥

ভীমসেন বলিলেন—"খল! ছুঃশাসন! তুই পাপিষ্ঠেব মত অসম্বদ্ধ

⁽১৪) · পতিতারপাস্থা · · · ৷ (১৫) · · · নিভৎ ক্রোচৈঃ সন্নিগৃঞ্বে রোবাৎ · · · ।

⁽১৬) --- অক্বতার্থং প্রভাবসে --- ।

যথা তুদসি মর্ন্মাণি বাক্শবৈবিহ নো ভূশম্।
তথা স্মাবয়িতা তেহহং কুন্তন্ মর্ন্মাণি সংযুগে ॥>৭॥
যে চ ত্বামনুবর্ত্তত্তে ক্রোধলোভবশানুগাঃ।
গোপ্তাবঃ সানুবন্ধাংস্তান্ নেক্যামি যমসাদনম্॥>৮॥

বৈশম্পায়ন উবাচ।

এবং ব্রুবাণম জনৈর্বিবাসিতং ত্রুশাসনস্কং পবি নৃত্যতি স্ম। মধ্যে কুরুণাং ধর্ম্ম!নবদ্ধমার্গং গৌর্গে বিতি স্মাহ্বযন্মকুলজ্জঃ ॥১৯॥

ভাবতকোমূদী

যথেতি। হে তৃংশাসন। ছমিহ বাক্শৱৈৰ্থণা নোহস্মাকং মৰ্মাণি ভূশং তুদসি ব্যথয়সি , অহমণি তথৈব সংযুগে যুদ্ধে, তে তব মৰ্মাণি ক্লম্ভন্ শম্ভেণ চ্ছিন্দন্ স্মাব্যিতা ॥১৭॥

য ইতি। অন্মান্ প্রতি ক্রোবঃ যুমান্থ চ স্বার্থন্ত লোভন্তযোর্বশান্থগাঃ, গোপ্তাবন্তবৈব বন্ধকান্চ যে জনাঃ, ত্বামন্থবর্ত্তন্তে যুদ্ধে অন্নযান্তন্তি, ভবিশ্বৎসামীপ্যে বর্ত্তমানা, সাম্প্রকান্ অন্নচবসহিতান্, তানপি যুমুদাদনং যুমালবং নেয়ামি ॥১৮॥

এবমিতি। মৃক্তলক্ষো তৃংশাসনং, কুরণাং মধ্যে, এবং ক্রবাণম, অন্ধিনৈবিবাসিতম্ আর্তাঙ্গম্. ধর্মেণ নিবদ্ধো নিক্ষো মার্গ আক্রমণ বথে। যত্ত তম্, তং ভীমসেনম্, পবি লক্ষ্যীকৃত্য, গৌর্গে বিভি আহ্বয়ন্ সন্, নৃত্যতি শ্ব। একঃ শ্বশক্ষঃ পাদপ্রণে ॥১৯॥

ভাৰতভাবদীপঃ

॥১৩—১৫॥ গান্ধারত শকুনেবিভয়া ন তু বাহুবলেনেতি ভাবঃ॥১৬॥ শ্বাবয়িতা শ্বাবয়ি ব্যামি॥১৭॥ সামুবদ্ধান্ সপুত্রবান্ধবান্॥১৮॥ অজিনৈবিবাসিত্যাচ্ছাদিত্য, তাবন্মাত্রযা

বিষয় বলিভেছিস্, আব শকুনিব ক্ষমতাব বলেই বাজাদেব মধ্যে আত্মপ্রাদা কবিতেছিস্মা১৬॥

তুই যেমন এখন বাক্যবাণ দ্বাবা আমাদেব মর্মস্থানে অত্যস্ত বেদনা দিতেছিস্, তেমন আমিও তোব মর্মস্থান ছেদন কবিয়া যুদ্ধে তোকে এই বিষয় স্থাবণ কবাইয়া দিব ॥১৭॥

তা'র পব, যাহাবা ক্রোখ ও লোভেব বশবর্ত্তী হইযা বক্ষকরপে তোব অনুসবণ কবিবে, আমি অনুচববর্গের সহিত তাহাদিগকেও যমালয়ে পাঠাইব"॥১৮॥

বৈশস্পায়ন বলিলেন—আক্রমণ করিবাব পথ ধর্মকর্ত্ত্ক কদ্ধ থাকায় মৃগচর্মাবৃতদেহ ভীমসেন কৌববসভামধ্যে এইরূপ বলিতে লাগিলেন, তখন ছংশাসন

ভীমদেন উবাচ।

নৃশংস! পরুষং বক্তুং শক্যং ছঃশাসন! ত্বযা।
নিক্বত্যা হি ধনং লক্ষ্মা কো বিক্থিতুমহঁতি ॥২০॥
মাশ্ম বৈ স্থক্তালোঁ কান্ গচ্ছেৎ পার্থো ব্রকোদরঃ।
যদি বন্দো বিনির্ভিত্য ন পিবেচ্ছোণিতং তব ॥২১॥
ধার্ত্তবাষ্ট্রান্ রণে হত্বা মিষতাং সর্বধিস্থিনাম্।
শমং গন্তান্মি নচিবাৎ সত্যমেতদ্ব্রবীমি বঃ ॥২২॥

ভাবতকোমুদী

নৃশংসেতি। হে নৃশংস ছংশাসন। ছয়া পরুষং নিষ্ঠুবং বক্তুং শক্যম্। কিন্তু অন্তঃ কো জনঃ, নিরুত্যা শাঠ্যেন ধনং লব্ধা, বিক্তিতুম্ আত্মপ্রাঘাং কর্তুমূহতি ॥২০॥

মামেতি। পার্থো ব্যুকোদবং, যদি তব বক্ষো বিনির্ভিন্ন বিদার্য্য, শোণিতং ন পিবেৎ, তদা সং, স্বক্বতান্ স্বক্ষতলভ্যান্ লোকান্ মাম্ম গচ্ছেৎ ॥২১॥

ধার্ত্তেতি। মিধতাং পশ্যতাং সর্বধিন্ধিনাম্ অনাদ্বে ষষ্টা, মিধতঃ সর্বধিন্ধিনঃ অনাদৃত্য বলে ধার্ত্তবাষ্ট্রান্ হত্বা, নচিবাদেব শমং শাস্তিং গস্তান্মি, এতখো যুমান্ সত্যং ব্রবীমি ॥২২॥

ভাৰতভাবদীপঃ

সম্পত্তা। সহ রাজ্যাদ্বহিদ্বতমিতার্থ:। থর্মেণ নিবন্ধো নিকন্ধো মার্গো বিপুমর্দ্দনাবজ্ঞা যতা তম্। মধুপর্কে গোর্গে বিভি ত্রিনিবেদিতায়া গোর্বধ উৎসর্গন্চ দৃইন্তৎসামান্তাদন্তকরপায়া-তিথয়ে নিবেদিতাঃ পাণ্ডবপশন উৎস্টাল্ডে পুনর্বয়ং মৃত্যুম্থাৎ প্রমৃক্তা ইত্যুৎস্টমাত্রা এব বেগেন পলায়স্কে, পুনবম্মানয়ং মাবধিষ্টেতি তেয়াং পবিহাসেন ব্যাকুলীকবণায় পুনবাহ্বানং ক্রিয়তে গোর্গে বিভি। মৃত্যুভয়াৎ পশুবৎ প্রাণভয়াৎ, পলায়স্ক ইতি পাণ্ডবানাং কাতবদ্বদ্দকে।ইয়ম্পহাসঃ। অস্ত্যোক্তরং জ্রোণ[কর্ণ]পর্কানি ভীমসেনো বক্ষাতি—"য়েইম্মান্ পূর্কং প্রন্তান্তি মৃত্রেগ বিভি গোরিতি। তানু বয়ং প্রতিনৃত্যায়ঃ পুনর্গে বিভি গোরিতি॥" ইতি। উৎস্টোন্ পশ্নিব ভীষষিত্মাহরয়ভা য়েইম্মান্ পূর্কং প্রনৃত্যন্তি তানেব য়্ক্রে বিদাবিতান্

লজা পবিত্যাগপূৰ্বক ভীমদেনকে লক্ষ্য কবিয়া 'ওবে গৰুটা। ওবে গৰুটা।' এইবাপ ডাকিতে থাকিয়া নৃত্য কবিতে লাগিল ॥১৯॥

তথন ভীমসেন বলিলেন—''নৃশংস ছঃশাসন! তুই নিষ্ঠুব বাক্য বলিতে পাবিস্, কিন্তু অন্ত কোন লোকই শঠতাপূৰ্বক ধন হবণ কবিয়া আত্মপ্লাঘা কবিতে পাবে না ॥২০॥

স্থতবাং পৃথানন্দন ভীমসেন তোব বক্ষ বিদাৰণ কৰিয়া যদি রক্তপান না কবে, তবে সে যেন পুণ্যলোকে গমন না কবে ॥২১॥

আব, ইহা আপনাদিগকে সত্য বলিতেছি যে, যুদ্ধে প্রত্যক্ষদর্শী সমস্ত (২১)…যদি বক্ষো হি তে ভিত্বা ন পিবেচ্ছোণিতং বণে। (২২)…সত্যমেতদ্ববীমি তে।

বৈশস্পায়ন উবাচ।

তশ্য বাজা সিংহগতেঃ সথেলং তুর্ন্যোধনো ভীমসেনস্ম হর্ষাৎ।
গতিং স্বগত্যানুচকাব মন্দো নির্গচ্ছতাং পাগুবানাং সভাষাঃ॥২৩॥
নৈতাবতা কুত্মিত্যব্রবীত্তং বুকোদবঃ সন্নির্ভার্দ্ধকাযঃ।
শীত্রং হি ত্বাং নিহতং সানুবন্ধং সংস্মার্য্যাহং প্রতিবক্ষ্যামি মূচ।॥২৪॥
এতৎ সমীক্ষ্যাত্মনি চাবমানং নিযম্য মন্ত্যুং বলবান্ স মানী।
বাজানুগঃ সংসদি কোববাণাং বিনিজ্ঞামন্ বাক্যমুবাচ ভীমঃ॥২৫॥

ভাবতকোসুদী

তশ্রেতি। মন্দো মৃঢো বাঙ্গা ছুর্ব্যোধনং, সভাষাং সকাশারির্গচ্ছতাং পাগুরানাং মধ্যে, সিংহত্যের গতির্বস তক্ষ্য, তক্ষ ভীমসেনক্ষ্য, গতিং গমনম্, স্বগত্যা নিজগমনেন, হর্বাৎ, সংখলং যথা ভাত্তথা অন্তচকার ॥২৩॥

নেতি। হে মৃচ। তুর্যোধন। এতাবতা তৃঃশাসনবক্তপানাদিমাত্রেণ, ক্বতম্ জন্মান্তিঃ কর্ত্ববং বিহিতং ন তবিশ্রতি। কিন্তু অহং শীদ্রং হি সত্ত্বসেব, সামুবন্ধং সামুচবং আং নিহতং সন্তম্, সংশার্থ্য এতদমুকবণং সম্যক্ স্মাব্যিত্বা, প্রতিবক্ষ্যামি জন্ম প্রত্যুক্তবং দান্তামি, ইতি, সন্নির্ত্তঃ পবিবৃত্তঃ অর্দ্ধকায়ঃ শবীরোপবিভাগো যক্ত স তাদৃশো বুকোদবো ভীমা, তং তুর্ঘ্যোধনমত্রবীৎ ॥২৪॥

এতদিতি। বলবান্, মানী চ স ভীম:, এতদবমানং সমীক্ষ্য, আত্মনি মনসি, মন্তাং ক্রোধম্, নিষম্য নিক্ধ্য চ, বান্ধান্ত্রো যুধিষ্ঠিবপশ্চাদ্গামী, বিনিজ্ঞামন্ সভাষা নির্গচ্ছন্ সন্, কোববাগাং সংসদি সভাষাম্, ইদং বাক্যম্বাচ ॥২৫॥

ধমুর্দ্ধবকেই অগ্রাহ্য কবিয়া ধার্ত্তবাষ্ট্রগণকে বিনাশপূর্বক অচিবকালমধ্যেই আমি শান্তিলাভ করিব" ॥২২॥

বৈশস্পায়ন বলিলেন—ভাহার পব, পাশুবগণ সভা হইছে নির্গত হইছে লাগিলেন; ভাহাদেব মধ্যে ভীমসেন সিংহগতিতে যাইতে থাকিলেন; তখন মূর্থ ছর্য্যোধন আনন্দে অধীর হইষা সেই ভঙ্গীতে আপন গমন দ্বাবা ভীমেব গমনের অমুকরণ কবিতে লাগিলেন ॥২৩॥

তখন ভীমসেন আপন শ্বীবেব উপবিভাগ ফিবাইষা তুর্য্যোধনকে কহিলেন—
"মূট তুর্য্যোধন! কেবল তুঃশাসনেব বক্তপান দ্বাবা আমাব কর্ত্তব্য শেষ হইবে না ৷
আমি সম্ববই অমুচববর্গেব সহিত তোকে নিহত কবিষা এই বিষয় স্মবণ করাইষা
দিয়া ইহাব প্রত্যুত্তর দিব" ॥২৪॥

বলবান্ ও অভিমানী ভীমদেন এই অপমান দেখিয়া, মনে ভিতবেই

⁽२৫) শ্লোকাৎ পবং 'ভীমদেন উবাচ' ইতি ক্ষচিৎ পাঠः।

^{99 (@)}

ভীমদেন উবাচ।

নৃশংস। পরুষং বক্তবুং শক্যং ছুঃশাসন! ছ্বা।
নিক্বত্যা হি ধনং লক্ষ্মা কো বিক্থিতুমইতি ॥২০॥
মাত্মা বৈ স্থক্তালোঁ কোন্ গচ্ছেৎ পার্থো বকোদবঃ।
যদি বক্ষো বিনিভিত্য ন পিবেচ্ছোণিতং তব ॥২১॥
ধার্ত্তবাষ্ট্রান্ বণে হত্মা মিষতাং সর্বধঙ্গিনাম্।
শমং গন্তাত্মি নচিবাৎ সত্যমেতদ্ব্রবীমি বঃ ॥২২॥

ভাবতকোমূদী

নুশংসেতি। হে নৃশংস ছংশাসন। ছয় পক্ষং নিষ্ঠ্বং বক্ত**ুং শক্যম্। কিন্তু অন্তঃ কো** জনঃ, নিক্বত্যা শাঠ্যেন ধনং লব্বা, বিক্থিতৃম্ আত্মশ্লাঘাং কর্তুমূহতি ॥২০॥

মাম্মেতি। পার্ষো বৃকোদবং, যদি তব বক্ষো বিনির্ভিত্ত বিদার্য্য, শোণিতং ন পিবেৎ, তদা সং, স্থক্কতান্ স্থক্কতলভ্যান্ লোকান্ মাম্ম গচ্ছেৎ ॥২১॥

ধার্দ্ধেতি। মিবতাং পশ্চতাং সর্বাধন্বিনাম্ অনাদবে বন্তী, মিবতঃ সর্বাধনিঃ অনাদৃত্য বনে ধার্দ্ধবাষ্ট্রান্ হত্বা, নচিবাদেব শমং শাস্তিং গস্তান্মি, এতাবো যুদ্মান্ সত্যং ব্রবীমি ॥২২॥

ভাবতভাবদীপঃ

সম্পত্তা। সহ বাজ্যাদহিশ্বতমিতার্থ:। ধর্মেণ নিবন্ধো নিক্ষণো মার্গো বিপুমর্দ্দনাবজ্ঞা যশ্র তম্। মধুপর্কে গোর্গে বিভি নিনিবেদিভাষা গোর্বধ উৎসর্গন্চ দৃষ্টভৎসামাল্যাদক্তকর্মণাযা-ভিথযে নিবেদিভা: পাণ্ডবপশব উৎস্টান্তে পুনর্বমং মৃত্যুম্থাৎ প্রমূক্তা ইভূয়ৎস্টমাত্রা এব বেগেন পলাযন্তে, পুনরম্মানয়ং মাবধিষ্টেভি ভেষাং পবিহাসেন ব্যাক্লীকবণায় পুনবাহ্বানং ক্রিয়তে গোর্গে বিভি। মৃত্যুভ্যাৎ পশুবৎ প্রাণভ্যাৎ, পলায়ন্ত ইভি পাণ্ডবানাং কাতবত্ব-স্চকোহ্যম্পহাস:। অল্যোত্তরং দ্রোণ[কর্ণ]পর্কাণি ভীমসেনো বক্ষ্যভি—"যেহমান্ পূর্কাং প্রমৃত্যন্তি মৃত্রেগ বিভি গৌবিভি। তান্ বয়ং প্রতিমৃত্যামঃ পুনর্গে বিভি গৌরিভি॥" ইভি। উৎস্টোন্ পশ্নিব ভীষ্যিতুমাহ্রয়ন্তো যেহম্মান্ পূর্কাং প্রমৃত্যন্তি তানেব যুদ্ধে বিদাবিভান্

লজ্জা পবিত্যাগপূর্বক ভীমসেনকে লক্ষ্য কবিয়া 'ওবে গকটা। ওবে গকটা।' এইৰূপ ডাকিতে থাকিয়া নৃত্য কবিতে লাগিল ॥১৯॥

তখন ভীমসেন বলিলেন—"নৃশংস জ্বংশাসন। তুই নিষ্ঠুব বাক্য বলিতে পাবিস্, কিন্তু অন্ত কোন লোকই শঠতাপূৰ্বক ধন হবণ কবিয়া আত্মগ্লাঘা কবিতে পাবে না॥২০॥

স্থৃতবাং পৃথানন্দন ভীমসেন তোৰ বক্ষ বিদাৰণ কৰিয়া যদি বক্তপান না কৰে, তবে সে যেন পুণ্যলোকে গমন না কৰে ॥২১॥

) আব, ইহা আপনাদিগকে সভ্য বলিভেছি যে, যুদ্ধে প্রভ্যক্ষদর্শী সমস্ত (২১)…যদি বক্ষো হি তে ভিত্বা ন পিবেচ্ছোণিতং বণে। (২২)…সভ্যমেতদ্রবীমি তে।

বৈশম্পায়ন উবাচ।

তস্থ রাজা সিংহগতেঃ সথেলং তুর্য্যোধনো ভীমসেনস্থ হর্ষাৎ।
গতিং স্বগত্যানুচকাব মন্দো নির্গচ্ছতাং পাগুবানাং সভায়াঃ॥২৩॥
নৈতাবতা কৃতমিত্যব্রবীক্তং বুকোদবঃ সন্নির্ভার্দ্ধকায়ঃ।
শীব্রং হি ত্বাং নিহতং সান্তবন্ধং সংস্মার্য্যাহং প্রতিবক্ষ্যামি মূচ।॥২৪॥
এতৎ সমীক্ষ্যাত্মনি চাবমানং নিষম্য মন্ত্যুং বলবান্ স মানী।
বাজানুগঃ সংসদি কৌববাণাং বিনিক্রামন্ বাক্যমুবাচ ভীমঃ॥২৫॥

ভাবতকোমুদী

তত্মেতি। মন্দো মৃঢ়ো বাজা ছর্ব্যোধন:, সভাষা: সকাশান্নির্গচ্ছতাং পাণ্ডবানাং মধ্যে, শিংহক্ষেব গতির্বস্ত ডক্স, ডক্স ভীমসেনক্স, গতিং গমনম্, স্বগত্যা নিজগমনেন, হর্বাৎ, সথেলং ষণা স্থান্তথা অমূচকার ॥২৩॥

নেতি। হে মৃচ। ছুর্যোধন। এতাবতা ছ্:শাসনবক্তপানাদিমাত্রেণ, কুতম্ জ্ব্যাভি: কর্ত্তব্যং বিহিতং ন ভবিশুতি। কিন্তু অহং শীঘ্রং হি সম্বহমেব, সামুবদ্ধং সামুচবং হাং নিহতং সন্তম্, সংশার্থ্য এতদমুক্বণং সম্যক্ স্মাব্যিত্বা, প্রতিবন্ধ্যামি অশু প্রত্যুক্তবং দাশ্রামি, ইতি, সমিবৃত্তঃ পবিবৃত্তঃ অর্দ্ধকায়: শরীবোপবিভাগো যশ্র স তাদুশো বুকোদবো ভীমা, তং ছুর্যোধনমত্রবীৎ ॥২৪॥

এতদিতি। বলবান্, সানী চ স ভীম:, এতদবমানং সমীক্ষ্য, আত্মনি মনসি, মস্তাং ক্রোধম্, নিম্ম্য নিম্ন্য চ, রাজান্ত্রো যুধিষ্ঠিবপশ্চাদ্গামী, বিনিক্রামন্ সভাষা নির্গছন্ সন্, কৌববাণাং সংসদি সভাষাম্, ইদং বাক্যমূবাচ ॥২৫॥

ধর্মদ্বিকেই অগ্রাহ্য কবিয়া ধার্ত্তবাষ্ট্রগণকে বিনাশপূর্বক অচিবকালমধ্যেই আমি শান্তিলাভ করিব" ॥২১॥

বৈশস্পায়ন বলিলেন—তাহাব পব, পাগুবগণ সভা হইতে নির্গত হইতে লাগিলেন; তাহাদেব মধ্যে ভীমসেন সিংহগতিতে যাইতে থাকিলেন; তখন মূর্থ ছর্য্যোধন আনন্দে অধীব হইয়া সেই ভঙ্গীতে আপন গমন দ্বাবা ভীমেব গমনেব অমুকবণ কবিতে লাগিলেন ॥২৩॥

তখন ভীমসেন আপন শবীবেব উপবিভাগ ফিবাইয়া ছুর্য্যোধনকে কহিলেন— "মূঢ ছুর্য্যোধন! কেবল ছুঃশাসনেব বক্তপান দ্বাবা আমাব কর্ত্তব্য শেষ হইবে না এ আমি সম্বরই অনুচববর্গেব সহিত তোকে নিহত কবিয়া এই বিষয় স্মবণ কবাইয়া দিয়া ইহাব প্রাক্তুত্তব দিব" ॥২৪॥

বলবান্ ও অভিমানী ভীমদেন এই অপমান দেখিয়া, মনে ভিতবেট

⁽२৫) স্নোকাৎ পবং 'ভামদেন উবাচ' ইতি ক্চিৎ পাঠ:।

^{77 (4)}

অহং হুর্য্যোধনং হস্তা কর্নং হস্তা ধনপ্পয়: ।
শকুনিঞ্চাক্ষকিতবং সহদেবো হনিয়তি ॥২৬॥
ইদঞ্চ ভূয়ো বক্ষ্যামি সভামধ্যে রহদ্বচঃ ।
সত্যং দেবাঃ কবিয়ন্তি যনো যুদ্ধং ভবিয়তি ॥২৭॥
হুযোধনমিমং পাপং হস্তান্মি গদয়া যুধি ।
শিবঃ পাদেন চাহত্য লোঠয়িয়ামি ভূতলে ॥২৮॥
বাক্যশৃবস্তা চৈবাস্তা পরুষস্তা হুরাত্মনঃ ।
হুঃশাসনস্তা রুধিবং পাস্তামি মুগবাড়িব ॥২৯॥

অৰ্চ্ছ্ৰন উবাচ।

নৈবং বাচা ব্যবসিতং ভীম। বিজ্ঞায়তে সতাম্। ইতশ্চতুৰ্দ্দশে বৰ্ষে দ্ৰফীব্যো যদ্ভবিশ্বতি॥৩০॥

ভারতকৌমুদী

অহমিতি। প্রথমং হস্তেতি পদং সাধুকাবিণ্যর্থে তৃণ্প্রত্যযাস্তম, বিতীয়ঞ্চ শ্বন্তস্তম্ ॥২৬॥
ইদমিতি। নঃ অস্মাকং মৃক্ষং ভবিশ্বতি ইতি যবাক্যম্ ॥২৭॥
স্থযোধনমিতি। শিবঃ স্থবোধনস্তৈব মন্তক্ম, আহত্য আঘাতেন সঞ্চাল্য ॥২৮॥
বোবাতিশবাৎ পুনবাহ—বাক্যেতি। পরুষশু নিষ্ট্বশু। মৃগবাট্ সিংহ ইব ॥২০॥
নেতি। হে ভীম। এবং বাচা বাদ্মাত্রেণ, সতাং ব্যবসিতং চিকীর্বিতং কার্যম্, ন
ভাবতভাবদীপঃ

দৃষ্টা নৃত্যামি ইতি তদর্থ: ॥১৯—২১॥ মিবতাং পশ্চতাম্ ॥২২—২০॥ প্রতিবক্ষ্যামি অশ্ব পবিহাদন্যোত্তবমিতি শেবং ॥২৪॥ আত্মনি চিত্তে ॥২৫—২৮॥ পরুষশ্ব কর্কশস্ব ॥২ন। ক্রোধ কদ্ধ রাখিয়া, যুধিষ্ঠিবেব পিছনে পিছনে নির্গত হুইতে থাকিয়া, কৌববসভায় এই কথা বলিলেন—॥২৫॥

"আমি তুর্য্যোধনকে বধ কবিব, অর্জুন কর্ণকে বধ কবিবে এবং সহদেব অক্ষধূর্ত্ত শকুনিকে বধ করিবে ॥২৬॥

আর, সভামধ্যে এই গুকতৰ কথা বলিতেছি, দেবতাবাও ইহা সত্য কবিবেন যে, আমাদের অবশ্যই যুদ্ধ হইবে ॥২৭॥

সেই যুদ্ধে আমি গদাদারা এই পাপাত্মা তুর্য্যোধনকে বধ কবিব এবং পদাঘাত দ্বারা উহাব মস্তকটাকে ভূলুন্ঠিত করিব ॥২৮॥

এবং আমি সিংহেব তায়, এই বাক্যবীর ও নিষ্ঠুবপ্রকৃতি তুরাত্মা তুঃশাসনেব বক্তপান কবিব" ॥২৯॥

অর্জুন কহিলেন—"আর্য্য ভীমসেন! কেবল বাক্য দ্বারা মনস্বিগণেব (২৮)···শিবঃ পাদেন চাস্থাহমধিষ্ঠাস্থামি ভূতলে।

ভীমদেন উবাচ।

ত্র্য্যোধনস্থ কর্ণস্থ শকুনেশ্চ তুবার্ত্মনঃ।
ত্রংশাসনচ হুর্থানাং ভূমিঃ পাস্থতি শোণিতম্॥৩১॥
অর্জ্জুন উবাচ।

অসূয়িতাবং দ্রেফাবং প্রবক্তাবং বিকপ্মনম্। ভীমসেন! নিয়োগাতে হন্তাহং কর্ণমাহবে॥ ১২॥ অর্জুনঃ প্রতিজানীতে ভীমস্ত প্রিয়কাম্যয়া। কর্ণং-কর্ণানুগাংশ্চৈব বণে হন্তাম্মি পত্রিভিঃ॥৩৩॥

ভাবতকোমুদী

শন্যগ্,বিজ্ঞাযতে লোকৈ:। তেন ইতক্তত্দিশে বর্ষে যম্ভবিষ্যতি, তৎ সর্বের ক্রষ্টাবং প্রত্যক্ষমেব ক্ষয়স্তি ॥৩০॥

সঙ্কলম্মন্ ভীমসেন উবাচ—ছুর্ধ্যোধনশ্রেভি। ছুঃশাসনশ্চতুর্ধো যেবাং তেবাং ছুর্যো-ধনাদীনাম্॥০১॥

অস্থিতাবমিতি। হে ভীমদেন। তে তব নিযোগাদাদেশাদহম্, আহবে যুদ্ধে, অস্থিতাবম্ অন্দোষাবিদ্ধাবকম্, দ্রষ্টাবম্ আনন্দোনাস্থদ্য:থপ্রত্যক্ষকর্তাবম্, অস্থদনিষ্টানাং প্রবক্তাবম্, বিকখনম্ আত্মশাঘাকাবিণঞ্চ কর্ণম্, হস্তা হনিয়ামি ॥৩২॥

আৰ্ছন ইতি। ভীমশু প্ৰিষকাম্যবৈব, ন পুনৰ্গৰ্বেণ, কণাদেনিতাম্বতুচ্ছতাদিত্যাশযঃ ॥৩৩॥ ভাৰতভাৰদীপঃ

ব্যবসিতং চিকীর্ষিতম্, দ্রষ্টাবঃ দ্রক্ষ্যামঃ ॥৩০ –৩১॥ দ্রষ্টাবমুত্তেঙ্গকম্, প্রবক্তাবং কুরুদ্ধেঃ ॥৩২—৪৮॥ ইতি শ্রীমহাভাবতে সভাপর্বনি নৈলক্ষ্ঠীয়ে ভাবতভাবদীপে চতুঃসপ্ততিভমোহধ্যায়ঃ ॥৭৪॥

উদ্দেশ্য ঠিক্ বুঝা যায় না , অতএব আজ হইতে চৌদ্দবংসবেব সময়ে যাহা হইবে, তাহা সকলে প্রাত্যক্ষই দেখিতে পাইবেন" ॥০০॥

ভীমসেন বলিলেন—"আৰু হইতে চৌদ্দবৎসবেব সমযে সমবভূমি ছবাত্মা ছর্যোধন, কর্ণ, শকুনি ও তঃশাসনেব বক্ত পান কবিবে" ॥৩ ॥

অৰ্জুন কবিলেন—"আৰ্য্য ভীমসেন! কৰ্ণ আমাদেব দোষ আবিদ্ধাৰ কৰে, আনন্দেব সহিত তুঃখ দৰ্শন কৰে, অনিষ্টেৰ কথা বলে এবং গৰ্বৰ প্ৰকাশ কৰে, স্মৃতবাং আমি আপনাৰ আদেশ অনুসাৰে যুদ্ধে কৰ্ণকৈ বধ কৰিব ॥ ২॥

সভ্যগণ! ভীমসেনেব সস্তোষেব জন্ম অর্জুন এই প্রতিজ্ঞা কবিতেছে যে, আ*ছ* হইতে চৌলবংসবেব সময়ে আমি যুদ্ধে বাণ দ্বাবা কর্ণকে ও কর্ণেব অনুচবদিগকে বধ কবিব ॥৩৩॥

যে চান্সে প্রতিযোৎস্যন্তি বৃদ্ধিমোহেন মানবাঃ।
তাংশ্চ সর্বানহং বাণৈর্নেতান্সি যমসাদনম্ ॥৩৪॥
চলেদ্ধি হিমবান্ স্থানান্নিপ্রভিঃ স্থাদ্দিবাকবঃ।
শৈত্যং সোমাৎ প্রণশ্যেচ্চ মৎসত্যং বিচলেদ্যদি ॥৩৫॥
ন প্রদাস্থতি চেন্তাজ্যমিতো বর্ষে চতুর্দ্দশে।
ছুর্য্যোধনোহভিসৎকৃত্য সত্যমেতদ্ভবিশ্বতি ॥৩৬॥

বৈশস্পায়ন উবাচ।

ইত্যুক্তবতি পার্থে তু শ্রীমান্ মাদ্রবতীস্ততঃ। প্রগৃহ্য বিপুলো বাহু সহদেবঃ প্রতাপবান্ ॥৩৭॥ দৌবলস্থা বধং প্রেক্ষ্যবিদং বচনমত্রবীৎ। ক্রোধসংবক্তনযনো নিশ্বসন্নিব পদ্দগঃ॥৩৮॥ (যুগ্মকম্)

সহদেব উবাচ।

অক্ষান্ যান্ মন্তদে মূত। গান্ধাবাণাং যশোহর।।
ন তেহকা নিশিতা বাণাস্থাবৈতে সমবে বৃতাঃ॥৩৯॥

ভাবতকৌমূদী

য ইতি। প্রতিযোৎশুদ্ধি প্রতিপক্ষভাবেন মযা সার্দ্ধং যোৎশুদ্ধে ॥ ৩৪॥
চলেদিতি। শৈত্যং শীতলত্বম্, সোমাচ্চক্রাং। বিচলেৎ অন্যথা ভবেৎ ॥ ৩৫॥
নেতি। অভিসংক্বতা সর্বাধা আদৃত্য। সংকাবপূর্বাকবাদ্যাদানে তু নৈতন্তবেদিত্যাশয়: ॥ ৩৬॥
ইতীতি। পার্থে অর্চ্ছনে। প্রগৃহ্ উত্তোল্য। সৌবলশু শকুনে: ॥ ৩৭—৩৮॥

এবং অক্ত যে সকল লোক বুদ্ধিমোহবশতঃ আমাব বিপক্ষে যুদ্ধ কৰিবে, আমি বাণ দ্বাবা তাহাদেব সকলকেই যমালয়ে প্ৰেৰণ কৰিব ॥৩৪॥

আমাব এই প্রতিজ্ঞা যদি রক্ষিত না হয়, তবে হিমালয় স্থানচ্যুত হইবে, সূর্য্য প্রভাশৃষ্য হইবেন এবং চন্দ্র হইতে শৈত্যগুণ বিনষ্ট হইবে ॥ ১৪॥

আজ হইতে চৌদ্দবংসবেব সমযে সর্ব্বপ্রকাবে আদব কবিয়া ভূর্য্যোধন যদি বাজ্য দান না কবে, ভাহা হইলে এই সমস্তই সত্য হইবে"॥৩৬॥

বৈশম্পায়ন কহিলেন—অর্জুন এইকপ বলিলে, প্রতাপশালী মাজীনন্দন শ্রীমান্ সহদেব ক্রোধে আবক্তনয়ন হইষা, সর্পেব ভাষ নিশ্বাস ত্যাগ কবিতে থাকিয়া, বিশাল বাহুযুগল উদ্ভোলন করিষা, শকুনিব বধাণী হইয়া, এই কথা বলিলেন ॥৩৭—৩৮॥

⁽৩৪) - বৃদ্ধিমোহেন মাং নৃপা:। তাংক্ষ সর্বান্ শিতৈর্বাণৈ ।।

⁽৩৭) শপ্রাপৃষ্ বিপুলং বাছম । (৬৮) শনিশ্বসন্ধু বগো যথা।

যথা চৈবোক্তবান্ ভীমস্ত্বামুদ্দিশ্য সবান্ধবম্।
কর্ত্তাহং কর্মণস্তস্থ কুরু কার্য্যাণি সর্বনাঃ ॥৪০॥
হস্তান্মি তবসা যুদ্ধে ত্বাং বিক্রম্য সবান্ধবম্।
যদি স্থাস্থাস সংগ্রামে ক্ষাত্রং ধর্মমনুস্মবন্ ॥৪১॥
সহদেববচঃ শ্রুত্বা নকুলোহপি বিশাংপতে!।
দশনীযতমো নৃণামিদং বচনমত্রবীৎ ॥৪২॥
হতেবং যজ্ঞসেনস্থ দ্যুতেহন্মিন্ ধ্রতবাষ্ট্রকৈঃ।
যৈর্বাচঃ প্রাবিতা কক্ষাঃ স্থিতৈর্হু র্য্যোধনপ্রিইেঃ ॥৪০॥
তান্ ধার্ত্তবাস্ত্রান্ রুর্ত্তান্ মুমূর্ব্নু কালচোদিতান্।
গমবিদ্যামি ভূষিষ্ঠানহং বৈবস্বতক্ষয়ম্ ॥৪৪॥ (মুশ্মকম্)

ভাবতকৌমুদী

অক্ষানিতি। নিশিকা বাণাস্তংস্বরূপা:, সমরপ্রযোজকস্বাদিতি ভাব: ॥৩৯॥

যথেতি। উক্তবান্ "শকুনিঞ্চাক্ষকিতবং সহদেবো হনিশ্বতি" ইত্যানেনেতার্থ: ॥৪ •॥

হক্তেতি। তবসা বলেন। কাতং ধর্মাম্ অপলায়নাদিকম্ ॥৪১॥

সহেতি। নুণাং মধ্যে দর্শনীয়তমঃ অতীবহৃদৃষ্ঠঃ, প্রমহন্দরতাদিতি ভাবঃ ॥৪২॥

স্তেতি। সভারাং স্থিতৈঃ, ত্র্যোধনপ্রিবৈঃ, যৈ ত্বাষ্ট্রজৈঃ, অন্মিন্ দ্তে, ইযং ষজ্ঞসেনশু জ্বপদশু স্থতা, রুক্ষাঃ কর্বশা বাচঃ প্রাবিতা, তান্ তুর্বতান্, কালেন চোদিতান্ মবণার প্রেরিতান্, অতএব মুমুর্ন্, ভূষিষ্ঠান্ বছলান্ ধার্ত্ববাষ্ট্রান্, অহম, বৈবস্বতক্ষং যমাল্যম্, গ্মযিখ্যামি প্রেরিয়ামি ॥৪৩ —৪৪॥

সহদেব বলিলেন—"গান্ধাববাজকাশের যশোনাশক মূর্থ শকুনি! তুই যেগুলিকে গুটী মনে কবিতেছিস্, ওগুলি গুটী নহে; ওগুলি যুদ্ধেব জন্ম তোব হস্তগত নিশিত বাণ ॥৩৯॥

বন্ধবর্গের সহিত তোকে লক্ষ্য কবিয়া ভীমসেন যাহা বলিয়াছেন, আমি সে কার্য্য কবিব , তুই তাহাব প্রতীকাবেব সমস্ত কার্য্য কবিতে থাক্ ॥৪০॥

তুই যদি সমবে ক্ষত্রিয়েব ধর্মা স্মবণ কবিয়া অবস্থান কবিস্, তবে আমি বলপূর্বক বিক্রম প্রকাশ কবিয়া বন্ধুবর্গেব সহিত তোকে যুদ্ধে বধ কবিব"॥৪১॥

মহাবাজ। মানুষেৰ মধ্যে অত্যন্ত স্থৃদৃষ্ট্যমূৰ্ভি নকুলও সহদেবেৰ বাক্য গুনিযা এই কথা বলিলেন—॥৪২॥

"হর্য্যোধনের প্রিয় সভাস্থিত যে ধার্ত্তবাষ্ট্রেবা এই দ্যুভক্রীডাপ্রসঙ্গে জৌপদীকে কটু কথা শুনাইযাছে, ভাহাবা কালকর্তৃক মরণেব জ্ঞ্য প্রণোদিত

⁽৪০) -- ওর্বাদেশভ সর্বশ:। (৪১) - তামেবেহ স্বাদ্ধবম্ কর্পর্থের সৌবল।।

নিদেশাদ্ধর্মবাজস্ম ক্রোপত্যাং পদবীং চবন্। নির্ধার্ত্তবাষ্ট্রাং পৃথিবীং কর্ত্তাস্মি নচিবাদিব ॥৪৫॥ বৈশম্পায়ন উবাচ।

এবং তে পুৰুষব্যান্ত্ৰাঃ সৰ্বেব ব্যায়তবাহবঃ। প্ৰতিজ্ঞা বহুলাঃ কৃত্বা ধূতবাষ্ট্ৰমুপাগমন্॥৪৬॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতাষাং বৈযাদিক্যাং দভাপর্বাণ অনুদ্যুতে ধৃতবাষ্ট্রদমীপগমনে চতুঃসপ্ততিতমোহধ্যায়ঃ ॥০॥ *

---°*°---

ভাবতকৌমুদী

নিদেশাদিতি। ধর্মবাজক্ত যুধিষ্ঠিবক্ত, নিদেশাদাদেশাৎ, ক্রোপতা নির্দ্দেশাহরপামিতি শেষঃ, পদবীং পদ্থানং চবন্নহম্, নচিবাদিব অচিবাদেব, পৃথিবীং নির্ধার্ডবাট্রাং কর্তান্মি ॥৪৫॥

এবমিতি। ব্যায়তবাহবো দীর্ঘভূজাং, তে সর্ব্বে পুক্ষব্যাদ্রাঃ পাগুবাং, এবং বছলাং প্রতিজ্ঞাং কৃত্বা, ধৃতবাষ্ট্রম্, উপাগমন্ বনগমনামূমতিলাভার্থং গতবন্তঃ ॥৪৬॥ ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিদ্ধতিতাষাং মহাভাবতটীকাষাং

ভাৰতকৌমূদীসমাখ্যাযাং সভাপর্বাণি অফুদ্যুতে চতু:সপ্তভিতমোহধ্যায়: ॥•॥

--:*:---

হইয়াছে; স্থতবাং দেই মুমূৰ্ ও ছুৰ্ব ত ধাৰ্ত্তবাষ্ট্ৰগণেব মধ্যে অনেককেই আমি যমালযে প্ৰেবণ কৰিব ॥২৩ – ৪১॥

ধর্মবাজেৰ আদেশে জৌপদীকর্তৃক নির্দিষ্ট পথে চলিতে থাকিয়া, অচিবকাল-মধ্যেই আমি পৃথিবীকে ধার্ত্তবাষ্ট্রশৃন্ত কবিব" ॥২৫॥

বৈশম্পায়ন বলিলেন—দীর্ঘবাছ পুক্ষশ্রেষ্ঠ পাণ্ডবেবা সকলেই এই প্রকাব বহুতব প্রতিজ্ঞা কবিয়া ধৃতবাষ্ট্রেব নিকট গমন কবিলেন ॥৪৬॥

---:#:---

^{* &#}x27;…ষ্ট্ দপ্ততিতমঃ…', '…সপ্তসপ্ততিতমঃ…', '…একোনশততমঃ…'।

পঞ্চসপ্ততিতমোহধ্যায়ঃ।

--:#:---

যুধিষ্ঠিব উবাচ।

আমন্ত্রয়ামি ভবতাংস্তথা বৃদ্ধং পিতামহম্।
বাজানং সোমদত্তঞ্চ মহাবাজঞ্চ বাহিলকম্॥>॥
ডোণং কৃপং নৃপাংশ্চান্তানশ্বত্থামানমেব চ।
বিদ্ধবং ধৃতবাষ্ট্রঞ্চ ধার্ত্তবাষ্ট্রাংশ্চ সর্ববশঃ॥২॥
যুযুৎস্থং সঞ্জযঞ্চৈব তথৈবান্তান্ সভাসদঃ।
সর্বানামন্ত্র্য গচ্ছামি দ্রেফীন্মি পুনবেত্য বঃ॥৩॥ (বিশেষকম্)

বৈশম্পায়ন উবাচ।

ন কিঞ্চিদপি চোচুন্তে ব্রিযা সভ্যা যুধিষ্ঠিবম্। মনসৈব চ কল্যাণং দধ্যুন্তে তস্ত ধীমতঃ ॥৪॥

বিছুব উবাচ।

আৰ্য্যা পৃথা বাজপুত্ৰী নাবণ্যে বস্তুমৰ্হতি। স্থকুমাবী চ বৃদ্ধা চ নিত্যক্ষৈব স্থগোচিতা ॥৫॥

ভাৰতকোমুদী

আমন্ত্রধামীতি। আমন্ত্রধামি বনগমনাবাহুসতিদানার্থমিতি ভাবঃ। পিতাসহং ভীম্ম, সর্বশঃ সর্বান্। পুনরেত্য আগত্য, বো যুমান্, ত্রষ্টান্মি ক্রক্যামি ॥১—৩॥

নেতি। ব্রিষা দ্যুতাদিনিবাবণাসামর্থ্যনিবন্ধন্যা লচ্ছ্যাণ দুয়ুশ্চিস্তযামান্তঃ ॥৪॥
আর্ব্যেতি। বন্ধুম্ অবস্থাতুম্। স্বকুমাবী কোমলাঙ্গী ॥৫॥

যুখিষ্ঠিব বলিলেন—"ভবতবংশীয়গণ, বৃদ্ধ পিতামহ ভীন্ম, বাজা সোমদন্ত, মহাবাজ বাহ্লিক, দ্রোণ, কৃপ, অন্থাস্থ বাজা, অশ্বত্থামা, বিহুব, গুভবাষ্ট্র, গুভবাষ্ট্রের পুত্র সকল, যুযুৎস্থ, সঞ্জয় এবং অন্থাস্থ সভাগণেব নিকট আমি বনগমনের জন্ম অনুমতি প্রার্থনা কবিতেছি; সকলেব অনুমতি লইযা আমি বনে যাইতেছি; আবাব আসিয়া আপনাদিগকে দর্শন কবিব" ॥১—৩॥

বৈশস্পায়ন বলিলেন—সেই সভ্যগণ লচ্ছাবশতঃ কোন কথাই যুথিন্তিবকে বলিলেন না, কেবল মনে মনে তাঁহাব মঙ্গল চিন্তা কবিতে লাগিলেন ॥৪॥

তখন বিহুব কহিলেন—"মাননীয়া কুন্তীদেবী বাজাব তনয়া, কোমলাঙ্গী,

⁽৪) ন তে কিঞ্চিদথোচ্তং ব্লিবাসনা বৃধিষ্টিরম্ । (৫)---নাবণ্যং গস্তমর্হজি---।

ইহ বংস্থাতি কল্যাণী সংকৃতা মম বেশ্মনি । ইতি পার্থা বিজানীব্বং মঙ্গলং বোহস্ত সর্বশঃ ॥৬॥ বৈশম্পায়ন উবাচ । **

তথেত্যুক্ত্বাক্রবন্ সর্বের যথা নো বদসেহনর। । ত্বং পিতৃব্যঃ পিতৃসমো বযঞ্চ ছৎপবাষণাঃ ॥৭॥ যথাজ্ঞাপযসে বিদ্ধন্। ত্বং হি নঃ পবমো গুরুঃ। যচ্চান্যদপি কর্ত্তব্যং তদ্বিধৎস্ব মহামতে ! ॥৮॥

বিতুব উবাচ।

যুধিষ্ঠিব। বিজানীহি মমেদং ভবতর্ষভ!। নাধর্মবিজিতঃ কশ্চিদ্ব্যথতে বৈ পবাজ্বাৎ॥৯॥

ভাবতকোমুদী

ইহেতি। কল্যাণী পূথা, সংক্তা অন্মাভিঃ সন্মানিতা। হে পার্থাঃ গাওবাঃ । ॥ ৯॥ তথেতি। নঃ অন্মান্ যথা বদসে, তথৈব বযং কুর্ম ইতি শেষঃ। তত্ত্ব হেতুত্বমিত্যাদিঃ ॥ ৭॥

যথেতি। তৰিধৎৰ উপদিশেতাৰ্থ: ॥৮॥

ষ্ধীতি। ইদং মতম্। পরাজযার ব্যথতে ত্ঃথমন্তভবতি ॥>॥

ভাবতভাবদীপঃ

আমন্ত্রদামীতি ॥১—২॥ দ্রষ্টান্দি দ্রক্ষ্যামি ॥৩॥ আসন্না নদ্রা: ॥৪—৫॥ অগদমারে।
বৃদ্ধা এবং চিবকাল সুখভোগে অভ্যক্তা , সুতবাং তিনি বনে যাইয়া বাস করিতে
পাবিবেন না ॥৫॥

অভএব তিনি সসমানে থাকিয়া আমার বাড়ীভেই এখন বাস কবিবেন, পাণ্ডবগণ। তোমবা ইহা জানিয়া বাখ, তোমাদেব সর্বপ্রকাবে মঙ্গল হউক"॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—"তাহাই হউক" এই কথা বলিয়া পাগুবেবা সকলেই বলিলেন যে, "হে নিষ্পাপ বিহুব! আপনি আমাদিগকে যাহা বলিবেন, আমবা তাহাই কবিব। কাবণ, আপনি আমাদেব পিতৃত্ব্য পিতৃব্য; আৰু আমবা আপনাব আগ্রিত ॥৭॥

হে জ্ঞানী বিছব ৷ আপনি যাহা আদেশ করিবেন, আমবা ভাহাই কৰিব , কাবণ, আপনি আমাদেব পবম গুক . অভএব আমাদেব আবও যাহা কর্ত্তব্য হয়, তাহাবও উপদেশ দিন" ॥৮॥

⁽৬) - অগদং বোহস্ত সর্ববশ:।

পাণ্ডবা,উচু: । (१) তথেত্যেবাক্রবন্ দর্বে- । (२)---নাধর্মেণ ব্রিক্তঃ কন্টিৎ--- ।

ত্বং বৈ ধর্মং বিজ্ঞানীয়ে যুখাং বেক্তা ধনঞ্জয়ঃ।
হস্তাহবীণাং ভীমসেনো নকুলস্তুর্থসংগ্রহী ॥১০॥
সংযন্তা সহদেবস্তু ধোম্যো ব্রহ্মবিত্তকঃ।
ধর্মার্থকুশলা চৈব দ্রোপদী ধর্মচারিণী ॥১১॥
অন্যোন্যস্থা প্রিয়াঃ সর্বেব তথৈব প্রিযবাদিনঃ।
পবৈবভেগাঃ সম্ভফীঃ কো বো ন স্পৃহ্যেদিহ ॥১২॥
এষ বৈ ধর্মকল্যাণঃ সমাধিস্তব ভাবত!।
নৈনং শক্রবিষহতে শক্রেণাপি সমোহচ্যুত।॥১৩॥

ভাৰতকৌমুদী

খমিতি। যুধাং যুদ্ধানাম্। অর্থসংগ্রহী ধনসঞ্চযকারী ॥১০॥ সমিতি। সংঘন্তা নিয়ামকঃ সর্ব্যকাধ্যাণাং পরিচালক ইত্যর্থঃ। ব্রহ্মবিধেদজ্ঞঃ ॥১১॥ অক্টোক্তন্তেতি। অভেন্তা ভেদাযোগ্যাঃ, প্রস্পবিদ্বদ্ধজ্ঞখাদিত্যাশয়ঃ ॥১২॥

এব ইতি। হে অচ্যুত ধর্মাদশ্রষ্ট। ভাবত। এব তব সমাধিঃ ক্ষমাবাং মনোযোগঃ, ধর্মেণ কল্যাণঃ কল্যাণকরঃ। অতএব শক্তেণ ইন্দ্রেণ, সমঃ সমানোহিপি শক্তঃ, এনং সমাধিং ক্ষমারাং মনোযোগমিতি যাবং, ন বিষহতে অভিভবিতুং ন শক্তোতি ॥১৩॥

বিছব বলিলেন—"হে ভবতশ্রেষ্ঠ যুখিন্তিব! তুমি আমাব এই মত জানিয়া রাখ যে, অধর্ম দ্বাবা বিজিত কোন লোকই সে পবাজয় হইতে দুঃখ অমুভব কবে না ॥৯॥ তুমি ধর্ম জান, অর্জুন যুদ্ধ জানে, ভীম শক্রহস্তা এবং নকুল ধনসঞ্চয়ী ॥১০॥ সহদেব সমস্ক কার্য্যেব পবিচালক, ধৌম্য শ্রেষ্ঠ বেদজ্ঞ এবং ধর্মচাবিণী দ্বৌপদী ধর্ম ও অর্থ—উভয়তেই নিপুণ ॥১১॥

তা'র পব, তোমবা সকলেই প্রক্পার প্রক্পাবের প্রিয় এবং প্রিয়ভাষী ও প্রক্পাবের গুণে সন্তুষ্ট , স্কুতবাং অস্ত্রে তোমাদের মধ্যে ভেদ জন্মাইতে পাবিবে না। এহেন তোমাদিগকে কোন্ ব্যক্তি না ভালবাসিয়া পাবে ॥১২॥

⁽১০) ... যুধাং জেতা - নকুলজ্বসংগ্রহে। (১১) - ধৌম্যো ধর্মবিত্তমঃ

⁽১২) তথৈব প্রিয়দর্শনাঃ (১৩) শক্রেণাপি সমোহচ্যুতঃ। ইতঃ শ্লেকাৎ পর্যামে সাজ্জিয়ঃ শ্লোকাঃ পুত্তকান্তবে অধিকা এব, ইতঃ পূর্বাং তত্ত্বান্তশাসনাভ্যাবণাৎ। তে যথা— "হিমবতান্তশিষ্টোহসি মেরুসাবর্ণিনা পুবা। দ্বৈপায়নেন ক্বফেন নগরে বাবণাবতে ॥১॥ ভ্রত্তুকে চ রামেণ দূষদ্বত্যাঞ্চ শস্তুনা। অশ্রেণীরসিভক্তাপি সহর্ষেরঞ্জনং প্রতি ॥২॥ কল্মানীতীবসংস্বস্ত গতত্ত্বং শিক্সতাং ভ্রেগাঃ। এটা সদা নারদন্তে ধৌম্যান্তেহয়ং প্রেগাহিতঃ। মা হাসীঃ সাম্পবাধে স্বং বৃদ্ধিং তাম্বিপ্রফিতান্ ॥০॥"

^{76 (¢)}

পুকববদমৈলং ত্বং বুদ্ধ্যা জয়সি পাগুব!।
শক্ত্যা জয়সি বাজ্ঞোহন্যানৃষীন্ ধর্ম্মোপদেবয়া ॥>৪॥
ঐন্দ্রে জয়ে ধৃতমনা যাম্যে কোপবিধাবণে।
তথা বিসর্গে কোবেবে বারুণে চৈব সংয়মে ॥>৫॥
সোমাদাহলাদকত্বং ত্বমদ্ভাশেচবোপজীবনম্।
ভূমেঃ ক্ষমাঞ্চ তেজশ্চ সমগ্রং সূর্য্যমগুলাৎ।
বাযোবলাঞ্চাপ্রুহি ত্বং ভূতেভ্যশ্চাত্মসম্পদঃ ॥>৬॥

ভাবতকোমূদী

পুরববসমিতি। এলম্ ইলাপুত্রম্। শক্ত্যা বলেন ॥১৪॥

ঐন্ত ইতি। ঐদ্রে ইন্দ্রসম্বন্ধিনি জযে, যাম্যে যমসম্বন্ধিনি, কোপশু বিধাবণে সংবরণে, কোবেবে বিসর্গে দানে, বারুণে সংযমে চ, গ্রতমনা লাভাষ রুতসম্বন্ধো ভব ॥১৫॥

সোমাদিতি। সোমাচন্দ্রাদক্ষম, অস্ত্যো জলাৎ উপজীবনং লোকজীবনহেতুত্বম্, ভূমে: ক্ষমাঞ্চ, স্ব্যমগুলাৎ সমগ্রং তেজক, বাযোবলঞ্চ, ভূতেভ্যঃ পৃথিব্যাদিভ্যক্ত আত্মনঃ সম্পদঃ থৈব্যাদি-গুণগ্রামান্, ত্বমাপ্ন, হি লভস্ব। বট্পাদোহযং শ্লোকঃ ॥১৬।

ভাবতভাবদীপঃ

গ্যম্ ॥৬—৮॥ মম মতমিতি শেবং ॥२—১২। সমাধির্যনংখান্থ্যকবে। নিষমং ॥১৩—১৪॥ (পাঠান্তরে)
মা হাসীর্মা ত্যজ, সাম্পবায়ে পবলোকবিষয়ে ॥১॥ বিধাবণে নিষমনে। বিসর্গে দানে, সংখ্যে
বশীকবণে। পূর্বক্ষোকাৎ ধৃতমনা ইত্যক্তর্য যোজ্যম্ ॥১৫॥ আত্মপ্রদানং সর্বহিতার্থং শবীবাদের্ব্যাপারণম্। উপজীবনং জীবনহেতৃত্য্। একে ইতি লোকপালগুণান্ পঞ্চত্তগুণাংশ্চ সর্ববসম্পত্তিহেতৃন্ জ্যাদীন্ প্রাপ্ন হীত্যর্থ: ॥১৬—২০॥

ইতি শ্রীমহাভাবতে সভাপর্কণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে পঞ্চমগুতিতমোহধ্যাব: ॥৭৫॥

্ হে ধার্ম্মিক ভবতনন্দন। তোমাব এই ক্ষমাশীলতা ধর্ম্মেব গুণে সর্বব্রই মঙ্গল জন্মাইবে এবং ইন্দ্রতুল্য শক্রও তোমাব এই ক্ষমাগুণকে পবাভূত কবিতে পাবে না॥১৩॥ `

যুধিষ্ঠিব! তুমি বৃদ্ধি দ্বাবা ইলাপুত্র পুক্রবাকে, শক্তি দ্বাবা অপব বাঙ্গাদিগকে এবং ধর্মাচবণ দ্বাবা অধিগণকে জয় কবিয়াছ ॥১৪॥

এখন ইন্দ্রের তুল্য জয়, যমেব তুল্য ক্রোধসংববণ, কুবেবেব তুল্য দান এবং বকণেব তুল্য সংযম লাভ কবিবাব জন্ম চেষ্টা কর॥১৫॥

তুমি চন্দ্র হইতে আহলাদকাবিতা, জল হইতে জীবনদাতৃতা, পৃথিবী হইতে

⁽১৬) আত্মপ্রদাদং সৌম্যত্বম্ অস্ত্রান্টেবাছ্টীবনম্। ···বাম্বোর্বলং বিদ্ধি সন্থং ভূতেভ্যশ্চাত্মসম্পদম্।

অগদং বোহস্ত ভদ্রং বো দ্রক্ষ্যামঃ পুনবাগতান্।
আপদ্ধর্মার্থক্চেরু সর্ববিকার্য্যের বা পুনঃ ॥১৭॥
যথাবৎ প্রতিপঢ়েখাঃ কালে কালে যুধিষ্ঠিব!।
আপৃষ্টোহদীহ কোন্তেয়। স্বস্তি প্রাপ্তাহি ভাবত!॥১৮॥ (যুগ্মকম্)
কৃতার্থং স্বস্তিমন্তং ছাং দ্রক্ষ্যামঃ পুনবাগতম্।
নহি বো বৃজিনং কিঞ্চিছেদ কশ্চিৎ পুবা কৃতম্॥১৯॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তস্তথেত্যুক্ত্বা পাশুবঃ সত্যবিক্রমঃ।
ভীম্মদ্রোণো নমস্কৃত্য প্রাতিষ্ঠত যুধিষ্ঠিবঃ॥২০॥
ইতি শ্রীমহাভাবতে শতদাহস্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং সভাপর্বানি

ভাবতকৌমুদী

অনুদূতে যুধিষ্ঠিববনপ্রস্থানে পঞ্চসপ্ততিতমোহধ্যাযঃ॥।॥ #

অগদমিতি। বো বৃমাকম্, গদশ্য বোগশ্যাভাবঃ অগদং ভদ্রং মঙ্গলঞ্চান্ত। পুনবাগতান্ বো বৃমান্ অক্ষ্যামঃ। হে যুখিষ্ঠিব। কালে কালে সর্বসমযে, আপচ্চ ধর্মার্থযোঃ কুচ্ছাণি চ তেষ্, পুনবা সর্বকার্য্যেষ্, যথাবদ্যথোচিতম্, প্রতিপত্যেথাঃ কুর্যাঃ। হে ভাবত কৌন্তেষ। ইহ যাত্রাকালে আপৃষ্টঃ অস্মাভিঃ সম্ভাবিতোহসি, স্বস্তি মঙ্গলং প্রাপুহি ॥১৭—১৮॥

ক্বতেতি। ক্বতার্থং ক্বতকার্য্যম্, স্বস্তিমন্তং কুশলিনক পুনবাগতং ত্বাং বযং দ্রন্যামঃ। ক্বতার্থতা স্বস্তিমন্তা চ কথং ভবেদিত্যাহ—নহীতি। কন্চিদপি জনঃ, পুবা পূর্বং ক্বতম্, বো মুমাকম্, কিঞ্চিদপি বৃদ্ধিনং পাপম্, নহি বেদ জানাতি। অতএব ক্বতার্থতা স্বস্তিমন্তা চ ভবেদেবেতি ভাবঃ॥১৯॥

ক্ষমা, সূর্য্য হইতে সমগ্র তেজ, বাযু হইতে বল এবং সমস্ত ভূত হইতে সর্বপ্রকাব গুণ লাভ কব ॥১৬॥

ভোমাদেৰ যেন কোন বোগ হয় না, সর্ব্বদাই যেন মঙ্গল হয়, সেইভাবে আসিলে পুনবায় ভোমাদিগকে দর্শন কবিব। যুখিষ্টিব! সময়ে সময়ে বিপদ ও ধর্মেব বা অর্থেব ক'ষ্ট উপস্থিত হইলে, কিংবা সমস্ত কার্য্যেই বিবেচনা কবিয়া উপযুক্ত আচবণ কবিও; কুস্তীনন্দন। যাত্রাকালেব উপযুক্ত আলাপ কবিলাম, এখন সর্ব্বত্রই মঙ্গল লাভ কব॥১৭—১৮॥

তুমি কৃতকার্য্য হইয়া কুশলে আগমন কবিলে পব, পুনবাষ তোমাকে দেখিব। তোমবা পূর্বেব কোন পাপ কবিযাছ বলিয়া কেহ জানে না"॥ ৯॥

বৈশম্পায়ন বলিলেন — বিছুৰ এইকাপ বলিলে, সত্যবিক্রম যুধিষ্টিব বলিলেন—

⁽১৭) দ্রষ্টান্মি পুনবাগতান্। * শপ্তদগুতিতম: ... ' --- আইদগুতিতম: ... ' --- শততম: ...।'

ষট্দপ্ততিতমোহধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

ততঃ সম্প্রস্থিতা কৃষণ পৃথাং প্রাপ্য যশস্থিনীম্।
আপৃচ্ছদ্ভূশতঃখার্তা যাশ্চান্যান্তত্র যোষিতঃ ॥১॥
যথার্হং বন্দনাশ্লেষান্ কৃত্বা গন্তমিষেষ সা।
ততো নিনাদঃ প্রমহান্ পাগুবান্তঃপুবেহভবৎ ॥২॥
কৃন্তী চ ভূশসন্তপ্তা কৃষ্ণাং যান্তীং সমীক্ষ্য হ।
শোকবিহ্বলযা বাচা কৃচ্ছুান্বচনমত্রবীৎ ॥৩॥
বৎদে। শোকোন তে কার্য্যঃ প্রাপ্যেদং ব্যসনং মহৎ।
দ্রীধর্মাণামভিজ্ঞাসি শীলাচাববতী তথা ॥৪॥

ভাবতকোমুদী

এবমিতি। যুখিষ্টির ইত্যুপলক্ষণম্, ভীমাদবোহপি প্রাতিষ্ঠন্ত ॥২০॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভারতকৌম্দীসমাখ্যাযাং সভাপর্কণি অস্কৃত্যতে পঞ্চমগুডিতমোহধ্যায়ঃ ॥০॥

তত ইতি। ক্বকা ক্রোপদী, পৃথাং ক্তীম্। আপৃচ্ছৎ বনগমনমিতি শেষঃ ॥১॥
যথেতি। যথাহং যথাযোগ্যম্, জ্যেষ্ঠাভ্যো বন্দনানি সমাকনিষ্ঠাভ্যশ্চাশ্লেষান্তান্
ক্তীতি। বাচা বাঙ্নিঃসরণমার্গেণ কর্পেনেতি বচনমিত্যনেন ন পৌনক্ষন্ত্যম্ ॥৩॥
বৎস ইতি। ব্যসনং বিপদম্। স্ত্রীধর্মাণাং পাতিব্রাত্যাদীনাম্॥৪॥

"তাহাই হইবে।" তাহাব পব, তাঁহাব। ভীষ্ম ও জোণকে নমস্কাব কবিষা প্রস্থান কবিলেন॥২০॥

`---:#: --

বৈশম্পায়ন বলিলেন - তাহাব পব, জৌপদী যাত্রা কবিবাব সময়ে কুন্তীব নিকটে এবং সেখানে অস্ত্র যে সকল স্ত্রীলোক ছিলেন, তাঁহাদেব নিকটে যাইয়া অভ্যন্ত ছংখিত হইয়া বনগমনেব অনুমতি জিজ্ঞাসা কবিলেন ॥১॥

এবং তিনি যথাযোগ্য নমস্কাব ও আলিঙ্গন কবিয়া গমন কবিবাব ইচ্ছা কবিলেন। তখন পাশুবগণেৰ অন্তঃপুৰে বিশাল আৰ্দ্তনাদ হইতে লাগিল ॥২॥

কুন্তী দ্রৌপদীকে গমন কবিতে দেখিয়া, অত্যন্ত ছংখিত হইয়া, শোকাকুলকণ্ঠে অতিকষ্টে এই সকল কথা বলিতে লাগিলেন—॥১॥

"বংসে। তুমি এই গুকতব বিপদে পডিয়া শোক কবিও না। তুমি দ্রীলোকেব সমস্ত ধর্মাই জ্ঞান এবং সংস্বভাবশালিনী ও সদাচাবসম্পন্না ॥৪॥

⁽১) তন্মিন্ সম্প্রস্থিতে ক্বফা --- অপৃচ্ছদ্ভূশত্ব:থার্ডা ---। (৩) - দ্রোপদীং প্রেক্ষ্য গচ্ছতীম্ - ।

ন-তাং সন্দেষ্ট্য মহামি ভন্ত ন্ প্রতি শুচিত্মিতে। ।
সবৈগু পসমাধানৈভূ ষিতং তে কুলদ্বযম্ ॥৫॥
সভাগ্যাঃ কুরবশ্চেমে যে ন দগ্ধাস্ত্রয়াহনতে। ।
ভারিষ্টং ব্রজ পন্থানং মদমুধ্যানরংহিতা ॥৬॥
ভারিন্যর্থে হি দৎস্ত্রীণাং বৈক্রব্যং নোপপগুতে।
গুরুধর্মাভিগুপ্তা চ শ্রেয়ঃ ক্ষিপ্রমবাক্স্যাস ॥৭॥
সহদেবশ্চ মে পুত্রঃ সদাহবেক্যো বনে বসন্।
যথেদং ব্যসনং প্রাপ্য নাযং সীদেমহামতিঃ ॥৮॥

ভাবতকোমূদী

নেতি। ভর্ত্ব, প্রতি ভর্ত্যু বিষষেষু। গুণানাং সমাধানৈগ্র হণৈ:। তে ত্বা ॥৫॥
সেতি। সভাগ্যা ভাগ্যবস্তঃ। যে কৃববঃ। অবিষ্ঠং নির্বিদ্বম্। সদস্ধ্যানেন সংকর্ত্বশুভচিম্বযা
স্থাহিতা মাঙ্গল্যে বৃদ্ধিতা ॥৬॥

ভাবিনীতি। বৈক্লব্যং বিহবলতা, নোপপছতে ন যুক্সতে। গুরুণা মহতা ধর্মেণাভিগুপ্তা রক্ষিতা ॥৭॥

সহদেবে বাৎসল্যাতিশযাদাহ—সহেতি। ব্যসনং বিপদ্য । সীদেদবসন্ধো ভবেৎ ॥৮॥
ভাবতভাবদীপঃ

তশিদ্ধিতি ॥১—৫॥ অবিষ্টং নির্বিদ্ধম্, সদম্ধ্যানক্ষহিতা স্ত্রীগুণেন পাতিব্রত্যেন যুক্তাঽপি মাভ্রণেন বাৎসদ্যেনাপি বর্দ্ধিতা। ভর্তৃষ্ ভক্তিপ্রেহ্বতী ভবেতি ভাব:॥৬—৮॥

মৃত্থাসিনি। তোমাব ভর্তাদেব বিষয়ে তোমাব কি কবিতে হইবে, তাহা আমাব বলিয়া দিবাব কোন প্রযোজনই নাই। কাবণ, তুমি সমস্ত গুণ ছাবা পিতৃ-মাতৃ—উভয় কুলই অলঙ্কত কবিয়াছ॥।॥

হে নিষ্পাপে। এই কৌববেবা ভাগ্যবান্, যাহাদিগকে তুমি দৃষ্টি দ্বাবা দগ্ধ কব নাই। সে যাহা হউক, আমাব মঙ্গলচিন্তায বক্ষিত হইযা তুমি নির্বিল্লে.পথে গমন কব ॥৬॥

অবশ্রস্তাবী বিষয়ে সভী স্ত্রীদেব বিহবলতা সঙ্গত নহে। তুমি, অসাধাবণধর্ম-কর্ত্তৃক বক্ষিত থাকিয়া শীঘ্রই মঙ্গল লাভ কবিবে ॥৭॥

বনবাসের সময় আমার পুত্র সহদেবকে তুমি সর্ব্বদা পর্য্যবেক্ষণ কবিও , যাহাতে এই মহামতি সহদেব এই বিপদে পডিয়া অবসন্ন হইয়া না পড়ে" ॥৮॥

⁽৫) সাধ্বীগুণসমাপন্ন। (৭)--- বৈকৃতং নোপদাযতে। শুকধর্মাভিসংযুক্রা ।

⁽৮) সহদেবশ্চ তে পুত্তি। নাস্থ দীদেয়নো মহৎ।

তথেত্যুক্ত্বা তু সা দেবী স্রবন্ধেত্রজ্ঞলাবিলা।
শোণিতাকৈকবসনা মুক্তকেশী বিনির্যযৌ ॥৯॥
তাং ক্রোশন্ডীং পৃথা তুঃখাদ্গচ্ছন্তীমনুগচ্ছতি।
অথাপশ্যৎ স্থতান্ সর্বান্ হুতাভবণবাসসঃ ॥>০॥
রুরুচর্মার্ততন্ন্ ব্রিষা কিঞ্চিদবাদ্ম্থান্।

পবিঃ পবীতান্ সংহুটিঃ স্বছদ্ভিশ্চানুশোচিতান্ ॥>>॥ (যুগ্মকম্)
তদবস্থান্ স্থতান্ সর্বানুপস্ত্যাতিবৎসলা।
স্বজ্ঞমানাহ্বদচ্ছোকাদ্বিলপন্তী মুহুর্মুহুঃ ॥>২॥

ভাৰতকোমুদী

তথেতি। প্রবতা পততা নেত্রঙ্গলেন আবিলা অক্ষচ্ছকপোলা, শোণিতেন বজ্ঞসা অক্তং প্রক্রিক্তম্ একমেব বসনং যক্তাঃ সা, মৃক্তকেশী চ, সা প্রোপদী দেবী, তথেত্যুক্ত্বা বিনির্থমো ॥১॥

তামিতি। ক্রোশস্তীং সম্ববং কদতীম্। অহুগচ্ছতি স্থ। অথ অনস্তবম্, রুদ্ধণাং কৃষ্ণমুগাণাং চর্মভিবাবৃতান্তনবো দেহা যেধাং তান্। হ্রিষা লব্জ্বা। সংহ্রটিঃ পবৈঃ শক্রভিঃ পবীতান্ বেষ্টিতান্॥১০—১১॥

তদিতি। অতিবংসলা কৃষ্টী, স্বদ্দমানা প্রত্যেক্মালিক্ষ্টী ॥১২॥

পবিধানে একখানি মাত্র বসন ছিল, তাহাও বক্তাক্ত ছিল এবং চুলগুলি খোলা ছিল; এই অবস্থায় দ্রৌপদী "তাহাই হইবে" এই কথা বলিয়া নির্গত হইলেন; তখন নয়নজ্ঞল পতিত হইতে থাকিয়া তাহাব গণ্ডযুগলকে প্লাবিত কবিতে লাগিল ॥৯॥

এইভাবে দ্রোপদী উচ্চস্ববে বোদন কবিতে কবিতে গমন কবিতে লাগিলেন :
কুন্তীও তাঁহাব পিছনে পিছনে যাইতে থাকিলেন , তাহাব পব কুন্তী পুত্রগণকে
দেখিতে পাইলেন, তখন তাঁহাদেব বস্ত্র ও অলঙ্কাব হবণ কবিষা নিয়াছিল, সমস্ত অঙ্গ
মুগচর্শ্বে আবৃত ছিল, তাহাবা লজ্জায় একটু অবনত বদন হইষা যাইতেছিলেন ,
শক্রবা আনন্দিত হইষা তাঁহাদিগকে পবিবেষ্টন কবিষা যাইতেছিল এবং বন্ধুবা শোক
কবিতেছিল ॥১০—১১॥

অত্যন্ত বাৎসল্যশালিনী কৃষ্টী সেই অবস্থায় পুত্রগণেব নিকট ষাইযা প্রত্যেককে আলিঙ্গন কবিতে থাকিয়া, শোকবশতঃ বাব বাব বিলাপ কবিয়া বলিলেন ॥১২॥

⁽১০) অনুব্ৰাজ গচ্ছতীম ... (১২) ... তত্তবিলপতী বছ।

কুন্ত্যবাচ।

কথং সদ্ধর্মচাবিত্তান্ রন্তস্থিতিবিভূষিতান্।
অক্ষুদ্রান্ দৃতভক্তাংশ্চ দৈবতেজ্যাপবান্ সদা ॥>০॥
ব্যসনং বঃ সমভ্যাগাৎ কোহযং বিধিবিপর্য্যয়ঃ।
কস্থাপধ্যানজক্ষেদমাগঃ পশ্যামি বো ধিষা ॥>৪॥ (যুগ্মকম্)
স্থান্ত্র মন্তাগ্যদোষোহয়ং যাহং যুদ্মানজীজনম্।
হঃখাযাসভুজোহত্যর্থং যুক্তানপু্যন্তমৈন্ত গৈঃ ॥>৫॥
কথং ব্ৎস্থথ হুর্গেষ্ব বনেষ্টিং বিনা ক্বতাঃ।
বীর্য্যসত্ত্বলোৎসাহতেজোভিবক্বশাঃ ক্বশাঃ ॥>৬॥

ভাবতকোমূদী

